

# সবজি ফসল

- টমেটো
- বেগুন
- বিটি বেগুন
- মূলা
- শিম
- মটরগুঁটি
- ফুলকপি
- বাঁধাকপি
- শাক
- টেড়স
- লাউ
- মিষ্টি কুমড়া
- লেটুস
- বরবটি
- করলা
- পটল
- পুইশাক
- ডাঁটা
- মিষ্টি মরিচ

বাংলাদেশে বহু ধরনের সবজি চাষ হয়। সবজির মধ্যে বেগুন, টমেটো, ফুলকপি, বাঁধাকপি, শিম, বরবটি, মূলা, লাউ, পটল, কচু, মিষ্টিকুমড়া, চালকুমড়া, করলা, চিচিঙা, ঝিঙা, শসা, টেড়স, লালশাক, ডাঁটা, পুইশাক ইত্যাদি উল্লেখযোগ্য। বিগত বছরগুলোতে সবজি চাষের জমি ও উৎপাদন উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে সবজির আওতায় মোট জমির পরিমাণ প্রায় ৭ লক্ষ হেক্টর এবং উৎপাদন প্রায় ১০৮ লক্ষ মেট্রিক টন। রবি বা শীত মৌসুম অধিকাংশ সবজি চাষের অনুকূল হওয়ায় মোট উৎপাদনের প্রায় ৭০% সবজি এ মৌসুমে হয়। বাংলাদেশে হেক্টরপ্রতি সবজির ফলন উল্লয়নশীল দেশসমূহের চেয়ে অনেক কম।



বাংলাদেশ কৃষি গবেষণা ইনসিটিউট এ পর্যন্ত মোট ২৮টি সবজির ৮৮টি উন্নত জাত (ভক্ত/হাইব্রিড), প্রধান বিভিন্ন জাতের সবজি প্রধান সবজির উন্নত উৎপাদন প্রযুক্তি, গ্রীষ্ম মৌসুমে সবজির আবাদ এবং বীজ উৎপাদনের প্রযুক্তি উন্নত করেছে। এছাড়া সম্প্রতি জিন কৌশল প্রয়োগের মাধ্যমে বিটি বেগুন নামে ডগা

ও ফলছিদ্বিকারী পোকা প্রতিরোধী কয়েকটি জাত উন্নত করেছে।

উন্নত জাতের অভাব, রোগ ও পোকার আক্রমণ, প্রতিকূল আবহাওয়া ঘেরন- অতিবৃষ্টি, ঝরা, বন্যা ইত্যাদি সবজি চাষের প্রধান অন্তরায়। বর্তমানে উৎপাদিত সবজি দেশের মোট চাষিদার ৮০% সরবরাহ করতে পারে। তাই উন্নত জাত ও উৎপাদন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির কোন বিকল্প নাই। বাংলাদেশ কৃষি গবেষণা ইনসিটিউট কর্তৃক উন্নত সবজির জাত ও প্রযুক্তি এ লক্ষ্য অর্জনে বিরাট ভূমিকা রাখবে। বিদেশে সবজি রঞ্জনির সুযোগ থাকায় সবজির চাষিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

## টমেটো

টমেটো ভিটামিন ও খনিজ লবণ  
সমৃদ্ধ একটি শীতকালীন  
সবজি। এতে অচুর ভিটামিন  
'এ' এবং ভিটামিন 'সি'  
রয়েছে। এছাড়াও অন্যান্য  
ভিটামিন ও খনিজ লবণ আছে  
যেগুলো আমাদের বাস্তু গঠনে  
অত্যন্ত প্রয়োজনীয়।

ভিটামিন 'এ' এর অভাবে প্রতি  
বছর বাংলাদেশে প্রায় ৩০  
হাজার শিশু রাতকানা রোগে  
আক্রান্ত হয়ে থাকে। এসব  
বিবেচনায় পুষ্টির দিক থেকে  
টমেটোর গুরুত্ব অনেক।



টমেটো ফসল



শীতকালীন টমেটো


## টমেটোর জাত

### বারি টমেটো-১ (মানিক)

উচ্চ ফলনশীল জাত 'বারি টমেটো-১' বাছাই প্রক্রিয়ার মাধ্যমে ১৯৮৫ সালে স্থানীয় আবহাওয়ার উপযোগী করে উত্তোলন করা হয়। গাছের উচ্চতা ১০০-১১০ সেমি, ফল কিছুটা লম্বাটে। ফলের ওজন ৮৫-৯৫ গ্রাম। প্রতিটি গাছে ২৫-৩০টি ফল ধরে। পাঞ্চপ্রতি ফলেন ২.৫-৩.০ কেজি।

চারা লাগানোর ৭৫-৮০ দিনের মধ্যে ফল পার্কতে উরু করে এবং গাছ থেকে মাসাধিককাল ফল সংগ্রহ করা যায়। এ জাতে ব্যাটেরিয়াজনিত চলে পড়া রোগ প্রতিরোধের ক্ষমতা রয়েছে।

জীবন কাল ১০৫-১১০ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেঁকেরপ্রতি ফলেন ৮৫-৯০ টন হয়। বাংলাদেশের সব অঞ্চলে 'বারি টমেটো-১' জাতের চাষ করা যায়।



বারি টমেটো-১ এর ফসল

### বারি টমেটো-২ (রতন)

'বারি টমেটো-২' জাতটি বাছাই প্রক্রিয়ার মাধ্যমে উৎপাদন করা হয় এবং ১৯৮৫ সালে 'রতন' নামে অনুমোদন পায়। গাছের উচ্চতা ৭৫-৮০ সেমি। ফল গোলাকার। ফলের ওজন ৮৫-৯০ গ্রাম। প্রতিটি গাছে ৩০-৩৫টি ফল ধরে। গাছপ্রতি ফলন ২.০-২.৫ কেজি।

চারা লাগানোর ৭৫-৮০ দিনের মধ্যে ১ম বার এবং প্রায় ২০৬২৫ দিন পর্যন্ত ৪-৫ বার ফল সংগ্রহ করা যায়। এ জাতের ব্যাটেরিয়াজনিত তলে পড়া রোগ প্রতিরোধের ক্ষমতা রয়েছে।

জীবন কাল ১০৫-১১০ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে ফলন হেষ্টেরপ্রতি ৮০-৮৫ টন হয়। 'বারি টমেটো-২' জাত বাংলাদেশের সব এলাকায় চাষ করা যায়।



বারি টমেটো-২ এর ফসল

### বারি টমেটো-৩

‘বারি টমেটো-৩’ নামে উভাবিত জাতটি ১৯৯৬ সালে অনুমোদন করা হয়। গাছের উচ্চতা ১০০-১১০ সেমি। ফল মাংসল এবং কিছুটা চেপ্টা আকৃতির। ফলের রং গাঢ় লাল। প্রতি ফলের ওজন ৮০-৯০ গ্রাম। প্রতিটি গাছে ৩০-৩২টি ফল ধরে। গাছপ্রতি ফলসম ২-৩ কেজি। চারা লাগানোর ৮৫-৯০ দিনের মধ্যে ফল পাকতে শুরু করে।

প্রতি গাছ থেকে ৭-৮ বার ফল সংগ্রহ করা যায়। এ জাতের গাছ ব্যাটেরিয়াজনিত চলে পড়া রোগ প্রতিরোধী। চারা রোপণের পর থেকে জীবন কাল ১১০-১১৫ দিন। উন্নত পক্ষভিত্তে চাষ করলে ফলসম হেষ্টেরপ্রতি ৮৫-৯০ টন হয়। বাংলাদেশের সব অঞ্চলে এই জাতটি চাষ করা যায়।




বারি টমেটো-৩ এর ফসল

## বারি টমেটো-৪

এ জাতটি ১৯৯৬ সালে অনুমোদন করা হয়। ফলের রং লাল এবং গোলাকার। প্রতিটি ফলের ওজন ৩৫-৪০ গ্রাম। প্রতিটি গাছে ২০-২৫টি ফল ধরে। গাছপ্রতি ফলন প্রায় ৯০০-১০০০ গ্রাম।

চারা লাগানোর ৬০-৬৫ দিনের মধ্যে ফল সম্পূর্ণ শুক্র করা যায়। চারা লাগানোর পর থেকে জীবন কাল ৯০-৯৫ দিন। 'বারি টমেটো-৪' জাতটি উচ্চ তাপ সহনশীল এবং সারা বছরই এর চাষ করা যায়। গ্রীষ্ম ও বর্ষা মৌসুমে পলিথিন ছাউনিতে চাষ করতে হয় এবং টমেটোটোন নামক হরমোন প্রয়োগে ফলন বৃক্ষি পায়। উন্নত পক্ষিতে চাষ করলে বর্ষা মৌসুমে ফলন হেষ্টেরপ্রতি ২০-২২ টন হয়।

আগাম সবজি হিসেবে ভাদ্র-আশ্বিন (মধ্য-আগস্ট থেকে মধ্য-সেপ্টেম্বর) মাসে 'বারি টমেটো-৪' জাত চাষ করা যায়। এ জাত চাষ করে বর্ষা মৌসুমে আর্থিক দিক থেকে অধিক লাভবান হওয়া যায়।



বারি টমেটো-৪ এর ফসল

## বারি টমেটো-৫

বাছাই প্রজিক্টার মাধ্যমে উভাবিত 'বারি টমেটো-৫' জাতটি ১৯৯৬ সালে চাষাবাদের জন্য অনুমোদন করা হয়।

'বারি টমেটো-৫' এর ফল হৃদপিঞ্জাকৃতির। প্রতি ফলের ওজন ৪০-৫০ গ্রাম। প্রতিটি গাছে ২০-২২টি ফল ধরে। গাছপ্রতি ফলন ৮০০-১০০০ গ্রাম। চারা লাগানোর ৬০-৬৫ দিনের মধ্যে ১ম ফল সংগ্রহ শুরু হয়। টমেটোটোন নামক হরমোন প্রয়োগের ফলে গ্রীষ্ম মৌসুমে ফলন বাঢ়ে। জাতটি উচ্চ তাপ এবং ব্যাটেরিয়াজনিত চলে পড়া রোগ সহনশীল।

শীত মৌসুমে আগাম চাষ করা যায়। জীবন কাল ৯৫-১০০ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে ফলন গ্রীষ্মকালে হেক্টরপ্রতি ২০-২২ টন হয়। গ্রীষ্ম ও বর্ষা মৌসুমে পলিথিনের ছাউনিতে চাষ করতে হয় এবং বর্ষা মৌসুমে মূল্য বেশি থাকে বলে এ জাতের টমেটো চাষ করে অধিক লাভবান হওয়া যায়।



বারি টমেটো-৫ এর ফসল

## বারি টমেটো-৬ (চৈতী)

বাছাই প্রতিলিয়ায় উভাবিত ‘বারি টমেটো-৬’ জাতটি ১৯৯৮ সালে ‘চৈতী’ নামে অনুমোদন করা হয়।

টমেটোর এ জাত উচ্চ ফলমশীল এবং উচ্চ তাপ সহ্য করতে পারে। গাছ সম্মত আকৃতির, উচ্চতা ১২০-১৪০ সেমি। ফুল ও ফল ধারণকালেও গাছের বৃক্ষ অব্যাহত থাকে।

ফল গোলাকার এবং রং হালকা লাল। ফলের তুকের উপরে আধিক শিরা বিদ্যমান। প্রতিটি ফলের ওজন ৮০-৯০ গ্রাম। প্রত্যেক গাছে ৩০-৪০টি ফল ধরে।



বারি টমেটো-৬

চারা লাগানোর ৮০-৯০ দিনের মধ্যে ফল পাকতে শুরু করে। এ জাতের টমেটো জমি থেকে মাসাধিককাল ধরে সংগ্রহ করা যায়। জাতটি ব্যাটেরিয়াজনিত তলে পড়া রোগ সহনশীল। জীবন কাল ১০০-১১০ দিন। উন্নত পক্ষতিতে চাষ করলে হেক্টরপ্রতি ফলন শীত মৌসুমে ৮০-৯০ টন এবং গ্রীষ্ম মৌসুমে ৪৫-৫০ টন হয়। বর্ষা মৌসুমে পলিথিন ছাউনিতে চাষ করতে হয়। গ্রীষ্ম ও বর্ষাকালে আশানুরূপ ফল ধারণের জন্য টমেটোটোন নামক হরমোন প্রতি লিটার পানিতে ২০ মিলি মিশিয়ে ফুলে স্প্রে করতে হয়। এভাবে সারা বছর এ জাতের টমেটো চাষ করা যেতে পারে।



বারি টমেটো-৬ জাতের গাছ

## বারি টমেটো-৭ (অপূর্ব)


বাহাই প্রতিক্রিয়া উভাবিত 'বারি টমেটো-৭' জাতটি ১৯৯৮ সালে অপূর্ব নামে অনুমোদন করা হয়।

ফলের উপরে বৌঁটার গোড়ায় তারকার মত চিহ্ন থাকে। ফলের রং গাঢ় হলদে থেকে কমলা। ফল সামান্য চেপ্টা। প্রতিটি ফলের ওজন ১৪৫-১৫৫ গ্রাম। প্রতি গাছে ৩০-৩২টি ফল ধরে। গাছপ্রতি ফলন ৩.০-৩.৫ কেজি।

চারা লাগানোর ৮০-৮৫ দিনের মধ্যে ফল পাকতে শুরু করে। এক মৌসুমে ৬-৭ বার ফল সংগ্রহ করা যায়। 'বারি টমেটো-৭' বিটা ক্যারোটিন সমৃদ্ধ। ১০০ গ্রাম টমেটোতে প্রায় ৭ মিলিগ্রাম ক্যারোটিন থাকে। জাতটি ব্যাটেরিয়াজনিত চলে পড়া রোগ সহনশীল। জীবন কাল ১০০-১১০ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেষ্টরপ্রতি ফলন ১০০-১০৫ টন হয়। বাংলাদেশের সব অঞ্চলে এ জাতটি শীত মৌসুমে চাষ করা যায়। পারিবারিক বাগানে চাষের জন্য এ জাত বিশেষ উপযোগী।



বারি টমেটো-৭



বারি টমেটো-৭ জাতের গাছ

### বাবি টমেটো-৮ (শিলা)

বাছাই প্রক্রিয়ায় উভাবিত ‘বাবি টমেটো-৮’ জাতটি ১৯৯৮ সালে ‘শিলা’ নামে অনুমোদন করা হয়। জাতটি উচ্চ ফলনশীল এবং গাছ খাটো আকৃতির।

ফল বর্গাকৃতি থেকে গোলাকার। ফলের রং হালকা লাল। ফল মাসেল এবং ফলের তৃক অত্যন্ত পুরু ও শক্ত। প্রতিটি গাছে ২৫-৩০টি ফল ধরে। ফলের ওজন ১০০-১১৫ গ্রাম।

গাছপ্রস্তুতি ফলন ২.৫-৩.০ কেজি। চারা লাগানোর ৮০-৮৫ দিনের মধ্যে ফল পাকতে শুরু করে। এক মৌসুমে ৪-৫ বার ফল সংগ্রহ করা যায়। এ জাত ব্যাটেরিয়াজনিত চলে পড়া রোগ সহজশীল। সংগৃহীত পাকা ফল ঘরের তাপমাত্রায় ১৫-২০ দিন সংরক্ষণ করা যায়। জীবন কাল ১০০-১১০ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেঁটেরপ্রস্তুতি ফলন ৯০-৯৫ টন হয়। বাংলাদেশের সব অঞ্চলে এ জাতটি শীত মৌসুমে চাষ করা যায়।



বাবি টমেটো-৮ এর ফসল

## বারি টমেটো-৯ (লালিমা)

উভাবিত 'বারি টমেটো-৯' জাতটি ১৯৯৮ সালে লালিমা নামে অনুমোদন করা হয়। গাছ খাটো ধরনের।

ফল ভিস্কুলারি। ফলের নিচে সামান্য চোখা। প্রতিটি গাছে ৩২-৩৫টি ফল ধরে। গাছপ্রতি ফলন ২-৩ কেজি। চারা লাগানোর ৭৫-৮০ দিনের মধ্যে ফল পাকতে পুরু করে। এক মৌসুমে ৩-৪ বার ফল সংগ্রহ করা যায়।

ফলের তৃক পুরু। জাতটি ব্যাটেরিয়াজনিত চলে পড়া রোগ সহনশীল। সংগৃহীত ফল ঘরের তাপমাত্রায় ও সঞ্চাহের অধিক সময় সংরক্ষণ করা যায়। জীবন কাল ৯৫-১০৫ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেষ্টেরপ্রতি ফলন ৮০-৯০ টন হয়। বাংলাদেশের সব অঞ্চলে এ জাতের চাষ করা যায়।



বারি টমেটো-৯ এর ফসল

## বারি টমেটো-১০ (অনুপমা)

'বারি টমেটো-১০' একটি উচ্চ ফলনশীল সংকর জাত। শ্রীল মৌসুমে চাষের উপযোগী করে এ জাত উত্পাদন করা হয়েছে। জাতটি ১৯৯৮ সালে 'অনুপমা' নামে অনুমোদন করা হয়।

ফল ডিম্বাকৃতির হয় এবং প্রতিটি গাছে ৭৫-৮০টি ফল ধরে। একটি ফলের ওজন ২৫-৩০ গ্রাম। গাছপ্রতি ফলন ২.০-২.৫ কেজি। চারা লাগানোর ৬০ দিনে মধ্যে ফল পাকতে শুরু করে এবং মাসাধিককাল ফল সঞ্চাহ করা চলে। এ জাত উচ্চ তাপ সহনশীল এবং ব্যাক্টেরিয়াজনিত চলে পড়া রোগ সহনশীল।

শ্রীল মৌসুমে টমেটো উৎপাদনের জন্য হরমোন প্রয়োগের প্রয়োজন নেই তবে হরমোন প্রয়োগে ফলন বাঢ়ে। টমেটোর তৃক পুরুষ ও দৃঢ় বিধায় অধিক কাল সংরক্ষণ করা যায়। এজন্য এ জাতটি দূর-দূরান্তে সরবরাহের উপযোগী। জীবন কাল ৯০-১০০ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেষ্টেরপ্রতি ফলন ৪০-৫৫ টন। বাংলাদেশের সব অঞ্চলে জাতটি চাষ করা যায়। এ জাতের টমেটো শ্রীল মৌসুমে পাওয়া যায় বলে অধিক লাভবান হওয়া যায়।



বারি টমেটো-১০

## বারি টমেটো-১১ (বুমকা)

AVRDC হতে প্রাঙ্গ জার্ম প্লাজম থেকে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে 'বারি টমেটো-১' জাতটি উৎপাদন করা হয়।

গাছ লম্বাকৃতির ও কম ঝোপালো। ফলের আকার ছোট। ফলের ওজন ৮-১০ গ্রাম। প্রতি গুচ্ছে ১৫-২০টি ফল আঙুরের মত ঝোকায় ঝোকায় ধরে। গাছপ্রস্তুতি ১৮০-২০০টি ফল ধরে এবং গাছপ্রস্তুতি ফলন প্রায় ১ কেজি। চারা লাগানোর ৭০-৭৫ দিন পর ফল পাকতে শুরু করে এবং মাসাধিককাল ফল সংগ্রহ করা চলে। বাংলাদেশের সব অঞ্চলেই এই জাতটি চাষ করা যায়। তৈজি-কার্তিক মাসে এ জাতের চারা রোপণ করা হয়। জীবন কাল ১০০-১১০ দিন। ফলন শীত মৌসুমে ৫-৬ টন/বিঘা এবং গ্রীষ্ম মৌসুমে ২-৩ টন/বিঘা।

সারা বছর চাষাবাদযোগ্য। ফল অধিক মিঠি। সাধারণ তাপমাত্রায় দুই সঞ্চাহ ফল সংরক্ষণ করা যায়।



বারি টমেটো-১১ এর ফসল

## বারি টমেটো-১৪

মাঝারী থেকে নাবী জাত হিসেবে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে টমেটোর এ জাতটি মূল্যায়িত হয়। এ জাতের টমেটোর ফল বড় এবং ফলের মাসল অংশ আকর্ষণীয় লাল রঙের হয়। প্রতিটি ফলের গড় ওজন ৯০-৯৫ গ্রাম এবং প্রতিটি গাছে ৩০-৩৫টি ফল থারে।

এ জাতটির বিশেষ বৈশিষ্ট্য হল দীর্ঘদিন ব্যাপী (৪৫-৬০ দিন) ফল আহরণ করা যায় এবং সংরক্ষণ গুণ ভাল। জাতটির পাছ ব্যাটেরিয়াজনিত তলে পড়া রোগ সহনশীল। বাংলাদেশের সব অঞ্চলে এ জাতটি চাষ করা যায়। আধিন-কার্তিক মাসে বীজ বপন করা যায়। জীবন কাল ১১০-১২০ দিন। ফলন হেক্টরপ্রতি ৯০-৯৫ টন।



বারি টমেটো-১৪ এর ফসল

## বারি টমেটো-১৫

ইহা একটি উচ্চ ফলনশীল শীতকালীন জাত। ফল অনেকটা ডিম্বাকৃতির হয়। ফলে বীজের সংখ্যা অনেক কম। প্রতিটি গাছে গড়ে ৪০-৪৫টি ফল থারে। প্রতিটি ফলের গড় ওজন ৬৫-৭০ গ্রাম।

চারা সাগানোর ৬০-৭০ দিনের মধ্যে ফল পাকতে শুরু করে এবং প্রায় ২৫-৩০ দিন ধরে ফল সংগ্রহ করা যায়। ফলের তুক পুরু এবং দৃঢ় প্রকৃতির বিধায় অধিককাল সহরক্ষণ করা যায়। জাতটি হলুদ পাতা কোকড়ানো ভাইরাস রোগ সহনশীল। ১০০-১১০ দিন পর্যন্ত ফল সংগ্রহ করা যায়। ফলন ৮০-৮৫ টন/হেক্টর।



বারি টমেটো-১৫ এর ফসল

## টমেটোর উৎপাদন প্রযুক্তি

### মাটি

দোআঁশ ধরনের মাটি টমেটো চাষের জন্য উত্তম।

### জমি তৈরি

জমি ৪-৫ বার চাষ দিয়ে মাটি ঝুরঝুরে করে নিতে হয় এবং ১ মিটার চওড়া করে বেড় ও মাঝে ৩০ সেমি নালাসহ পুরো জমি প্রস্তুত করতে হয়। গ্রীষ্মকালে টমেটো চাষের জন্য ২০ সেমি উঁচু এবং ২৩০ সেমি চওড়া বেড় তৈরি করতে হয়। সেচ দেওয়ার সুবিধার্থে ২টি ১ মিটার চওড়া বেড়ের মাঝে ৩০ সেমি নালা রাখতে হয়। বীজের হার প্রতি হেক্টেরে ২০০ থাম।

### চারা রোপণ দূরত্ব

প্রতিটি বেড়ে ২টি সারি করে  $60 \times 40$  সেমি দূরত্বে ২৫-৩০ দিন বয়সের চারা গ্রীষ্মকালে এবং ৩০-৩৫ দিনের চারা শীতকালে রোপণ করতে হয়।

### রোপণ সময়

শীতকালে মধ্য-কার্তিক থেকে অগ্রহ্যাঙ্গ (নভেম্বর ও মধ্য-ডিসেম্বর) পর্যন্ত চারা রোপণ করা যায় যা গ্রীষ্মকালে জৈষ্ঠ্য থেকে তাদু পর্যন্ত।

## সারের পরিমাণ (কেজি/হেক্টের) ও প্রয়োগ পদ্ধতি

সারের নাম	সার দেয়ার সময়	জমির উর্বরা শক্তি		
		কম	মধ্যম	বেশি
ইউরিয়া (বেসাল)	-	-	-	-
১ম উপরি প্রয়োগ	চারা লাগানোর ১০ দিন পর	১৫০	১০০	৮০
২য় উপরি প্রয়োগ	চারা লাগানোর ২৫ দিন পর	১৫০	১০০	৮০
৩য় উপরি প্রয়োগ	চারা লাগানোর ৪০ দিন পর	১৫০	১০০	৮০
টিএসপি	-	-	-	-
বেসাল	জমি তৈরির সময়	২৫০	২০০	১৫০
এমপি	-	-	-	-
বেসাল	শেষ চাষের সময়	১০০	৯০	৮০
১ম উপরি প্রয়োগ	চারা লাগানোর ২৫ দিন পর	৮০	৭০	৬০
২য় উপরি প্রয়োগ	চারা লাগানোর ৪০ দিন পর	৮০	৬০	৫০
গোবর	-	-	-	-
বেসাল	জমি তৈরির সময়	১৫০০০	১০০০০	৫০০০

বেসাল ও গোবর সার শেষ চাষের আগে জমিতে ছিটিয়ে ভাল করে মাটির সঙ্গে মিশিয়ে দিতে হবে। উপরি প্রয়োগের সময় ইউরিয়া এবং এমপি সার গাছের গোড়া থেকে ১০-১৫ সেমি দূর দিয়ে মাটির সঙ্গে ভাল করে মিশিয়ে দিতে হবে।

## সারের প্রয়োগ পদ্ধতি


অর্ধেক গোবর ও টিএসপি সার শেষ চাষের সময় জমিতে ছিটিয়ে দিতে হয়। অবশিষ্ট গোবর চারা লাগানোর পূর্বে পর্তে প্রয়োগ করতে হয়। ইউরিয়া ও এমপি ২ কিণ্টিতে পার্শ্বকুশি ছাঁটাইয়ের পর চারা লাগানোর ৩য় ও ৫ম সপ্তাহে রিং পদ্ধতিতে প্রয়োগ করতে হয়।

## অন্তর্বর্তীকালীন পরিচর্যা

প্রথম ও দ্বয় কিন্তির সার খেয়োগের পূর্বে পার্শ্বকুশিসহ মরা পতা ছাঁটাই করে দিতে হয়। এতে রোগ ও পোকার আক্রমণ কম হয় এবং ফলের আকার বড় হয়। বাতাসে গাছ যাতে নুয়ে না পড়ে সেজন্য টমেটো গাছে 'A' আকৃতির টেকনা দেওয়ার জন্য বাঁশের তৈরি কাঠি, ধৈঝার কাঠি, বাঁশের কঢ়ি, ভাল ইত্যাদি ব্যবহার করা যেতে পারে।



টমেটো



টমেটো গাছে টেকনা

## বিশেষ পরিচর্যা

১ম ফুলের গোছার ঠিক নিচের কুশিটি ছাড়া সব পার্শ্বকূশি ছাঁটাই করতে হবে। গাছে  
বাঁশের খুটি দিয়ে ঠেকনা দিতে হবে।

## ফসল তোলা (পরিপন্থতা সনাত্তকরণ)

ফলের ঠিক নিচে ফুল কারে যাওয়ার পর যে দাগ থাকে ঐ স্থান থেকে লালচে ভাব  
শুরু হলেই ফল সংগ্রহ করতে হবে। এতে ফল অনেকদিন পর্যন্ত সংরক্ষণ করা যায়।  
অপরিপন্থ অবস্থায় ফল সংগ্রহ করে হরমোন প্রয়োগের মাধ্যমে ফল পাকানো হলে  
ফলের ঘাতাবিক ঘাদ ও পৃষ্ঠি গুণ ব্যাহত হয় এবং ফলনও কম হয়। তাই এভাবে  
ফসল সংগ্রহ ও পাকানো মোটেই উচিত নয়।

## অন্যান্য প্রযুক্তি

### টমেটো+ভূটা আঙ্গুফসল

টমেটো সারির মধ্যে ভূটা চাষ করা যেতে পারে। আঙ্গুচাষ পদ্ধতিতে টমেটোর ফলনের তেমন তারতম্য হয় না।

### জমি নির্বাচন ও তৈরি

শাকারী উচু বেলে দোআঁশ মাটি টমেটো+ভূটা আঙ্গুফসলের জন্য উপযোগী। মাটিতে ‘জে’ আসলে ৪-৫টি আড়াআড়ি চাষ দিতে হবে। চাষের পর মই দিয়ে জমি সমান করে নিতে হবে।

### রোপণ সময়

আঞ্চাহায়ণ (মধ্য-নভেম্বর থেকে মধ্য-ডিসেম্বর)।

### জাতসমূহ

টমেটো : রক্তন।

ভূটা : বর্ণালী।



টমেটো+ভূটা আঙ্গুফসল

## সারের পরিমাণ

সারের নাম	সারের পরিমাণ/হেক্টার
ইউরিয়া	৫৩০-৫৫০ কেজি
টিএসপি	৪৩০-৪৫০ কেজি
এমপি	২৪০-২৬০
গোবর	৮-১২ টন

## সার প্রয়োগ পদ্ধতি

সমুদয় টিএসপি ও এমপি জমি তৈরি করার সময় ছিটিয়ে প্রয়োগ করতে হবে। পচা গোবর সার টমেটোর মাদায় ব্যবহার করতে হবে। ইউরিয়া সার ভাগ করে জমি তৈরির সময় এক তৃতীয়াংশ ও বাকি ইউরিয়া সার ২ ভাগ করে একভাগ টমেটো লাগানোর ২০ দিন এবং অপর ভাগ ৪০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে।

## সেচ ও অন্যান্য পরিচর্যা

সার উপরি প্রয়োগের সময় জমিতে রস না থাকলে সেচ দিতে হবে। সেচ দেওয়ার পর ‘জো’ আসলে নিড়ানি দিতে হবে।

## রোগ দমন

ভাইরাস রোগ দেখা দিলে গাছ তুলে ফেলতে হবে।

## ফসল সংগ্রহের সময়

টমেটো : ফালুন মাসের ২য় সপ্তাহ থেকে চৈত্র মাসের ১ম সপ্তাহ (ফেব্রুয়ারি থেকে মধ্য-মার্চ)।

ভূট্টা : চৈত্র মাস (মার্চের শেষ সপ্তাহ থেকে এপ্রিলের ১ম সপ্তাহ)।

## ফলন

টমেটো: ৩৫ টন/হেক্টার।

ভূট্টা: ১.০-১.৫ টন/হেক্টার

## পলিথিন ছাউনিতে গ্রীষ্ম ও বর্ষাকালীন টমেটো চাষ

টমেটো শীতকালীন সবজি ফসল। গ্রীষ্ম ও বর্ষাকালে টমেটো চাষ করার জন্য বারি হাইব্রিড টমেটো-৩, বারি হাইব্রিড টমেটো-৪ জাতসমূহ অনুমোদন করা হয়েছে। পলিথিনের ছাউনিতে এসব জাত আবাদ করতে হব। একটি ছাউনি  $20 \times 2.3$  মি আকারের হয়। ২৩০ সেমি চওড়া ২টি বেডে লম্বালম্বিভাবে একটি করে ছাউনির ব্যবস্থা করা যেতে পারে। এক্ষেত্রে ছাউনির পাশের উচ্চতা ১৩৫ সেমি এবং মাঝখানের উচ্চতা ১৮০ সেমি হয়ে থাকে। চারা লাগানোর পূর্বেই জমিতে নৌকার ছাইয়ের আকৃতি করে হচ্ছে পলিথিন দিয়ে ছাউনি নিতে হয়। ছাউনির জন্য বাঁশ, স্বচ্ছ পলিথিন, নাইলনের দড়ি ও পাটের সূতলি প্রয়োজন। পলিথিন যাতে বাতাসে উড়ে না যায় সেজন্য ছাউনির উপর দিয়ে উভয় পার্শ্ব থেকে আড়াআড়িভাবে দড়ি পেঁচানো হয়ে থাকে। পাশাপাশি ২টি ছাউনির মাঝে ৭৫ সেমি চওড়া নালা রাখতে হবে যাতে ছাউনি থেকে নির্গত বৃষ্টির পানি নিষ্কাশনসহ বিভিন্ন পরিচর্যা করতে সুবিধা হয়। প্রতিটি ছাউনিতে ২টি বেড থাকবে। জমি থেকে বেডের উচ্চতা ২০-২৫ সেমি হতে হবে। ২টি বেডের মাঝে ৩০ সেমি চওড়া নালা রাখতে হবে। প্রতিটি ছাউনিতে ৪টি সারি থাকবে। ২৫-৩০ দিন বয়সের চারা প্রতি বেডে ২ সারি করে রোপণ করতে হবে। সারি থেকে সারির দূরত্ব ৬০ সেমি এবং চারা থেকে চারার দূরত্ব ৪০ সেমি। গ্রীষ্মকালীন টমেটো সফলভাবে চাষের জন্য টমেটোটোন নামক এক প্রকার হরযোন প্রয়োগ করা প্রয়োজন। স্প্রেয়ারের সাহায্যে প্রতি লিটার পানিতে ২০ মিলি টমেটোটোন মিশিয়ে ফুলে ৫-৭ দিন অন্তর ২-৩ বার স্প্রে করতে হবে। এ প্রযুক্তি উত্তাবনের ফলে বর্তমানে বাংলাদেশে সারা বছর টমেটো চাষ হচ্ছে।



পলিথিন ছাউনিতে টমেটো ফসল

## বারি হাইব্রিড টমেটো-৩ (গ্রীষ্মকালীন)

ইহা একটি উচ্চ তাপ সহিষ্ণু গ্রীষ্মকালীন সংকর জাত (হাইব্রিড)। ফল অনেকটা কুলবড়ই আকৃতির। প্রতিটি গাছে গড়ে ৩৫টি ফল ধরে। প্রতিটি ফলের গড় ওজন ৩৫ গ্রাম। গাছপ্রতি ফলন ১.২-১.৩ কেজি। চারা লাগানোর ৬০ দিনের মধ্যে ফল পাকতে শুরু করে এবং প্রায় ২০-২৫ দিন ধরে ফল সংরক্ষণ করা যায়। গ্রীষ্ম মৌসুমে ফল উৎপাদনের জন্য কৃতিম হরমোন প্রয়োগের প্রয়োজন হয় না, তবে প্রয়োগ করলে ফল ধারণ প্রায় দ্বিগুণ করা যায়। ফলের তৃক পুরু ও দৃঢ় প্রকৃতির বিধায় অধিক কাল সংরক্ষণ করা যায় এবং দূরাদূরাতে সরবরাহের উপযোগী।

এ জাত ব্যাটেরিয়াজনিত চলে পড়া রোগ সহনশীল। বাংলাদেশের সব অঞ্চলে সারা বছর জাতটি চাষ করা যায়। তবে গ্রীষ্ম-বর্ষাকালের জন্যই এ জাতটি উভাবন করা হয়েছে। বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টির হাত থেকে রক্ষার জন্য পলিথিন ছাউনিতে এর চাষ করতে হয়। জ্যৈষ্ঠ-ভাদ্র মাস পর্যন্ত যে কোন সময় এর বীজ বপন করা যায়। জীবন কাল প্রায় ৯০ দিন (চারা লাগানোর পর)। ফলন ৩০ টন/হেক্টর।



বারি হাইব্রিড টমেটো-৩ এর ফসল

## বাবি হাইব্রিড টমেটো-৪ (গ্রীষ্মকালীন)

গ্রীষ্মকালীন এ সংকর (হাইব্রিড) জাতের ফল আকারে মাঝারী গোল ও আকসরীয়ে  
লাল রঙের। ফলের গড় ওজন ৫০ গ্রাম। গাছপ্রতি গড়ে ৩০টি ফল ধরে এবং  
গাছপ্রতি ফলন প্রায় ১.৫ কেজি। গ্রীষ্ম মৌসুমে ফল উৎপাদনের জন্য কৃতিম হরমোন  
প্রয়োগের প্রয়োজন হয় না। তবে হরমোন প্রয়োগের মাধ্যমে ফল ধারণ প্রায় দ্বিগুণ  
করা যায় এবং ফলনও অনেক বৃদ্ধি পায়।

চারা লাগানোর ৬০ দিন পর ফল পোকতে শুরু করে এবং ২০-২৫ দিন ধরে ফল  
সংগ্রহ করা যায়। ঘরের তাপমাত্রায় সহজে ক্রমতাও ভাল। বাংলাদেশের সব  
অঞ্চলে সারা বছর এই জাতটি চাষ করা যায়। তবে গ্রীষ্ম-বর্ষাকালের জন্যই এ  
জাতটি উভাবন করা হয়েছে। বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টির হাত থেকে রক্ষার জন্য  
পলিথিন ছাউনিতে এর চাষ করা হয়। জ্যৈষ্ঠ-ভাদ্র মাস পর্যন্ত যে কোন সময় এ  
জাতের বীজ বপন করা যায়। জীবন কাল প্রায় ৯০ দিন (চারা লাগানোর পর)। ফলন  
৪০ টন/হেক্টর।



বাবি হাইব্রিড টমেটো-৪ এর ফসল

## বারি হাইব্রিড টমেটো-৫

ইহা একটি শীতকালীন হাইব্রিড জাত। বড় চাপ্টা গোলাকৃতির আকর্ষণীয় লাল বর্ণের ফল। প্রতিটি গাছে গড়ে ৩৫-৪০টি ফল থারে। প্রতিটি ফলের গড় ওজন ৯৫-১০০ গ্রাম। গাছপ্রস্তুতি ফলন গড়ে ৩.৫-৪.০ কেজি। চারা রোপণের ৭০-৮০ দিনের মধ্যে ফল পাকতে শুরু করে এবং প্রায় ১ মাস ব্যাপী ফল সংগ্রহ করা যায়। অধিক সংরক্ষণ গুণসম্পন্ন। ব্যাটেরিয়াজনিত তলে পড়া রোগ এবং হলুদ পাতা কোকড়ানো ভাইরাস রোগের প্রতি সহ্যশীল।

বাংলাদেশের সর্বো শীত মৌসুমে জাতটি চাষ করা যায়। আশ্বিনের মাঝামাঝী থেকে বীজ বপন শুরু করে কার্ডিকের শেষ অবধি রোপণ করা যায়। জীবন কাল ১১০-১২০ দিন (চারা লাগানোর পর)। ফলন হেক্টারপ্রতি ৯৫-১০০ টন।



বারি হাইব্রিড টমেটো-৫ এর ফসল

## বারি হাইব্রিড টমেটো-৭

ইহা একটি উচ্চ ফলনশীল শীতকালীন জাত। ফল গোলাকার এবং ফলে বীজের সংখ্যা কম। ফল বেশ মাংসল, ডিমাকৃতি, আকর্ষণীয় লাল বর্ণের তৃক এবং শাস। প্রতিটি ফলের গড় ওজন ৭০-৮০ গ্রাম। প্রতিটি গাছে গড়ে ৫০-৬০টি ফল ধরে। ফলন ৯০-৯৫ টন/হেক্টর। এ জাতটি টমেটো হলুদ পাতা কুকড়ানো ভাইরাস রোগ প্রতিরোধী।



বারি হাইব্রিড টমেটো-৭ এর ফসল

## বারি হাইব্রিড টমেটো-৮

'বারি হাইব্রিড টমেটো-৮' একটি উচ্চ ফলনশীল গ্রীষ্মকালীন জাত এবং সারা দেশে চাষ উপযোগী। ফল টকটকে লাল এবং ফল বেশ মাংসল। ফলের আকৃতি চওড়া গোলাকৃতি ধরনের। প্রতিটি গাছে গড়ে ৪০-৪৫টি ফল ধরে। প্রতিটি ফলের গড় ওজন ৬০-৬৫ গ্রাম। এ জাতটি হরমোন প্রয়োগ ছাড়াই গ্রীষ্মকালে চাষ করা যায়। ফলন ৩৫-৪০ টন/হেক্টর।



বারি হাইব্রিড টমেটো-৮ এর ফসল

## হাইব্রিড টমেটোর উৎপাদন প্রযুক্তি

### জলবায়ু ও মাটি

টমেটো এদেশে শীতকালীন ফসল তবে কিন্তু কিন্তু জাত শ্বেতকালেও চাষ করা যায়। উচ্চ তাপমাত্রা ও শুক্র আবহাওয়ায় টমেটোর ফুল ঝাড়ে পড়ে। টমেটোর ভাল ফলনের জন্য তামাত্রা  $20-25^{\circ}$  সে. উচ্চ। সুনিষ্কাশিত দোআঁশ মাটি টমেটো চাষের জন্য সবচেয়ে উপযোগী। ‘বারি হাইব্রিড টমেটো-৭’ শ্বেতকালে ও ‘বারি হাইব্রিড টমেটো-৮’ বাংলাদেশে শ্বেতকালে চাষ উপযোগ।

### বীজ বপনের সময়

শ্বেতকালে অক্টোবর-নভেম্বর (অক্টোবর-কার্তিক) এবং শ্বেতকালে এপ্রিল-জুন বৈশাখ-আশাঢ়।

### জমি তৈরি

টমেটোর ভাল ফলন অনেকাংশে জমি তৈরির ওপর নির্ভর করে। তাই ৪-৫ বার চাষ ও মই দিয়ে মাটি ঝুরবুরে করে নিতে হবে। মাটির প্রকৃতি ও স্থান এবং রোপণকাল ভেদে ২০-৩০ সেমি উচু এবং ১২০ সেমি চওড়া মিডি বেড) তৈরি করতে হবে। দু'টি মিডির মাঝে ৫০ সেমি চওড়া নালা রাখতে হবে। এত অতিরিক্ত বৃষ্টিপাতজনিত পানি দ্রুত নিষ্কাশিত হতে পারে এবং প্রয়োজনে সেচ দেয়ার সুবিধা হয়। কম বৃষ্টিপাত এলাকায় বা বর্ষার আগে ও শীতের আগে খোলা মাঠে চাষের ক্ষেত্রে এইভাবে জমি তৈরি করতে হবে।

### পলিথিন ছাউনি

তরা বর্ষা মৌসুমে লাগানো চারার স্বাভাবিক বৃক্ষি ও পরবর্তী সময় ভাল ফলনের নিশ্চয়তার জন্য বেডে বা মিডিতে নৌকার ছাইয়ের আকৃতি করে স্বচ্ছ পলিথিন দিয়ে ছাউনি দিতে হবে। ২৩০ সেমি চওড়া (মাঝে ৩০ সেমি নালাসহ) দু'টি মিডিতে লবালদ্বিভাবে ১টি করে ছাউনির ব্যবস্থা করা যেতে পারে। এ ক্ষেত্রে ছাউনির উচ্চতা হবে দুপাশে ৪.৫ ফুট বা ১৩৫ সেমি ও মাঝখানে ৬ ফুট বা ১৮০ সেমি দু'টি ছাউনির মাঝে অন্তত ৫০ সেমি চওড়া নালা রাখতে হবে যাতে করে ছাউনি থেকে নির্গত বৃষ্টির পানি নিষ্কাশনসহ বিভিন্ন পরিচর্যা করতে সুবিধা হয়। পলিথিন ছাউনি লবায় জমির আকার আকৃতির ওপর নির্ভর করে কমবেশি হতে পারে কিন্তু চওড়া (বাজারে প্রাণ

পলিথিনের সর্বোচ্চ চওড়া অনুযায়ী) ২.৩ মিটার হওয়া বঙ্গনীয়। ছাউনি ২০ মিটার লম্বা হলে প্রতি হেক্টের এ ধরনের প্রায় ১৭০টি ছাউনি প্রয়োজন হতে পারে।

## বীজ শোধন

কেজিপ্রতি ২ গ্রাম ভিটাভেজ দিয়ে টমেটোর বীজ শোধন করতে হবে। বীজ শোধন করলে বীজবাহিত রোগ হতে রক্ষা পাওয়া যায়।

## চারা উৎপাদন

সুস্থ ও সবল চারা উৎপাদনের জন্য প্রথমে ৫০ গ্রাম পরিপন্থ ও রোগমুক্ত বীজ ঘন করে ৩ মি. × ১ মি. আকারের বীজতলায় বুনতে হবে। এই হিসেবে প্রতি হেক্টেরে ২০০ গ্রাম (১ গ্রাম প্রতি শতাংশ) বীজ বুনতে হয়। পজানোর ৮-১০ দিন পর চারা ছিঁড়ীয় বীজতলায় ৪ × ৪ সেমি দূরত্বে ছানান্তর করতে হবে। এক হেক্টের জমিতে টমেটো চাষের জন্য এইরূপ ২২টি বীজতলার প্রয়োজন হয়।

## সার প্রয়োগ

ভাল ফলন পাওয়ার জন্য জমিতে সুষম সার প্রয়োগ করা প্রয়োজন। সারের মাত্রা জমির উর্বরতার ওপর নির্ভরশীল। মধ্যম উর্বর জমিতে নিম্নোক্ত হারে সার প্রয়োগ করা হয়।

### বিষাণু (৩০ শতাংশ) সারের ব্যবহার (কেজি)

সার	মোট পরিমাণ	শেষ চাষের সময় দেয়	১ম কিন্তি	উপরি প্রয়োগ ২য় কিন্তি	৩য় কিন্তি
গোবর/কম্পোস্ট	২০০০	২০০০	-	-	-
ইউরিয়া	৮০	-	২৭	২৭	২৭
টিএসপি	৭০	৭০	-	-	-
এমপি	৮০	২০	-	১০	১০
জিপসাম	১০	১০	-	-	-
জিঃক সালফেট	১	১	-	-	-
বরিক এসিড	১	১	-	-	-

শেষ চাষের সময় সবুজ গোবর/কম্পোস্ট, টিএসপি, জিপসাম, জিঃক সালফেট, বরিক এসিড এবং অর্ধেক এমপি সার জমিতে ভালভাবে ছিটিয়ে মাটির সাথে মিশিয়ে দিতে

হবে। বাকি অর্ধেক এমপি সার দুই কিণ্টিতে চারা লাগানোর ২৫ দিন ও ৪০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার তিন কিণ্টিতে চারা লাগানোর ১০, ২৫ ও ৪০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। উপরি প্রয়োগকৃত ইউরিয়া এবং এমপি সার গাছের গোড়ায় ১০-১৫ সেমি দূরে মাটির সঙ্গে ভাল করে মিশিয়ে দিতে হবে।

## চারা রোপণ

চারার বয়স ৩০-৩৫ দিন হলে বীজতলা থেকে উঠিয়ে মূল জমিতে রোপণ করতে হবে। এক মিটার চওড়া বেড়ে দুই সারি করে চারা লাগাতে হবে। এক্ষেত্রে সারি থেকে সারির দূরত্ব ৬০ সেমি এবং সারিতে চারা থেকে চারার দূরত্ব হবে ৪০ সেমি। বীজতলা থেকে চারা অভ্যন্ত যত্ন সহকারে ভুলতে হবে যেন চারার শিকড় ক্ষতিগ্রস্ত না হয়। বিকেলের পড়ত রোদে চারা রোপণ করাই উত্তম। লাগানোর পর গোড়ায় হালকা সেচ প্রদান করতে হবে।

## অন্তর্বর্তীকালীন পরিচর্যা

- সেচ ও নিষ্কাশন:** চারা রোপণের পর ৩-৪ দিন পর্যন্ত হালকা সেচ ও পরবর্তী সময় প্রতি কিণ্টি সার প্রয়োগের পর জমিতে সেচ দিতে হয়। টমেটো গাছ জলাবদ্ধতা সহ্য করতে পারে না। সেচ অথবা বৃষ্টির অভিযন্ত পানি দ্রুত নিষ্কাশনের জন্য ৩০-৪০ সেমি চওড়া নালা এবং এক দিকে সামান্য ঢালু হওয়া বাস্তুনীয়।
  - নিডানি দেয়া:** প্রতিটি সেচের পরে মাটির উপরিভাগের ঢটা ভেজে দিতে হবে যাতে মাটিতে পর্যাপ্ত বাতাস চলাচল করতে পারে।
  - আগাহা দমন:** টমেটোর জমি প্রয়োজনীয় নিডানি দিয়ে আগাহামুক্ত রাখতে হবে।
- বিশেষ পরিচর্যা:** ১ম পুষ্পমঞ্জরীর ঠিক নিচের কুশিটি ছাড়া নিচের সব পার্শ্বকুশি ছাটাই করতে হবে। গাছে বাঁশের খুঁটি দিয়ে ঠেকনা দিতে হবে।

## ফল সংগ্রহ

ফলের নিচের ফল ঘরে যাওয়ার পর যে দাগ থাকে ঐ স্থান থেকে লালচে ভাব করে হলেই বাজারজাতকরণের জন্য ফল সংগ্রহ করতে হবে। এক্ষণে ফল সংগ্রহ করলে অনেকদিন পর্যন্ত সংরক্ষণ করা যায়।

**ফলন:** জাতভেদে হেঁটেরপ্রতি ৩০-৪০ টিন (বিঘাপ্রতি ৪-৬ টিন) টমেটো উৎপাদিত হয়।

## বেগুন

বেগুন বাংলাদেশের সর্বাধিক জনপ্রিয় সবজি। সারা বছরই এর চাষ করা যায়। তবে শীত মৌসুমে ফলন বেশি হয়। এ দেশে বহু জাতের স্থানীয় বেগুন রয়েছে। তবে ফলনের দিক থেকে এদের কোনটিই তেমন উচ্চ ফলনশীল নয়।

স্থানীয় জাতের ব্যাপক জার্মপ্লাজম সংগ্রহ করে বাহাই প্রতিমা, সংকরায়ণ ও জিন কৌশল প্রয়োগের মাধ্যমে এ পর্যন্ত ১৬টি উন্নত জাত উত্তোলন করা হয়েছে।



বেগুনের ফসল



বেগুনের ফসল

## বেগুনের জাত

### বারি বেগুন-১ (উত্তরা)

‘বারি বেগুন-১’ জাতটি ১৯৮৫ সালে উত্তরা নামে অনুমোদন করা হয়। এ জাতের গাছ খাটো ও ছড়ানো। পাতা ও শাখার রং হালকা বেগুনী। ফল সরু ও লম্বা, ১৮-২০ সেমি তুক পাতলা, শীস নরম। চারা রোপশের ৪০-৪৫ দিনের মধ্যে ফল সংগ্রহ শুরু হয় এবং ৩-৪ মাস পর্যন্ত ফল সংগ্রহ করা যায়। প্রতিটি গাছে ১০০-১৫০টি ফল ধরে। গাছে গুচ্ছাকারে ফল ধরে। উত্তরা জাত ব্যাটেরিয়াজনিত ঢলে পড়া রোগ সহ্যশীল।

এ জাতের গাছের ডগা ও ফল ছিদ্রকারী পোকার আক্রমণ তুলনামূলকভাবে কম হয়। জীবন কাল ১৩০-১৪০ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেঁকেরপ্রতি ফলন ৬০-৬৫ টন হয়। শীতকালে বাংলাদেশের সর্বজ্ঞ এ জাতের চাষ করা যায়। আগাম জাত হিসাবেও উত্তরা বেগুন চাষ করা যায়।




বারি বেগুনের-১ এর ফসল

## বারি বেগন-২ (তারাপুরী)

‘বারি বেগন-২’ একটি উচ্চ ফলনশীল সংকর জাত। ১৯৯২ সালে জাতটি তারাপুরী নামে অনুমোদিত হয়। ফল কালচে বেগনী রঙের এবং বেলুনাকৃতির। ফলের তুক পাতলা, শাস নরম। গাছপ্রতি ফলের সংখ্যা ৬৫-৭৫টি। ব্যাটেরিয়াজনিত ঢলে পড়া রোগ প্রতিরোধী।

এ জাত উচ্চ ফলনশীল। জীবন কাল ১৩০-১৪০ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেষ্টেরপ্রতি ফলন ৭০-৭৫ টন হয়। শীতকালে বাংলাদেশে সর্বত্র এ জাতের চাষ করা যায়।



বারি বেগন-২ এর ফসল

## বারি বেগন-৪ (কাজলা)

সংক্রান্তি ও পরবর্তী সময়ে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে উত্তীর্ণ করা হয়। উচ্চ ফলনশীল এ জাতের ফলের আকার মাঝারী লম্বা, রং কালচে বেগুনী ও চকচকে। কাজলা জাতের গাছের আকৃতি মাঝারী ছড়ানো। গাছপতি ফলের সংখ্যা ৭০-৮০টি। প্রতি ফলের ওজন ৫৫-৬০ গ্রাম।

জাতটি চলে পড়া রোগ সহনশীল। বীজ লাগানোর ৯০-৯৫ দিন পর ফল ধরে এবং ১৯০ দিন অর্ধাং আশ্বিন-চৈত্র মাস (মধ্য-সেপ্টেম্বর থেকে মধ্য-এপ্রিল) পর্যন্ত ফল পাওয়া যায়। কাজলা বেগনের ফলন হেটেরপ্তি ৫৫-৬০ টন হয়।



বারি বেগন-৪ এর ফসল

### বারি বেগন-৫ (নয়নতারা)

বাছাই প্রক্রিয়ার মাধ্যমে উচ্চাবিত ‘বারি বেগন-৫’ জাতটি ১৯৯৮ সালে ‘নয়নতারা’ নামে অনুমোদন করা হয়। এ জাত উচ্চ ফলনশীল।

এ জাতটির গাছ খাড়া আকৃতির। ফল গোলাকৃতি, রং উজ্জ্বল কালচে বেগুনী। গাছপ্রতি ফলের সংখ্যা ৩৫-৪০টি এবং প্রতিটি ফলের ওজন ১২০-১৩০ গ্রাম। এ জাতটি অন্যান্য জাতের তুলনায় আগাম ফলন দেয়।

আর্দ্ধিন মাসে (মধ্য-সেপ্টেম্বর থেকে মধ্য-অক্টোবর) চারা রোপণ করলে চৈত্র মাস (মধ্য-মার্চ থেকে মধ্য-এপ্রিল) পর্যন্ত ফল সংগ্রহ করা যায়। নয়নতারা বেগনের ফলন হেক্টরপ্রতি ৪৫-৫০ টন। বেগনের এ জাত ফল ও কাও ছিদ্রকারী পোকা এবং ঢলে পড়া রোগে কিছুটা সহনশীল। এই জাতটি বাংলাদেশের সব ধরনের মাটিতে ও জলবায়ুতে চাষ করা যায়। ভদ্র-অর্থহায়ণ (শীতকাল) মাসে এ জাত রোপণ করা হয়। বীজ বপনের ৯০-১০০ দিনের মধ্যে প্রথম ফল সংগ্রহ শুরু হয় এবং ১৪০-১৫০ দিন পর্যন্ত সংগ্রহ করা যায়। ফলন ৪৫-৫০ টন/হেক্টর।



বারি বেগন-৫ এর ফসল

## বারি বেঙ্গন-৬

এ জাতটির গাছ মাঝারী আকৃতির কোপালো। হালকা সবুজ রঞ্জের ফল ডিম্বাকৃতির ও গাছপ্রতি গড় ফল সংখ্যা ১৫টি, লম্বায় ৮-৯ সেমি এবং ব্যাস ৭-৮ সেমি। প্রতি ফলের গড় ওজন ২২৫-২৫০ গ্রাম।

জাতটি সারা বছর চাষ করা যায় তবে শীতকালে এর ফলন বেশি হয়। এই জাতটি বাংলাদেশের সব ধরনের মাটিতে ও জলবায়ুতে চাষ করা যায়। এ জাতের রোপণ সময় ভদ্র-অগ্রহায়ণ (শীতকালে) ও ফাল্গুন-বৈশাখ (গ্রীষ্মকালে)। বীজ বপনের ৯০-১০০ দিনের মধ্যে প্রথম ফল সংগ্রহ কর হয় এবং ১৫০-১৭০ দিন পর্যন্ত সংগ্রহ করা যায়। ফলন ৪৫-৫০ টন/হেক্টর (শীতকালে), ২৫ টন/হেক্টর (গ্রীষ্মকালে)।

এ জাতের বেঙ্গন ঢলে পড়া রোগ, কৃমি রোগ এবং ফল-কাও ছিন্দিকারী পোকা ও জ্যাসিড পোকা সহনশীল।



বারি বেঙ্গন-৬ এর ফসল

## বারি বেগুন-৭

এ উচ্চ ফলনশীল জাতটির গাছ খাড়া আকৃতির। ফলের আকার সম্ম, চিকন এবং রং চকচকে গাঢ় বেগুনী। গাছপাতি গড় ফল সংখ্যা ৩০-৩৫টি ও ফল লম্বায় ২০-২৫ সেমি। প্রতি ফলের গড় ওজন ৮০-৯০ গ্রাম। সারা বছর চাষ করা যায় তবে শীতকাল এ জাতটির প্রকৃত মৌসুম। বীজ বপনের ৯০-১০০ দিনের মধ্যে প্রথম ফল সংগ্রহ করা যায়।

জাতটি বাংলাদেশের সব ধরনের মাটিতে ও সব এলাকায় চাষ করা যায়। এ জাতের রোপণ কাল ভদ্র-অগ্রহায়ণ (শীতকালে) ও ফাল্গুন-বৈশাখ (গ্রীষ্মকালে)। ফলন ৪০-৪৫ টন/হেক্টর (শীতকালে) ২৫ টন/হেক্টর (গ্রীষ্মকালে)।



বারি বেগুন-৭ এর ফসল

### বারি বেগন-৮

উচ্চ ফলনশীল গ্রীষ্মকালীন এ জাতটির গাছ খাড়া আকৃতির। ফলের আকার লম্বাকৃতি, চিকন এবং নৃং উজ্জ্বল কালচে বেগনী। গাছপ্রতি গড় ফল সংখ্যা ২০-২৫টি ও লম্বায় ১৮-২০ সেমি। প্রতি ফলের গড় ওজন ৭০-৮০ গ্রাম।

জাতটি সারা বছর চাষ করা যায়। দেশের সর্বজ্ঞ এটি চাষ করা যায়। ফলন ৩০-৩২ টন/হেক্টর। জাতটি ব্যাটেরিয়াজনিত ঢলে পড়া ও কৃমি রোগ প্রতিরোধী।



বারি বেগন-৮ এর ফসল

### বারি বেগুন-৯

এ জাতটির গাছ মাঝারী আকৃতির, কোপাল ও কিছুটা খাজকাটা পাতা বিশিষ্ট। ডিম্বাকৃতির ও উজ্জ্বল সবুজ রঙের। ফলের নিচের অংশে সাদা সাদা লম্বাটে দাগ থাকে। প্রতি গাছে গড় ফল সংখ্যা ৩০-৩৫টি এবং ফলের গড় ওজন ৯০-১০০ গ্রাম। ফলন গ্রান্টি হেক্টেরে ৫০০৫৫ টন।

এ জাতের বেগুন ঢলে পড়া, কৃমি ও শিকড় পচা রোগ সহনশীল।



বারি বেগুন-৯

## বারি বেগুন-১০

এ জাতটির গাছ মাঝারী আকৃতির বোপালো। ফলের রং উজ্জ্বল গাঢ় বেগুনী এবং লম্বা মলাকৃতির। তাপ সহিষ্ঠ হওয়ায় সারা বছর চাষ করা যায়। তবে শীতকালে ভাল ফলন হয়। প্রতি হেক্টারে ফলন ৫৫ টন। শ্রীসমকালে ফলন ২৫-৩০ টন।



বারি বেগুন-১০

### বারি হাইব্রিড বেগন-৩


'বারি হাইব্রিড বেগন-৩' জাতটি বাংলাদেশে শীতকালে চাষাবাদের উপযোগী। এ জাতটি বাংলাদেশের সব ধরনের মাটিতে ও জলবায়ুতে চাষ করা যায়। এ জাতটির গাছ মাঝারী আকৃতির, ঝোপালো ও বাঁজকাটা পাতা বিশিষ্ট। বীজ বপনের ৮০-৯০ দিনের মধ্যে প্রথম ফল সংগ্রহ করা হয় এবং ১৪০-১৫০ দিন পর্যন্ত সংগ্রহ করা যায়। ফল লাঘাটে, নল আকৃতির ও গাঢ় বেগনী রঙের। প্রতি গাছে গড় ফল সংখ্যা ৬০-৭০ এবং ফলের গড় ওজন ১০-১১০ গ্রাম। গড় ফলন ৬৫-৭০ টন/হেক্টর। এ জাতের বেগন চলে পড়া রোগ সহনশীল।



বারি বেগন-৩

## বারি হাইব্রিড বেগন-৪

এ জাতটির গাছ মাঝারী আকৃতির এবং কোপালো প্রকৃতির। 'বারি হাইব্রিড বেগন-৪' বাংলাদশে শীতকালে চাষাবাদ উপযোগী। ফল হালকা সবুজ ও ডিম্বাকৃতির। পাছপ্রতি গড় ফল সংখ্যা ৩৫-৪০ এবং ফলের গড় ওজন ১২০-১৩০ গ্রাম। গড় ফলন ৫৫-৬০ টন/হেক্টর। এ জাতের বেগনের জীবন কাল ১৪০-১৫০ দিন এবং এ জাতের বেগন তলে পড়া রোগ সহনশীল।



বারি বেগন-১০

## উৎপাদন প্রযুক্তি

বাংলাদেশের সব ধরনের মাটিতে ও সব এলাকায় চাষ করা যায়। তবে বর্ষাকালে পানি জমে না এ ধরনের উচ্চ জমি নির্বাচন করতে হবে।

### বীজের হার

প্রতি হেক্টারে ১০০-১৩৫ গ্রাম বীজের প্রয়োজন হয়।

### জমি তৈরি

#### বেড়ের আকার

প্রস্থ : ৭০ সেমি।

দৈর্ঘ্য : জমির দৈর্ঘ্যের উপর নির্ভর।

দূরত্ব :  $100 \times 75$  সেমি।

#### নালার আকার

প্রস্থ : ৩০ সেমি।

গভীরতা : ২০ সেমি।

### সারের পরিমাণ ও প্রয়োগ পদ্ধতি

বেগুন এমন একটি ফসল সার প্রয়োগ ব্যতীত যার সন্তোষজনক উৎপাদন সম্ভব নয়। মাটি থেকে প্রচুর পরিমাণ খাদ্যোপাদান শোষণ করে। বৃক্ষের প্রাথমিক পর্যায়ে খাদ্যের অভাব হলে গাছ দ্রুত বাড়ে না এবং পরবর্তী পর্যায়ে খাদ্যের বাস্তুতা ফলনের উপর বিনাপ প্রতিক্রিয়া সৃষ্টি করে।

বেগুন চাষের জন্য হেক্টরপ্রতি নিম্নরূপ সার ব্যবহারের সুপারিশ করা হয়।

সারের নাম	পরিমাণ	শেষ চাষের সময় দেয়	১ম কিন্তি	২য় কিন্তি	৩য় কিন্তি
গোবর/কল্পেস্ট	১০-১৫ টন	সব	-	-	-
ইউরিয়া	৩৭৫ কেজি	৩০০ কেজি	২৫ কেজি	২৫ কেজি	২৫ কেজি
টিসেলি	১৫০ কেজি	সব	-	-	-
এমপি	২৫০ কেজি	১২৫ কেজি	৫০ কেজি	৭৫ কেজি	-
জিপসাম	১০০ কেজি	সব	-	-	-

১ম কিন্তি চারা লাগানোর ১০-১৫ দিন পর, ২য় কিন্তি ফল ধরা আরম্ভ হলে এবং তৃয় কিন্তি ফল আহরণের মাঝামাঝী সময় দিতে হয়।

## চারা রোপণ

বীজ বপনের ৩০-৩৫ দিন পর চারা রোপণের উপযোগী হয়। এ সময় প্রতিটি চারার ৫-৬টি পাতা হবে থাকে। অনিবার্য কারণে বেঙ্গনের চারা ২ মাস বয়স পর্যন্ত রোপণ করা চলে। রোপণের দূরত্ত্ব নির্ভর করে জাত ও মাটির উর্বরতার ওপর। সাধারণত ৭০ সেমি প্রশস্ত বেডে ১ সারিতে চারা রোপণ করা হয়। দু'টি বেডের মাঝে ৩০ সেমি প্রশস্ত মালা থাকে। সারিতে গাছ থেকে গাছের দূরত্ত্ব ৬০-৭৫ সেমি হয়ে থাকে।

## সেচ ব্যবস্থা

বেডের দু'পাশের নালা দিয়ে জমিতে সেচ দেয়া সুবিধাজনক। নালায় সেচের পানি বেশিক্ষণ ধরে রাখা যাবে না, গাছের গোড়া পর্যন্ত মাটি ভিজে গেলে নালার পানি ছেড়ে দিতে হবে। খরিক মৌসুমে জমিতে পানি যাতে না জমে সেজান্য পানি নিষ্কাশনের জন্য জমির চারপাশে নালা রাখতে হবে।

## ফসল সঞ্চাহ

চারা লাগানোর ২-৩ মাস পরই ফসল তোলার সময় হয়। প্রতি সঞ্চাহে গাছ থেকে ধারাল ছুরির সাহায্যে বেঙ্গন কাটা ভাল।

## বীজ উৎপাদন

বেঙ্গনের বীজ উৎপাদন খুবই সহজ। এ উদ্দেশ্যে ক্ষেত্রে মধ্য হতে ভাল দেখে গাছ নির্বাচন করে ফোটার পূর্বেই এদের ফুল থলে ঘারা ঢেকে দিতে হয় অথবা অল্যান্য জাত হতে অন্তত ৪০০ মিটার দূরে লাগানো হয় যাতে পর-পরাপায়ন না ঘটে। বীজের জন্য সম্পূর্ণ পাকা ফল সংগ্রহ করা উচিত। ফল যত পাকা হবে বীজও তত পুষ্ট হবে।

## অন্যান্য পরিচর্যা

### বেগনের ঢলে পড়া রোগ

ব্যাটেরিয়াজনিত ঢলে পড়া রোগ হলে পাতা নেতীয়ে গাছ ঢলে পড়ে এবং মারা যায়।

### প্রতিকার

- রোগ প্রতিরোধক জাত লাগাতে হবে।
- আক্রমণ গাছ তুলে ফেলতে হবে।
- আক্রমণ জমিতে শস্য পরিক্রমা অনুসরণ করতে হবে



বেগনের ঢলে পড়া রোগের লক্ষণ

## টমেটো ও বেগনের জোড় কলম প্রযুক্তি

ব্যাটেরিয়াজনিত ঢলে পড়া রোগ ও শিকড়ের পিটি রোগ বেগন এবং আগাম টমেটোর ব্যাপক ক্ষতি করে। মাটিবাহিত এ রোগ থেকে ফসল রক্ষা করা তথা উচ্চ ফলন নিশ্চিত করার জন্য বন্য জাতের বেগনের উপর জোড় কলমের মাধ্যমে টমেটো ও বেগন চাষের একটি প্রযুক্তি উন্নোবন করা হয়েছে। উল্লেখ্য যে, বন্য বেগনের মধ্যে পীত বেগনকেই আদিজোড় গাছ হিসেবে ব্যবহার করা ভাল।

### জোড় কলম তৈরি পদ্ধতি

- টমেটোর চারা ২৫-৩০ দিন এবং বেগনের চারা ৩০-৩৫ দিন বয়সের হলে জোড় কলম করার উপযুক্ত হয়।
- বন্য বেগনের চারা ৪৫-৫০ দিনের বা ৪-৫ পাতা বিশিষ্ট হলে তা জোড়া কলম করার উপযুক্ত হয়।
- টমেটো বা বেগনের চারা বীজতলা থেকে উঠিয়ে শিকড়ের মাটি ধূয়ে কিছুটা পানিসহ একটি পাত্রে গোড়া জুবিয়ে রাখতে হবে।
- পীত বেগনের চারাসহ পদিধিন ব্যাগটি নিয়ে ক্লেভের সাহায্যে চারা ২-৩ পাতাসহ মাধার উপরের অংশ কেটে ফেলতে হবে। কাণ্ডের কাটা মাধারে প্রায় ১ সেমি গভীর করে ২ ভাগে লম্বালম্বি কাটতে হবে।
- এরপর আবাদি টমেটো বা বেগনের মাধার উপরের অংশের প্রায় ৫ সেমি কেটে বড় পাতা ফেলে দিতে হবে। কাটা অংশের নিচের ২ পাশ থেকে প্রায় ১ সেমি লম্বা “V” অক্ষরের মত কাটতে হবে।
- এবার টমেটো বা বেগনের “V” এর ন্যায় মাধাটি (উপজোড়) বন্য বেগন চারার কাটা স্থানে (আদি জোড়) জুকিয়ে দিতে হবে।
- পরবর্তীকালে পদিধিন ক্লিপ (ফিল্ট) দিয়ে বা আফটিং ক্লিপ দিয়ে জোড়াটি ভালভাবে আটকে দিতে হবে এবং গাছের উপরের অংশে পানি ছিটিয়ে দিতে হবে।
- জোড়ার স্থানে হেল পানি না লাগে সেদিকে খেয়াল রাখতে হবে। কলম করার কাজ বিকাল বেলা করাই ভাল।

## কলম গাছের পরিচর্যা

- কলম করা গাছ বাঁশের শলা দিয়ে তৈরি ধীঢ়া ঘরে রেখে পলিথিন ও চট বা কালো কাপড় দিয়ে ঢেকে দিতে হবে।
- কলম করার পর ৭ দিন প্রতি দিনে ৩-৪ বার পানি ছিটিয়ে দিয়ে আবার ঢেকে রাখতে হবে।
- বৃষ্টি না হলে রাতে ধীঢ়ার আচ্ছাদন খুলে রাখা ভাল।
- দিনের বেলা গাছ ঢেকে রাখতে হবে।
- এক সপ্তাহ পর পলিথিন সরিয়ে শুধু চট বা কাল কাপড় দিয়ে ১ সপ্তাহ ঢেকে রাখতে হবে।
- কলম করার ১৫-২০ দিন পর গাছ মাঠে লাগানোর উপযুক্ত হয়।
- মাঠে কলমের চারা লাগানোর ৭-১০ দিন পর বন্য বেঙ্গনের গাছের গজানো ভালগালা কেটে ফেলতে হবে।
- চারা মাঠে লাগানোর ১৫-২০ দিন পরে পলিথিনের বাঁধন খুলে দেওয়া আবশ্যিক। গ্রাফটিং ক্লিপ তাৎক্ষণিকভাবে খুলে সংরক্ষণ করা যায় পরবর্তীকালে ব্যবহারের জন্য।

## বিটি বেগুন

বেগুন অভ্যন্তর সুস্থাদু উচু খাদ্যমান সমৃক্ষ সবজি যা সারা বছর পাওয়া যায়। এই সবজিটি উৎপাদনের প্রধান অন্তরায় ডগা ও ফল ছিদ্রকারী পোকা, যা প্রধান শত্রু পোকা হিসেবে চিহ্নিত হয়েছে। আমাদের কৃষকেরা বেগুন উৎপাদনে উচু শত্রু পোকা দমনের জন্য এক মৌসুমে ১৬০-১৮০ বার স্বাস্থ্য ও পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকারক কৌটিনাশক প্রয়োগ করার পরেও কাঞ্চিত ফল লাভ করতে সক্ষম হচ্ছে না। ফলশ্রুতিতে একদিকে যেমন পরিবেশ দূষণ ও স্বাস্থ্যহানি হচ্ছে অন্যদিকে ফসল উৎপাদনের খরচও ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে এবং উৎপাদনও হ্রাস পাচ্ছে। কাঞ্চিত জাত উত্তাবনে চিরায়ত প্রজনন পদ্ধতির (Conventional) সীমাবদ্ধতা অতিক্রম করার জন্য পৃথিবীব্যাপী বর্তমানে জীব প্রযুক্তি (Biotechnology) প্রয়োগ করা হচ্ছে। USAID এর অর্ধায়নে এবং মুকুরাটের কর্নেল বিশ্ববিদ্যালয়ের কারিগরি সহায়তায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনসিটিউট ABSP II প্রকল্পের মাধ্যমে বারোটেকনোলজিস্ট, উত্তিদ প্রজননবিদ, মৃত্তিকা বিজ্ঞানী, উত্তিদ রোগতত্ত্ব ও কৌটিভুবিদদের নিয়ে একটি মাল্টিডিসিপ্লিনারি টিম গঠন করে বিটি বেগুনের শুরু গবেষণা করে।

চিরায়ত প্রজনন পদ্ধতির মাধ্যমে ডগা ও ফল ছিদ্রকারী পোকা প্রতিরোধী জাত উত্তাবন করা সম্ভব না হওয়ায় উন্নত বিশ্বে আবিষ্কৃত কাঞ্চিত বৈশিষ্ট্যের জিন (Cry1 Ac) বাংলাদেশী নয়টি স্থানীয় জাতে (উত্তরা, কাজলা, নয়নতারা, সিলাথ, চেগা, ইসলামপুরী, দোহাজারী ও ISD 006 সহযোজন করে Bt বেগুন নামে ৯টি জাত উত্তাবন করা হয়েছে।



বিটি বেগুন

বাংলাদেশ কৃষি গবেষণা ইনসিটিউট পরিবেশ ও কৃষি মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে এবং বায়োসেফটি নিয়ম অনুসরণ করে বিগত পাঁচ বছর ধারে দেশের ৭টি স্থানে (জয়দেবপুর, জামালপুর, যশোহর, হাটহাজারী, বরিশাল, টিক্কিলী ও রংপুর) বিটি বেগুনের উপর বহুষানিক পরীক্ষা সম্পন্ন করে। প্রাপ্ত ফলাফল সরেজমিনে দেখানোর জন্য স্থানীয় কৃষক, সম্প্রসারণ কর্মী, এনজিও প্রতিনিধি, সাংবাদিক, জনপ্রতিনিধি ও গবেষকদের নিয়ে মাঠ দিবস আয়োজন করা হয়। প্রতিবছর মাঠ দিবসের সচিব প্রতিবেদন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশিত হয়েছে। Cry I Ac জীন সমৃদ্ধ বিটি বেগুনের খাদ্যমান এবং রাসায়নিক উপাদানসমূহ দেশি বিদেশি উন্নত গবেষণাগারে পরীক্ষ করা হয়েছে এবং এতে মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর কোন উপাদান পাওয়া যায়নি। পৃথিবীর বিভিন্ন উন্নত দেশের ১০টিরও বেশি এক্সিভিয়েটেড ল্যাবরেটরিতে মাছ, মুরগি, ছাগল, ইদুর, মহিষসহ বিভিন্ন প্রাণীর ওপর পরীক্ষা করা হয় এবং তাদের ওপর বিটি বেগুনের কোন ক্ষতিকর (Toxic) প্রভাব লক্ষ্য করা যায়নি। এভাবে সকল প্রক্রিয়া ও আনুষ্ঠানিকতা সম্পন্ন করে বিটি বেগুনের ৪টি জাত অবমুক্ত করা হয়। বর্তমানে পৃথিবীর ২৮টি দেশে প্রায় ১৭০.৩ মিলিয়ন হেক্টর জমিতে GM ফসলের চাষাবাদ হচ্ছে এবং দিন দিন এর আবাদ বৃদ্ধি পাচ্ছে। হিন কৌশল প্রয়োগ করে বিভিন্ন দেশে যেসব ফসলের জাত উত্তোলন করা হয়েছে তার মধ্যে সয়াবিন, ভূট্টা তুলা, পেঁপে, আলু, সুগারবিট প্রভৃতি উল্লেখযোগ্য। আমেরিকাতে (২০১২) প্রায় ৬৯.৫ মিলিয়ন হেক্টর জমিতে ভূট্টা, তুলা, সয়াবিন, আলু, ক্ষোরাশ, পেঁপে ও সুগারবিটের আবাদ হয়। আর্জেন্টিনা ও ব্রাজিলে GM ভূট্টা, তুলা, সয়াবিনের আবাদ হয়। একইভাবে কানাডাতে কেনোলা, সয়াবিন, ভূট্টা, সুগারবিটের এবং চীনে তুলা, পেঁপে, টমেটোসহ বিভিন্ন GM ফসলের আবাদ হচ্ছে। পরিসংখ্যানে দেখা যায় যে, ১৯৯৬ সালে বেখানে GM ফসলের অধীনে জমির পরিমাণ ছিল ১.৭ মিলিয়ন হেক্টর, ২০১২ সালে তা বৃদ্ধি পেয়ে ১৭০.৩ মিলিয়ন হেক্টর হয়েছে। বিটি বেগুন অবমুক্ত করার ফলে বাংলাদেশ GM ফসল চাষে ২৯তম দেশ হিসেবে পরিগণিত হবে। অবমুক্ত বিটি বেগুনের প্রধান সুবিধা হলো বেগুনের প্রধান শর্ক ডগা ও ফল ছিন্নকারী পোকার আক্রমণ থেকে বেগুনকে রক্ষা করে। উত্তোলিত বিটি বেগুনের জাতসমূহ হাইভ্রিড না হওয়ায় কৃষকেরা নিজেদের বীজ নিজেরাই উৎপাদন ও সংরক্ষণ করতে পারবে। কোন একক বীজ কোম্পানীর কাছে প্রতিবছর বীজ কেনার জন্য ধারঙ্গ হতে হবে না। কীটনাশক ব্যবহার সীমিত হওয়ায় পরিবেশ দূষণ কম হবে ও কৃষকের স্বাস্থ্য ভাল থাকবে। সর্বোপরি কৃষক তাদের কাঞ্জিক্ত উৎপাদন বৃদ্ধিসহ আয় বৃদ্ধি করতে সক্ষম হবে।

## বিটি বেগুনের জাত

বারি বিটি বেগুন-১ (উত্তরা), বারি বিটি বেগুন-২ (কাজলা), বারি বিটি বেগুন-৩ (নয়নতারা) ও বারি বিটি বেগুন-৪ (ISD 006) নামের চারটি জাত চার্ষী পর্যায়ে চাষের জন্য অবযুক্ত করা হয়েছে। নিম্নে জাতসমূহের সংক্ষিপ্ত পরিচিতি দেয়া হলো:


বৈশিষ্ট্য	বারি বিটি বেগুন-১ (উত্তরা)	বারি বিটি বেগুন-২ (কাজলা)	বারি বিটি বেগুন-৩ (নয়নতারা)	বারি বিটি বেগুন-৪ (ISD006)
গাছের বৃক্ষির ধরন	ছড়ানো	ছড়ানো	মধ্যম খাড়া	মধ্যম খাড়া
গাছের উচ্চতা	৭০-৮০	৬০-৭৫	১১০-১২০	১০০-১১০
ফল ধরার ধরন	গুচ্ছকারে	গুচ্ছকারে	একক	একক
ফলের বোঁটার রং	বাদামী	বাদামী	সবুজাত বাদামী	বাদামী
ফলের আকার আকৃতি	Elliptical	সিলিঙ্গারাকৃতি	গোল	ভিঘাকৃতি
ফলের রং	গোলাপী	কালচে-বেগুনী	কালচে-বেগুনী	সবুজ
প্রতি ফলের গড় ওজন (গ্রাম)	৬০-৭০	৭৫-৮৫	১২০-১৩০	২০০-২৩০
হেঁকেরপথি ফলন (টন)	৫০-৫৫	৪৫-৫০	৪০-৫০	৩৫-৪০



বারি বিটি বেগুন-১ (উত্তরা)  
BARI Bt Begun-1



বারি বিটি বেগুন-২ (কাজলা)  
BARI Bt Begun-2



বারি বিটি বেগুন-৩ (নয়নতারা)  
BARI Bi Begun-3



বারি বিটি বেগুন-৪ (ISD 006)  
BARI Bi Begun-4

## উৎপাদন প্রযুক্তি

### জলবায়ু ও মাটি

আমাদের দেশের সব রকমের মাটিতে বেগুন চাষ করা যায় এবং ভাল ফসলও দিয়ে থাকে। তবে পানি নিষ্কাশনের সুব্যবস্থা থাকা আবশ্যিক। বেগুন দোআশ বা দোআঁশ মাটিই এর চাষের জন্য সর্বোচ্চ। বেগুনের জন্য  $15^{\circ}$  থেকে  $20^{\circ}$  সে. তাপমাত্রা সবচেয়ে উপযোগী। উচ্চ তাপমাত্রায় বেগুনের ফুল ও ফল উৎপাদন বিছুত হয় এবং এসহয় অনিষ্টকারী পোকা বিশেষ করে ডগা ও ফল ছিন্ককারী পোকার আক্রমণ বেশি হয়।

### চারা উৎপাদন পদ্ধতি

শীতকালীন চাষের জন্য শ্রাবণের মাঝামাঝি থেকে আশ্বিন মাস পর্যন্ত চারা উৎপাদনের জন্য বীজতলায় বীজ বপন করা যায়। বেগুন চাষের জন্য চারা উৎপাদন একটি উকুত্তপূর্ণ কাজ। আমাদের দেশে চাষী ভায়েরা সাধারণত সরাসরি বীজতলায় বীজ বপন করেন। ইতীয় বীজতলায় স্থানান্তর করেন না। এতে বীজের পরিমাণ বেশি লাগে উপরন্ত চারার স্বাস্থ্য ভাল হয়। প্রথমে বীজতলায় ঘন করে বীজ ফেলতে হয়। বীজ গজানোর ১০-১২ দিন পর গজানো চারা ইতীয় বীজতলায় স্থানান্তর করতে হয়। এতে চারা সুস্থ ও সবল হয় এবং ফলন ভাল হয়। বীজতলায় মাটি সম্পরিমাণ বালি, কমপোস্ট ও মাটি মিশিয়ে ঝুর ঝুর করে তৈরি করতে হয়। প্রতি হেক্টারের জন্য ১০০-১৩৫ প্রাম বীজের প্রয়োজন হয়।

## বীজ বপন

বীজতলায় সারিতে বা ছিটিয়ে বীজ বপন করা যায়, তবে সারিতে বপন করা উচ্চম। সারিতে বপনের জন্য প্রথমে নির্দিষ্ট দূরত্বে (৪ সেমি) কাঠি বা টাইন দিয়ে ক্ষুদ্র নালা তৈরি করে তাতে বীজ ফেলে মাটি দিয়ে ঢেকে দিতে হবে। ছোট বীজের বেলায় বীজের দ্বিতীয় পরিমাণ শক্তিনো ও পরিষ্কার বালু বা মিহি মাটি বীজের সাথে ভালভাবে মিশিয়ে মাটিতে বীজ বপন করতে হয়। শক্তিনো মাটিতে বীজ বপন করে সেচ দেয়া উচিত নয়, এতে মাটিতে ঢটা বেঁধে চারা গজাতে ও বাতাস চলাচলে অসুবিধা সৃষ্টি করতে পারে। যেসমত্ত বীজের আবরণ শক্ত, সহজে পানি প্রবেশ করে না, সেগুলোকে সাধারণত বোনার পূর্বে ভিজিয়ে নেয়া হয়।



সারিতে বীজতলায় বীজ বপন



সারিতে বীজতলায় বীজ বপন

## বীজতলায় আচ্ছাদন

আবহাওয়া এবং পারিপার্শ্বিক অবস্থার ওপর ভিত্তি করে বীজতলার উপরে আচ্ছাদনের ব্যবস্থা করতে হবে যেন বৃষ্টির পানি ও অতিরিক্ত সূর্যতাপ থেকে বীজতলাকে রক্ষা করা যায়। আচ্ছাদন বিভিন্নভাবে করা যায়। তবে কম খরচে বাঁশের ফালি করে বীজতলায় প্রস্থ বরাবর ৫০ সেমি পর পর পুঁতে নৌকার 'ছৈ' এর আকারে বৃষ্টির সময় পলিথিন দিয়ে এবং প্রথর রোদে ঢাটাই দিয়ে রক্ষা করা যায়।



বীজতলায় আচ্ছাদন

## চারার যত্ন

চারা গজানোর পর থেকে ১০-১২ দিন পর্যন্ত হালকা ছায়া দ্বারা অতিরিক্ত সূর্যতাপ থেকে চারা রক্ষা করা প্রয়োজন। পানি সেচ একটি উচ্চতপূর্ণ পরিচর্যা তবে বীজতলার মাটি দীর্ঘসময় বেশি ভেজা থাকলে অঙ্গুরিত চারা রোগাক্রান্ত হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পায়। চারার শিকড় যথেষ্ট বৃদ্ধি পেলে রোদ কোন ক্ষতি করতে পারে না, তখন এটি বরং উপকারী। চারা গজানোর ১০-১২ দিন পর বীজতলায় প্রয়োজন মত দূরত্ব ও পরিমাণ মত চারা রেখে অতিরিক্ত চারাগুলি যত্ন সহকারে উঠিয়ে দ্বিতীয় বীজতলায় সারি করে রোপণ করলে মূল্যবান বীজের সান্ত্বন হবে।

## দ্বিতীয় বীজতলায় চারা স্থানান্তরকরণ

জমিতে চারা লাগানোর পূর্বে মূল বীজতলা থেকে তুলে দ্বিতীয় বীজতলায় সবজি চারা রোপণের পদ্ধতি অনেক দেশেই চালু আছে। এ পদ্ধতিকে দ্বিতীয় সবজির চারা স্থানান্তরকরণ পদ্ধতি বলে। দেখা গেছে, ১০-১২ দিনের চারা দ্বিতীয় বীজতলায় স্থানান্তরিত করা হলে কপি গোঁজের সবজি ও টমেটো চারার শিকড় বিকৃত ও শক্ত হয়, চারা অধিক সবল ও তেজী হয়। চারা উঠানোর আগে বীজতলায় পানি দিয়ে এরপর সূচালো কাঠি দিয়ে শিকড়সহ চারা উঠাতে হয়। উঠানো চারা সাথে সাথে দ্বিতীয় বীজতলায় লাগাতে হয়। বাঁশের সূচালো কাঠি বা কাঠের তৈরি সূচালো ক্রম দ্বারা সরু গর্ত করে চারা গাছ লাগানো হয়। লাগানোর পর হালকা পানি দিতে হবে এবং বৃষ্টির পানি ও রোদ থেকে রক্ষার জন্য পলিথিন বা চাটাই দ্বারা ঢেকে দিতে হবে।



দ্বিতীয় বীজতলায় স্থানান্তরযোগ্য চারা



বীজতলায় চারার সেমিনেল

## বীজতলায় চারার রোগ দমন

বীজতলায় ব্যবহৃত বীজ গজানোর পূর্বে বীজ এবং পরে কচি চারা রোগাক্রান্ত হতে পারে। অঙ্কুরোদগমরত বীজ আক্রান্ত হলে তা থেকে আসৌ চারা গজায় না। গজানোর পর রোগের আক্রমণ হলে চারার কাণ্ড মাটি সংলগ্ন স্থানে পচে শিয়ে নেতৃত্বে পড়ে। একটু বড় হওয়ার পর আক্রান্ত হলে চারা সাধারণত মরে না, কিন্তু এদের শিকড় দুর্বল হয়ে যায়। চারা এভাবে নষ্ট হওয়াকে বলে ড্যাম্পিং-অফ। বিভিন্ন জোড়াক এর জন্য দায়ী। ড্যাম্পিং অফ রোগ বাংলাদেশে চারা উৎপাদনের এক বড় সমস্যা। বীজতলায় মাটি সব সময় ভেজা থাকলে এবং মাটিতে বাতাস চলাচলের ব্যাধাত হলে এ রোগ বেশি হয়। এ জন্য বীজতলায় মাটি সুনিষ্কাশিত রাখা রোগ দমনের প্রধান উপায়। প্রতিষেধক হিসেবে মাটিতে ক্যাপ্টান, কপার অক্সিক্লোরাইড বা ডায়থেন এম-৪৫ এক থেকে দুই গ্রাম প্রতিলিটার পানিতে মিশিয়ে বীজতলার মাটি ভালকরে ডিজিয়ে কয়েকদিন পর বীজ ব্যবহার করতে হবে।

## চারার কষ্ট সহিষ্ণুতা বর্ধন

রোপণের পর মাঠের প্রতিকূল পরিবেশ ঘেমন- ঠাণ্ডা আবহাওয়া বা উচ্চ তাপমাত্রা, পানির স্থলতা, শক্ত বাতাস এবং রোপণের ধূকল ও রোপণকালীন সময়ে চারার স্তুক্ত ইত্যাদি ঘাতে সহজেই কাটিয়ে উঠতে পারে সেজন্য বীজতলায় থাকাকালীন চারাকে কষ্ট সহিষ্ণু করে তোলা হয়। যে কোন উপায়ে চারার বৃক্ষি সাময়িকভাবে কমিয়ে ঘেমন- বীজতলায় ক্রমান্বয়ে পানি সেচের পরিমাণ কমিয়ে বা দুই সেচের

মাঝে সময়ের ব্যবধান বাড়িয়ে চারাকে কট সহিষ্ণু করে তোলা যায়। কট সহিষ্ণুতা বর্ধনকালে চারা শ্বেতসার (কোর্বেহাইড্রেট) জমা হয় এবং রোপণের পর এই শ্বেতসার দ্রুত নৃতন শিকড় উৎপাদনে সহায়তা করে। ফলে সহজেই চারা রোপণজনিত আঘাত সহে উঠতে পারে।

### চারা উৎপাদনের বিকল্প পদ্ধতি

প্রতিকূল আবহাওয়ায় বীজতলায় চারা উৎপাদনের জন্য বিকল্প পদ্ধতি হিসেবে সবজির চারা কাঠের বা প্লাস্টিকের ট্রি, পলিথিনের ব্যাগে, মাটির টবে, গামলায়, থালায়, কলার খোলে উৎপাদন করা যায়। কোন কোন সময় কুমড়া, শিম জাতীয় সবজির চারা রোপণ করার প্রয়োজন দেখা যায়। কিন্তু এসব সবজি রোপণ জনিত আঘাত সহজে কাটিয়ে উঠতে পারে না। ছোট আকারের পলিথিনের ব্যাগে বা উপরে উল্লিখিত অন্যান্য মাধ্যমে এদের চারা উৎপাদন করা উচিত যাতে শেকরে মাটিসহ চারা রোপণ করা যায়।




বিকল্প পদ্ধতিতে চারা উৎপাদন



বিকল্প পদ্ধতিতে চারা উৎপাদন

## বিটি বেগন চাষকৃত জমির নকশা

বিটি বেগন চাষ অন্য সাধারণ বেগন চাষের ন্যায়। তবে বিটি বেগন চাষের জমি চার পার্শ্বে ১-২ সালি সাধারণ বেগনের চারা উদ্বাস্ত ফসল হিসেবে রোপণ করতে হয়। নিম্নে প্রায় ১ বিধি জমিতে বিটি বেগন চাষের নমুনা নকশা দেয়া হলো।



## জমি তৈরি

৪-৫টি চাষ দিয়ে এমন ভাবে জমি তৈরি করতে হয় যাতে জমিতে মাটির চেলা না থাকে। বেড়ে চারা রোপণই উচ্চম।

বেড়ের আকার	প্রস্থ: ৭০ সেমি
	দৈর্ঘ্য: জমির দৈর্ঘ্যের ওপর নির্ভর করবে
দূরত্ব	১০০ x ৮০ সেমি
নালার আকার	প্রস্থ: ৩০ সেমি গভীরতা: ২০ সেমি

## সারের পরিমাণ ও প্রয়োগ

বেগুন এমন একটি ফসল সার প্রয়োগ ব্যতীত ঘার সন্তোষজনক উৎপাদন চিন্তা করা যায় না। মাটি থেকে ইহা প্রচুর পরিমাণ খাদ্যাপাদান শোষণ করে। বৃক্ষের প্রাথমিক পর্যায়ে খাদ্যের অভাব হলে গাছ দ্রুত বাঢ়ে না এবং পরবর্তী পর্যায়ে খাদ্যের ব্যর্জন ফলনের ওপর বিকল্প প্রতিক্রিয়া সৃষ্টি করে। তাই বেগুন চাষের জন্য হেঁষেরপ্রতি নিম্নোক্ত পরিমাণ সার ব্যবহারের সুপারিশ করা হয়।

সার	পরিমাণ/হে.	শেষ চাষের সময় দেয়	১ম কিন্তি	২য় কিন্তি	৩য় কিন্তি
গোবর/কম্পোস্ট	১০-১৫ টন	সব	-	-	-
ইউরিয়া	৩০০ কেজি	-	১০০ কেজি	১০০ কেজি	১০০ কেজি
চিএসপি	১০০ কেজি	সব	-	-	-
এমপি	২০০ কেজি	সব	-	-	-

\*১ম কিন্তি চারা লাগানোর ১০-১৫ দিন পর, ২য় কিন্তি ফল ধরা আরম্ভ হলে এবং ৩য় কিন্তি ফল আহরণের মাঝামাঝি সময় দিতে হবে।

## চারা রোপণ

৩০-৩৫ দিন বয়সের চারা রোপণ করা উচ্চম। এ সময় প্রতিটি চারার ৫-৬টি পাতা হয়ে থাকে। অনিবার্য কারণে বেগুনের চারা ২ মাস বয়স পর্যন্ত রোপণ করা চলে। রোপণের দূরত্ব নির্ভর করে জাত ও মাটির উর্বরতার ওপর। সাধারণত ৭০ সেমি প্রশস্ত বেড়ে এক সারিতে চারা রোপণ করা হয়। দুটি বেড়ের মাঝে ৩০ সেমি প্রশস্ত নালা থাকে। সারিতে গাছ থেকে গাছের দূরত্ব ৭০-৮০ সেমি রাখতে হয়।

## সেচ ব্যবস্থা

বেড়ের দু'পাশের নালা দিয়ে জমিতে সেচ দেয়া সুবিধাজনক। নালায় সেচের পানি বেশিক্কণ ধরে রাখা যাবে না, গাছের পোড়া পর্যন্ত মাটি ভিজে গেলে নালার পানি ছেড়ে দিতে হবে।

খরিফ মৌসুমে জমিতে পানি যাতে না জমে সেজন্য পানি নিষ্কাশনের জন্য জমির চারপাশে নালা রাখতে হবে।

## ফসল সংগ্রহ

চারা দাগানোর ৫০-৬০ দিন পরই ফসল কাটার সময় হয়। ৭-১০ দিন পরপর গাছ থেকে ধারাল জুরির সাহায্যে বেগন কাটা ভাল।

## ফলন

৩০-৭০ টন/হেক্টর।

## পোকামাকড়

বিটি বেগন ডগা ও ফল ছিদ্রকর পোকা প্রতিরোধী।

## পাতার হপার পোকা

**ক্ষতির সম্পর্ক:** আক্রমণ বেগনের পাতা কিনারা বরাবর উপরের দিকে বেঁকে যায়। পাতার কিনারে হলুদাভ হয়ে যায় অথবা গুছে যাওয়ার মত মনে হয়। পাতার বৃক্ষ ব্যাহত হয় বলে পাতা ছোট থেকে যায় এবং মোজাইক ধরনের হলুদ রং পরিচাক্ষিত হয়। আক্রমণ পাছে ফল ধরার সংখ্যা মারাত্মকভাবে কমে হেতে পারে। পাতার হপার পোকা প্রকৃত পক্ষে সারা বছরই বশে বৃক্ষ করে থাকে তবে তক্ষ মৌসুমে এদের সংখ্যা দ্রুত বৃক্ষ পায়। এই পোকা পাতার নিচের দিকে ক্ষুদ্র ক্ষুদ্র তিম পাঢ়ে। প্রাণ বয়স হওয়ার পূর্ব পর্যন্ত ক্ষুদ্র নিষ্ফলমূহ পাতার নিচ দিক থেকে রস চূঁৰে যায়। এদের জীবন কাল ৫-৭ সপ্তাহ এবং একই মৌসুমে একাধিক প্রজন্ম হয়ে থাকে।

## দমন ব্যবস্থাপনা

- প্রতিরোধী জাত বেগন, বারি বেগন-৬ বা বিএল ১১৪ চাষ করা।
- নিমতেল ৫ মিলি + ৫ গ্রাম ট্রিক্স প্রতি লিটার পানিতে মিশিয়ে পাতার নিচের দিকে স্প্রে করা।
- এককেজি আধা ভাঙ্গা নিমবীজ ২০ লিটার পানিতে ১২ ঘন্টা তিজিয়ে রেখে উক্ত পানি পাতার নিচের দিকে স্প্রে করা।
- পাঁচ হাত পরিমাণ গুঁড়া সাবান প্রতি লিটার পানিতে মিশিয়ে পাতার নিচের দিকে স্প্রে করা।
- আক্রমণের হার অত্যন্ত বেশি হলে ম্যালগার্থিয়ন ৫৭ ইসি জাতীয় কীটনাশক (প্রতিলিটার পানিতে ২ মিলি পরিমাণ) স্প্রে করা অথবা একমাত্রার ১০০ এমএল (প্রতিলিটার পানিতে ০.২৫ মিলি পরিমাণ) মিশিয়ে স্প্রে করা।

## ইপিল্যাকনা বিটল

**কৃতির লক্ষণ:** এই পোকা পাতার শিরাগুলোর মাঝের অংশ থেয়ে ফেলে। মধ্য শিরা বাদে পাতার সমস্ত অংশ থেয়ে ঝাঁকারা করে ফেলতে পারে এবং ফলের উপরি ভাগের কিছু অংশ থেয়ে ফেলতে পারে অথবা ছোট ছিদ্র করতে পারে। প্রাণ বয়স্ক ও কীড়া প্রায়শই একই সাথে দেখা যায়। প্রাণ বয়স্ক পোকা সাধারণ লেডি বিটল এর মত দেখা যায় কিন্তু লেডি বিটল পোকা গাছ বা গাছের পোকা খায় না। ইপিল্যাকনা বিটল ডিমাকার এবং পিঠে কাল ফোটাযুক্ত বাদামী রঙের। কীড়ার রং ফ্যাকাশে হলুদ এবং পিঠের উপরিভাগে ও পাশে শাখা প্রশাখাবিশিষ্ট ছোট ছোট কাঁটা দ্বারা আবৃত থাকে। প্রাণ বয়স্ক স্ত্রী ইপিল্যাকনা বিটল বেশির ভাগ সময়ে পাতার নিচের দিকে সিগার আকৃতির হলুদ রঙের ডিম পারে। ডিম ফুটে কাটাযুক্ত হলুদ কীড়া বের হয়ে পাতার নিচের অংশ থাওয়া শুরু করে। ইপিল্যাকনা বিটলের কীড়া ৪টি ধাপ অতিক্রম করে পূর্ণতা প্রাপ্ত হয়, পূর্ণাঙ্গ কীড়া ৬ মিমি লম্বা হয়ে থাকে। কালচে রঙের পিউপাসমূহ পাতা অথবা কাণ্ডে ধাকতে দেখা যায়। ইপিল্যাকনা বিটলের জীবনচক্র ১৫-২০ দিনের মধ্যে সম্পন্ন হয়ে থাকে এবং একই মৌসুমে কয়েক প্রজন্ম হয়ে থাকে।

## দমন ব্যবস্থাপনা

১. পোকাসহ আক্রমণ পাতা হাত বাঁছাই করে মেরে ফেলা।
২. নিমতেল ৫ মিলি + ৫ গ্রাম ট্রিক্স প্রতিলিটার পানিতে মিশিয়ে রেখে উক্ত পানি স্প্রে করা।
৩. এক কেজি আধা ভাঙ্গা নিমবীজ ১০ লিটার পানিতে ১২ ঘন্টা ভিজিয়ে রেখে উক্ত পানি স্প্রে করা।
৪. আক্রমণের হার অত্যন্ত বেশি হলে ম্যালাদিয়ন ৫% ইসি জাতীয় কীটনাশক (প্রতিলিটার পানিতে ২ মিলি পরিমাণ) স্প্রে করা।

## লাল মাকড়

**কৃতির লক্ষণ:** লাল মাকড় খাওয়া বেগনের পাতায় হলুদাভ ছোপ ছোপ দাগের সৃষ্টি হয়। যখন এই ধরনের আক্রমণ পাতার নিচের দিকে মাঝখানে বেশি হয় তখন প্রায় সব ক্ষেত্রেই পাতা কুঁকড়ে যেতে দেখা যায়। ব্যাপক আক্রমণের ফলে সম্পূর্ণ পাতা হলুদ ও বাদামী রং ধারণ করে এবং শেষ পর্যন্ত পাতা করে পড়ে। লাল মাকড় পাতার নিচের পৃষ্ঠদেশে অত্যন্ত সূন্দর সূন্দর ডিম পাঢ়ে যা খালি চোখে দেখা যায় না।

এই ডিম থেকে কমলা রঙের বাচ্চা বের হয়ে পাতার নিচের পৃষ্ঠাদেশে থেতে থাকে। এক সঙ্গাহের মধ্যেই বাচ্চাগুলো গাঢ় কমলা বা লাল রঙের পূর্ণ মাকড়ে পরিষ্কত হয় যা দেখতে কুণ্ড মাকড়সার মত। এদের পাতার নিচের পৃষ্ঠাদেশে চলাফেরা করতে দেখা যায়।

### দমন ব্যবস্থাপনা

- নিমতেল ৫ মিলি + ৫ গ্রাম ট্রিক্স প্রতিলিটার পানিতে মিশিয়ে পাতার নিচের দিকে স্প্রে করা।
- এক কেজি আধা ভাঙ্গা নিমবীজ ১০ লিটার পানিতে ১২ ঘন্টা ভিজিয়ে রেখে উক্ত পানি পাতার নিচের দিকে স্প্রে করা।
- আক্রমণ তীব্র হলে প্রতিলিটার পানির সাথে মাকড়নাশক (বেমন- ওমাইট ৫৭ তরল ১ মিলিলিটার হারে) পাতা ভিজিয়ে স্প্রে করে মাকড়ের আক্রমণ প্রতিহত করা সম্ভব। মাকড়নাশক পাওয়া না গেলে সালফার জাতীয় ছাঁচাকনাশক (কুমলাঞ্জ ইত্যাদি) স্প্রে করে মাকড়ের আক্রমণ কমানো সম্ভব। লক্ষ্য রাখতে হবে, মাকড়ের সাথে অন্য পোকার আক্রমণ দেখা দিলে প্রথমে মাকড়নাশক ব্যবহার করে অতঃপর কীটনাশক প্রয়োগ করতে হবে।

### রোগবালাই

### কাও পচা ও ফল পচা (ফমপসি)

### দমন ব্যবস্থাপনা

- সুস্থ ও রোগমুক্ত বীজ ব্যবহার করা।
- সেচ বা বৃষ্টির পর গাছের গোড়ার মাটি আলগা করা।
- প্রতিকেজি বীজে ২ গ্রাম ভিটাভেজ ২০০ দিয়ে শোধন করা; ৫০° সে. তাপমাত্রার গরম পানিতে ১৫ মিনিট রেখে বীজ শোধন করা।
- রোগ কাণ্ডে দেখা দিলে গাছের গোড়াসহ মাটি প্রতিলিটার পানিতে ২ গ্রাম পরিমাণ ব্যাভিস্টিন/নোইন ভগিয়ে ভালভাবে ভিজিয়ে দিতে হবে। বীজ বেঙ্গনে রোগ দেখামাত্র ছাঁচাকনাশক স্প্রে করা।

৫. রোগ হয় একুপ জমিতে কমপক্ষে ৩ বছর শস্য পর্যায় অনুসরণ করা।
৬. ফসল সংগ্রহের পর মুড়ি গাছ না রেখে সমস্ত গাছ, ডালপালা, পাতা ইত্যাদি একত্র করে পুড়িয়ে ফেলা।

## চলেপড়া রোগ

### দমন ব্যবস্থাপনা

১. আক্রান্ত গাছ দেখলেই প্রাথমিকভাবে তা তুলে ধ্বংস করা।
২. রোগ প্রতিরোধী জাতের চাষ করা।
৩. বন বেঙ্গল হথা ট্রিভার্ম বা সিসিট্রিফলিয়ামের সাথে জোড় কলম করা।

## গুচ্ছগাতা

### দমন ব্যবস্থাপনা

১. আক্রান্ত গাছ দেখলেই প্রাথমিকভাবে তা তুলে ধ্বংস করা।
২. ক্ষেত্রের আগাছা পরিষ্কার করা।
৩. ক্ষেতে জ্যাসিত পোকার উপস্থিতি দেখা দিলে অনুমোদিত কীটনাশক প্রয়োগ করে তা দমন করা।

## মূলা

মূলা কুবি মৌসুমের একটি প্রধান সবজি। বাংলাদেশে বর্তমানে প্রায় ২ লক্ষ টন মূলা উৎপাদিত হয়। দেশে সকল শ্রেণির লোকের নিকট মূলা একটি সমাদৃত সবজি। সালাদ, তরকারি ও ভাজি হিসেবে এর বহুল প্রচলন রয়েছে। মূলার পাতা শাক হিসেবেও খাওয়া যায়। এতে প্রচুর ভিটামিন ‘এ’ রয়েছে।



মূলা ফসল

## মূলার জাত

### বারি মূলা-১ (তাসাকীসান)

১৯৮৬ সালে ‘বারি মূলা-১’ জাতটি ‘তাসাকীসান’ নামে অনুমোদন করা হয়। মূলা দেখতে ধৰধৰে সাদা ও বেলুনাকৃতির হয়। পাতায় ৩২ থাকে না বলে শাক হিসেবে ব্যবহারের জন্য খুবই উপযোগী। বীজ বপনের ৪০-৪৫ দিন পর থেকেই সঞ্চাহের উপযোগী হয়। প্রায় ৭০ দিন পর্যন্ত আঁশহীন থাকে ও ফাঁপা হয় না। এ মূলা লঘায় ৩০-৪০ সেমি। প্রতি মূলার ওজন প্রায় ৯০০-১১০০ গ্রাম। এ জাতের মূলা অর্ধেকের বেশি অংশ মাটির উপরিভাগে জন্মে।

মূলা খেতে সুস্থান ও প্রায় কাঁকবিহীন। দেশীয় আবহাওয়ায় এ জাত প্রচুর পরিমাণে বীজ উৎপাদন করতে সক্ষম। মূলার জীবন কাল ৫০-৬০ দিন এবং বীজ ফসলের জন্য ১৪৫-১৫৫ দিন। উন্নত পক্ষভিত্তে চাষ করলে হেষ্টেরপ্রতি মূলার ফলন ৭০-৮০ টন এবং বীজ ফলন ১.০-১.৫ টন হয়।



বারি মূলা-১

## বারি মূলা-২ (পিকি)

‘বারি মূলা-২’ নামের লালচে রঙের মূলা জাতটি ১৯৯৬ সালে পিকি নামে অনুমোদন করা হয়।

এ জাতের মূলা নলাকৃতির এবং পাতায় শুভই কম বলে শাক হিসেবে খাওয়ার উপযোগী। এ জাতের মূলায় সাধারণত কোন শাখা শিকড় হয় না এবং মূলার ভিতরে সহজে ফাঁপা হয় না। বীজ বপনের ৪০-৪৫ দিন পর সংগ্রহের উপযোগী হয় এবং আর ৭৫ দিন পর্যন্ত তা খাওয়ার উপযোগী থাকে। মূলা লস্থায় ২৫-৩৫ সেমি এবং অর্ধেকের বেশি অংশ মাটির উপরিভাগে জন্মে। প্রতি মূলার ওজন ৮০০-৯০০ গ্রাম। মূলা খেতে সুস্বাদু এবং একটু ঝাঁঝালো।

স্থানীয় আবহাওয়ায় বীজ উৎপাদন করা যায়। মূলার জীবন কাল ৭০-৮০ দিন এবং বীজ ফসলের জন্য ১৪৫-১৫৫ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেঁটুরপ্তি ফলন ৫৫-৬০ টন এবং ০.৯-১.১ টন বীজ পাওয়া যায়।



বারি মূলা-২

## বারি মূলা-৩ (দ্রুতি)

বাছাই প্রক্রিয়ার মাধ্যমে ‘বারি মূলা-৩’ জাতটি উত্থাপন করা হয় এবং ১৯৯৮ সালে ‘দ্রুতি’ নামে অনুমোদন করা হয়। ‘বারি মূলা-৩’ একটি উচ্চ ফলনশীল, রোগ ও পোকার আক্রমণ প্রতিরোধী জাত।

এ জাতের মূলার রং সাদা এবং আকৃতি অনেকটা নলাকার। পাতার কিনারা ঢেউ খেলানো। মূলার অর্ধেক অংশ মাটির উপরে ধাকে। এ জাতের মূলা ৪০-৪৫ দিনের মধ্যেই খাবার উপযুক্ত হয়। মূলার ওজন ৪০০-৬০০ গ্রাম ও লম্বা ২৩-২৬ সেমি।

এদেশের আবহাওয়ায় দ্রুতি জাতের মূলার বীজ উৎপাদন করা যায়। এ জাতটির জীবন কাল ৫৫-৬০ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেষ্টেরপ্রতি মূলার ফলন ৪০-৪৫ টন ও ১.২-১.৩ টন বীজ পাওয়া যায়।



বারি মূলা-৩

## বারি মুলা-৪

নলাকৃতি ধর্বধরে সাদা বর্ণের 'বারি মুলা-৪' জাতটি ২০০৮ সালে অনুমোদন করা হয়। বাংলাদেশের সর্বত্র শীতমৌসুমে এই জাতটি চাষ করা যায়। পাতা খাজকাটি বিশিষ্ট (জাপানিজ মিনো আরলি টাইপ)। মুলা লম্বায় ৩০-৩৫ সেমি।

প্রতিটি মুলার গড় ওজন ৭০০-৮০০ গ্রাম। জীবনকাল ৬০-৭০ দিন (বীজ বপনের পর)। হেঁটেরপ্রতি গড় ফলন ৬৫-৭০ টন। জাতটি দেশীয় আবহাওয়ায় ১.২-১.৫ টন/হেঁটের বীজ উৎপন্ন করে।



বারি মুলা-৪

## উৎপাদন প্রযুক্তি

### মাটি

দোআঁশ ও বেলে-দোআঁশ মাটি মূলা চাষের জন্য সবচেয়ে ভাল। অধিক পরিমাণ জৈব সার ও প্রয়োজনীয় রাসায়নিক সার ব্যবহার করে অধিকাংশ উচু জমির মাটিতে এর চাষ করা যায়।

### বীজের হার ও বীজ বপন

আশ্বিন থেকে কার্তিক মাস (মধ্য-সেপ্টেম্বর থেকে মধ্য-নভেম্বর) মূলার বীজ বপন করা যায়। হেষ্টেরপ্রতি ২.৫-৩.০ কেজি বীজের প্রয়োজন হয়। সাধারণত মূলার বীজ ছিটিয়ে বপন করা হয়। কিন্তু বীজ সারিতে বপন করা ভাল। এতে বীজের পরিমাণ কম লাগে এবং পরবর্তী পরিচর্যা সহজ হয়।

### সার প্রয়োগ

মূলার জমিতে নিম্নরূপ হারে সার প্রয়োগ করতে হবে।

সারের নাম	সারের পরিমাণ/হেষ্টের
ইউরিয়া	৩০০-৩৫০ কেজি
টিএসপি	২৫০-৩০০ কেজি
এমওপি	২১৫-২৩৫ কেজি
গোবর বা কম্পোস্ট	৮-১০ টন

### সার প্রয়োগ পদ্ধতি

শেষ চাষের সময় সবাইকু গোবর বা কম্পোস্ট সার ও টিএসপি এবং ইউরিয়া ও এমওপি সারের অর্ধেক জমিতে সমানভাবে ছিটিয়ে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। বাকি ইউরিয়া ও এমওপি সার সমান অংশে যথাজলমে বীজ বপনের তৃতীয় ও পঞ্চম সপ্তাহে ২ কিলোগ্রাম প্রয়োগ করতে হবে।

## অন্তর্ভূকালীন পরিচর্যা

বীজ বপনের ৭-১০ দিনের মধ্যে ৩০ সেমি দূরত্বে একটি ভাল গাছ রেখে বাকি গাছ উঠিয়ে ফেলতে হবে। মাটিতে রস কম থাকলে বপনের ৭-১০ দিনের মধ্যেই একটি সেচ দিতে হয়। সাধারণত ২ সঙ্গাহ পর ২-৩ বার সেচ দিলে মূলার ফলন ভাল হয়। গাছের স্বাভাবিক বৃদ্ধির জন্য জমি আগাছামুক্ত রাখতে হবে। এজন্য নিড়ানি দিয়ে আগাছা পরিষ্কার করে মাটির চাটা ভেঙ্গে দিতে হবে।

## মূলার মূল ও পাতা কর্তন পদ্ধতি

মূলার বয়স ৪০-৪৫ দিন হলে জমি থেকে সমস্ত মূলা উঠিয়ে জাতের বিবরণতা, আকৃতি ইত্যাদি বিবেচনা করে বাছাই করতে হবে। বাছাইকৃত মূলার মূলের এক চতুর্থাংশ এবং পাতার দুই তৃতীয়াংশ কেটে ফেলতে হবে। মূলের কাটা অংশ ডায়াখেন এম-৪৫ (২ গ্রাম প্রতি লিটার পানিতে মিশিয়ে) এর দ্রবণে ভুবিয়ে নিতে হবে। পরে পূর্বে প্রস্তুত করা বেড়ে সারি পদ্ধতিতে ( $60 \times 45$  সেমি) পাতা উন্মুক্ত রেখে সম্পূর্ণ মূলা গর্তে স্থাপন করে মাটি দিয়ে ঢেকে দিতে হবে। এ পদ্ধতিতে পুণরায় রোপণকৃত গাছ থেকে অধিক পরিধানে বীজ পাওয়া যায়। বীজ-ফসলের জমিতে সর্বদা রস থাকতে হবে। গাছে ফুল আসার পর হেষ্টেরপ্রতি ১০০ কেজি ইউরিয়া ও ২০০ কেজি এমপি সার বেড়ে ছিটিয়ে ভালভাবে মিশিয়ে দিতে হবে। প্রতিকূল আবহাওয়ায় বীজ-ফসল যাতে মাটিতে পড়ে না যায় সেজন্য ঢেকনা দিতে হবে। মূলার বীজ ফসলে জাব পোকা দেখা দেওয়া মাত্র পিরিমি/জোলন/ম্যালাথিয়ন ২ মিলি প্রতি লিটার পানিতে মিশিয়ে প্রয়োগ করতে হবে। বীজ বপনের পর ৪-৫ মাসের মধ্যেই বীজ সঞ্চাহের উপযুক্ত হয়।

## বোরন সার প্রয়োগ

সুষম সারসহ মূলার প্রতি হেষ্টের জমিতে ১০-১৫ কেজি বরিক এসিড/বোরাক্স প্রয়োগ করে মূলার বীজের ফলন বাড়ানো যায়।

## শিম

শিম সবজি হিসেবে বাংলাদেশের সর্বজনীন বাণিজ্যিকভাবে ও বসতবাড়িতে চাষাবাদ হচ্ছে। শিমে উল্লেখযোগ্য মাত্রায় ক্যালসিয়াম, ভিটামিন 'সি', ক্যারোটিন বিদ্যমান। শিমে প্রোটিনের সমৃদ্ধতা এবং আঁশ জাতীয় উপাদান সব চেয়ে গুরুত্বপূর্ণ। শিম শীতকালীন সবজি হলেও বর্তমানে গ্রীষ্মকালে এর চাষ সম্প্রসারিত হয়েছে।



শিমের খণ্ড



শিমের ফসল

## শিমের জাত

### বারি শিম -১

'বারি শিম-১' নামে উফশী শিম জাতটি বাছাইয়ের মাধ্যমে ১৯৯৬ সালে অনুমোদন করা হয়।

শিমের বর্ণ সবুজ। প্রতিটি শিম ১০-১১ সেমি লম্বা ও ২.০-২.৫ সেমি প্রশস্ত। প্রতিটি শিমের ওজন ১০-১১ গ্রাম এবং শিমপ্রতি ৪-৫টি বীজ হয়। প্রতি গাছে ৪৫০-৫০০টি শিম থারে। শিম পাকার পূর্ব পর্যন্ত নরম থাকে এবং খেতে সুস্বাদু।

জাত মাঝারী আগাম। এ জাতটির জীবন কাল ২০০-২২০ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেঠেরপ্রতি ২০-২২ টন ফলন পাওয়া যায়। জাতটি ভাইরাসজনিত রোগ প্রতিরোধী। বাংলাদেশের অধিকাংশ অঞ্চলে এ জাতটি চাষ করা যায়।



বারি শিম-১ এর ফসল

## বারি শিম-২

বাহাই প্রক্রিয়ার মাধ্যমে উন্নতি এ জাতটি ১৯৯৬ সালে অনুমোদন করা হয়।

প্রতিটি শিম ১০-১৩ সেমি লম্বা ও ১.৫-৩.০ সেমি প্রস্থ। প্রতি শিমের ওজন ৭-৮ গ্রাম। প্রতিটি শিমে ৪-৫টি বীজ হয়। প্রতিটি গাছে ৩৮০-৪০০টি শিম ধরে। পাকার পূর্ব পর্যন্ত ফল নরম থাকে।

এক মৌসুমে ১৫ থেকে ১৬ বার শিম সংগ্রহ করা যায়। বাংলাদেশের সব অঞ্চলে এ জাতটি চাষাবাদ করা যায়। জীবন কাল ১৯০-২১০ দিন। ফলন ১২-১৪ টন/হেক্টর।



বারি শিম-২

## বারি শিম-৩ (গ্রীষ্মকালীন)

বাছাই প্রক্রিয়ার মাধ্যমে ‘বারি শিম-৩’ জাতটি উত্থাবন করা হয়।

তাপ অসংবেদনশীল ও দিবস নিরপেক্ষ জাত। বছরের যে কোন সময় চাষ করা যায়। ফুল সাদা রঙের এবং শিম সবুজ বর্ণের। প্রতিটি শিমের গুজন ৬-৭ গ্রাম। প্রতিটি শিমে ৪-৫টি বীজ হয়। গাছপ্রস্তুতি ৪৫০-৫০০টি শিম ধরে এবং পাকার পূর্বক্ষণ পর্যন্ত নরম থাকে। খেতে সুস্থানু। ১২-১৪ বার শিম সংগ্রহ করা যায়।

বাংলাদেশের সব অঞ্চলে এ জাতটি চাষ করা যায়। গ্রীষ্মকালে চাষ করতে হলে মার্চ মাসে এবং শীতকালের অন্ত জুন মাসে বীজ বপন/চারা রোপণ করতে হয়। জীবন কাল ১৫০-১৮০ দিন। ফলন ৯-১০ টন/হেক্টর (গ্রীষ্মকালে) এবং ১৫-১৮ টন/হেক্টর (শীতকালে)।



বারি শিম-৩

### বারি শিম-৪

বাহাই প্রজিয়ার মাধ্যমে ‘বারি শিম-৪’ জাতটি মুক্তায়িত হয়েছে। এটি উচ্চ ফলনশীল শিমের জাত এবং দীর্ঘ দিন ব্যাপী সংগ্রহ করা যায়। শিম কাণ্ডে আকৃতির। ফল হিন্দুকারী পোকার আক্রমণ সহনশীল জাত।

বাংলাদেশের সব অঞ্চলে এ জাতটি চাষ করা যায়। আষাঢ়-শ্রাবণ মাসে এ জাতের বীজ বপন করা যায়। হেঁটেরপ্রতি ফলন ১৬-১৮ টন।



বারি শিম-৪ এর ফসল

## বাবি শিম-৫

বাছাই প্রক্রিয়ার মাধ্যমে ‘বাবি শিম-৫’ জাতটি মুক্তায়িত হয়েছে। এ জাতের গাছ খাটো প্রকৃতির তাই মাচা ছাড়াই ছোট খুঁটি দিয়ে চাষ করা যায়। গাছের উচ্চতা ৩৫-৪৫ সেমি। প্রতি গাছে ৫০-৬০টি শিম পাওয়া যায় এবং শিম ৯-১০ সেমি লম্বা, সবুজ, নরম মাংসল, কম আঁশযুক্ত হয়ে থাকে। লাগানোর ৩৫-৪০ দিনের মধ্যে ফুল আসতে শুরু করে এবং ৭৫-৮৫ দিন পর্যন্ত শিম সংগ্রহ করা যায়।

সারা দেশে সবজি চাষের এলাকায় এ জাতটি চাষ করা যায়। বীজের হার প্রতি হেক্টরে ১২-১৫ কেজি। আশ্বিন মাসে বপন করে কার্তিক মাসে রোপণ করলে ফলন ভাল হয়। রোপণ দূরত্ব  $60 \times 50$  সেমি। জীবন কাল ৭৫-৮৫ দিন। ফলন ১২-১৪ টন/হেক্টর।



বাবি শিম-৫ এর ফসল

### বারি শিম-৬

বাছাই প্রজিন্যায় উভাবিত এ জাতের শিম লম্বা, ন্যূনতম ধরনের। পড়গলো খুব লম্বা, ২০-২২ সেমি লম্বা ও ১.৭৫-২.২৫ সেমি প্রস্থ। পড়গলো কাণ্ঠে আকৃতির, নরম মাসল ও আশ বিহীন। গাহপ্রতি পড়ের সংখ্যা ২৫০-৩০০টি।

ধীর সামান্য চেন্টা, কুচকানো কালচে বাদামী রঙের। জাতটি বাংলাদেশের সকল এলাকায় চাষাবাদ উপযোগী। জীবন কাল ২২০-২৫০ দিন। ফলন ১৭-২০ টন/হেক্টর।



বারি শিম-৬

### বারি শিম-৭

বাছাই প্রক্রিয়ার মাধ্যমে 'বারি শিম-৭' জাতটি অবমুক্ত করা হয়। 'বারি শিম-৭' একটি উচ্চ ফলনশীল গ্রীষ্মকালীন জাত, উচ্চ তাপমাত্রায় ফুল ও ফল ধারণে সক্ষম এবং সারা দেশে চাষ উপযোগী। প্রতি গাছে ৬০-৭০টি শিম পাওয়া যায় এবং শিম ৮-১০ সেমি লম্বা, সবুজ, নরম মাংসল, কম আঁশযুক্ত হয়ে থাকে। কিনারাসহ পুরো ফলের তুক সবুজ বর্ণ বিশিষ্ট। ফলন ১২-১৩ টন/হেক্টর।



বারি শিম-৭

## উৎপাদন প্রযুক্তি

### মাটি ও জলবায়ু

সব ধরনের মাটিতেই শিম জন্মে। তবে সুনিষ্কাশিত দোআশ ও বেলে দোআশ মাটি ভাল ফলনের জন্য উপযুক্ত। ফসলের অঙ্গজ বৃক্ষ ও প্রজনন পর্যায়ের জন্য তাপমাত্রা ও দিবস দৈর্ঘ্য যথেষ্ট প্রভাব ফেলে। এ সবজির অঙ্গজ বৃক্ষের জন্য উষ ও অর্দ্ধ জলবায়ু এবং দীর্ঘ দিবস প্রয়োজন। আবার প্রজনন ধাপের জন্য নিম্ন তাপমাত্রাসহ জলবায়ুর সাথে হ্রস্ব দিবস প্রয়োজন। লক্ষ্য করা যায় যে, শিম যখনই বপন করা হউক না কেন শীতের প্রভাব না পড়লে পুষ্পায়ন ঘটে না। তবে গ্রীষ্মকালীন জাতটি তাপ ও দিবস নিরপেক্ষ হওয়ায় বছরের যে কোন সময় বপন/রোপণ করলে পুষ্পায়ন ঘটে।

### জীবন কাল

#### আগাম জাত

১৩০- ১৬০ দিন (বীজ সঞ্চাহ পর্যন্ত)।



### নাৰী জাত

১৫০- ২০০ দিন (বীজ সঞ্চাহ পর্যন্ত)।

### বীজ বপনেৱ সময়

আষাঢ় মাসেৱ মাৰামাবি থেকে বীজ বপন কৱা যেতে পাৰে। তবে আগাম ফসলেৱ জন্য জ্যেষ্ঠেৱ মাৰামাবি থেকে আষাঢ়েৱ মাৰামাবি (জুন মাস) বীজ বপন কৱা উভয়। গ্ৰীষ্মকালীন জাতটি বছৱেৱ বে কোন সময় বপন কৱা যায়। বপনেৱ সময় দূৰত্ব এবং বপন পদ্ধতিৰ উপৰ বীজেৱ হার নিৰ্ভৰ কৰে।

### বীজেৱ হার

প্রতি হেক্টেৱ ৭.৫ কেজি, একৰে ৩.০ কেজি এবং শতকে ৩০ গ্ৰাম বীজ প্ৰয়োজন।

### জমি তৈৰি

জমি ৪-৫টি চাষ দিয়ে চেলা ভেঙ্গে খুব পৱিপাটি কৰে তৈৰি কৰতে হয়। এৱ পৱ সহতল জমিতে সঠিক দূৰত্বে উচু মাদা তৈৰি কৰে বীজ বপন বা চাৰা রোপণ কৱা যায়। তবে সেচ ও পানি নিকাশেৱ সুবিধা এবং পৱবৰ্তী পৱিচৰ্যাৱ সুবিধাৱ জন্য মিডি তৈৰি কৰে মিডিতে বীজ বপন কৱা সবচেয়ে ভাল। মিডি ১৫ থেকে ২৫ সেমি উচু এবং ২.৫ মিটাৰ প্ৰশস্ত হবে। জমিৰ প্ৰকৃতি এবং কাজেৱ সুবিধা বিবেচনা কৰে মিডিৰ দৈৰ্ঘ্য ঠিক কৰতে হয়। সেচ ও পানি নিকাশেৱ সুবিধাৱ জন্য পাশাপাশি দুটি মিডিৰ মাৰ্কখানে ৫০ সেমি প্ৰশস্ত ১৫ থেকে ২৫ সেমি গভীৰ পিলি রাখতে হয়। ২.৫ মিটাৰ প্ৰশস্ত মিডিৰ উভয় পাৰ্শ্বে ৫০ সেমি কৰে বাদ দিয়ে ১.৫ মিটাৰ দূৰত্বে মিডিৰ লঘালভি দুটি লাইন টেলে নিতে হবে। মিডিৰ ২ লাইন বা সারিতে ১.৫ মিটাৰ দূৰে দূৰে ৩০×৩০×৩০ সেমি সাইজেৱ মাদাতে প্ৰয়োজনীয় সাৱ প্ৰয়োগ কৰে তৈৰি কৰে ফেলতে হবে। এতে সাৱি থেকে সাৱিৰ দূৰত্ব ১.৫ মিটাৰ এবং সাৱিতে গাছ থেকে গাছেৱ দূৰত্ব হল ১.৫ মিটাৰ। তাছাড়া ২টি মিডিৰ মধ্যে ৫০ সেমি প্ৰশস্ত পিলি ধাকায় পাশাপাশি দুটি মিডিৰ নিকটতম সাৱি দুটিৰ দূৰত্ব হল ১.৫ মিটাৰ। তবে আজকাল ১ মিটাৰ প্ৰস্থ বেতে ও একক সাৱি পদ্ধতিতে ১.০-১.৫ মিটাৰ দূৰত্বে বীজ বপন/চাৰা রোপণ কৱা যায়। উভয় পদ্ধতিতে একক আয়তনেৱ জমিতে সহস্যক গাছ সংকুলান হয়। তবে দ্বিতীয় পদ্ধতিতে গাছেৱ পৱিচৰ্যা ও ফসল উত্তোলন কাৰ্যকৰ্ম পৱিচালনা সুবিধাজনক।

## সারের পরিমাণ ও প্রয়োগ পদ্ধতি

শিম ভাল জাতীয় শস্য। এতে সারের পরিমাণ বিশেষ করে নাইট্রোজেন সারের পরিমাণ কম লাগে।

শিম চাষে হেঁটুরপ্তি সার প্রয়োগের পরিমাণ ও প্রয়োগ পদ্ধতি।

সারের নাম	মোট পরিমাণ	শেষ চাষের সময় প্রয়োগ	বপন/চারা রোপণের সময় গর্তে প্রয়োগ	গর্তে উপরি প্রয়োগ (বপনের/ রোপণের ৩০ দিন পর)
গোবর	১০ টন	সব	-	-
ইউরিয়া	২৫ কেজি	-	১২.৫	১২.৫
টিএসপি	৯০ কেজি	-	সব	-
এম ও পি	৬০ কেজি	-	৩০	৩০
জিপসাম (সালফার সার)	৫ কেজি	সব	-	-
বোরিক এসিড (বোরন সার)	৫ কেজি	সব	-	-

## সার প্রয়োগ পদ্ধতি

শেষ চাষের সময় সম্পূর্ণ গোবর সার এবং জিপসাম ও বরিক এসিড সবাটুকু ছিটিয়ে জমিতে প্রয়োগ করে চাষ দিয়ে মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। বীজ বপন বা চারা রোপণের ৪-৫ দিন আগেই ইউরিয়া ও এমপি (পটাশ) সারের অর্ধেক এবং টিএসপি সারের সবাটুকু একস্ত্রে ছিটিয়ে প্রয়োগ করে মাদার মাটির সাথে (১০ সেমি গভীর পর্যন্ত) কোদালের দ্বারা হালকাভাবে কুপিয়ে মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। বপন/রোপণের ৩০ দিন পর বাকি অর্ধেক ইউরিয়া ও এমপি সার মাদায় উপরি প্রয়োগ করতে হবে।

## অন্তর্ভূকালীন পরিচর্যা

- বপনকৃত বীজ থেকে চারা বের হওয়ার পর ৮-১০ দিনের মধ্যেই প্রতিটি মাদায় একটি সুস্থ সবল চারা রেখে বাকিঙ্গলি উঠিয়ে ফেলতে হবে।
- দেশি শিমের ক্ষেত সর্বদা আগাছামুক্ত রাখতে হবে।

- গাছ ২৫-৩০ সেমি উঁচু হলেই বাটনী দিতে হবে এবং মাচা তৈরি করে শিম পাছকে তুলে দিতে হবে। তবে চারা পাছ মাচায় উঠা পর্যন্ত গোড়ার দিকে যেন না পেচাতে পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে। গোড়া পেচাতে (Coiling) না দিলে গাছের বৃক্ষি ও ফলন প্রায় ১০-১৫% বেশি হয়।
- মাটির রস যাচাই করে ১০-১৫ দিন পর সেচ দিতে হবে।
- পুরাতন পাতা ও ফুল বিহীন ডগা/শাখা কেটে ফেলতে হবে।

### ফসল সংগ্রহ ও ফলন

জাতভেদে বীজ বপনের ৯৫-১৪৫ দিন পর শিমের ওঁটি (পড়) গাছ থেকে তুলে বাজারজাত করা যেতে পারে। ফুল ফোটার ২৫ থেকে ৩০ দিনের মধ্যে শিম তোলার সরচেয়ে উপযুক্ত সময়। ৫-৭ দিন অন্তর অন্তর গাছ থেকে শিম তুললে মোট ১৩-১৪ বার ওগগত মানসম্পন্ন ওঁটি (পড়) সংগ্রহ করা যায় এবং এতে হেঁকেরপ্রতি প্রায় ১৫-২০ টন শিম পাওয়া যায়।

## জ্যাক শিম জ্যাক শিমের জাত

### বারি জ্যাক শিম-১

জ্যাক শিম লেগুমিনোসী গোত্রভূক্ত একটি বারমাসী শিম জাতীয় সবজি। 'বারি জ্যাক শিম-১' জাতটি ২০১০ সালে অনুমোদন করা হয়। জ্যাক শিমের (বীন) গাছ তলোয়ার শিমের মত দীর্ঘজীবী ও লতানো নয়। অপেক্ষাকৃত বেগেন গাছের মত খাটো ও ঝোপালো। জ্যাক শিম পড় সবুজ, ঘোড়ার কেশরের মত বাঁকা বিধায় ঘোড়া শিম নামেও অভিহিত। ২০-২৪ সেমি লম্বা এবং ১.৮-২.২ সেমি প্রস্থ। ফুল ও ফল ধারণ অন্বরত হতে থাকে এবং গাছ সবিরত স্বভাবের।

ফুল গোলাপী, ধোকায় ধোকায় সবুজ শিম ধরে। বীজ সাদা। ভাইরাস রোগ প্রতিরোধী ও দ্রুত বর্ধনশীল। বীজ বপন থেকে ফসল উত্তোলন পর্যন্ত ৬০-৬৫ দিন সময় লাগে। প্রতিটি গাছে শিমের সংখ্যা ৪৫-৫৫টি। প্রতিটি গাছে ১.০-১.৫ কেজি শিম ধরে। ফুলে পরাগায়নের ১০-১২ দিন পর শিম খাওয়ার উপযোগী হয়। কয়েক দিন বেশি বয়স হলে খাওয়ার অনুপযোগী হয়ে যায়। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেঁটেরপ্রতি এই শিমের ফলন ১৪-১৬ টন হয়। জাতটি সারা বছর চাষ করা যায় তবে খরিফ মৌসুমে বেশি ভাল জন্মে।



বারি জ্যাক শিম-১

## উৎপাদন প্রযুক্তি

### মাটি

উর্বর দোআঁশ বা বেলে-দোআঁশ মাটিতে এবং চাষাবাদ ভাল হয়। পাহাড়ের ঢালুতে বা সমতলে সব ধরনের মাটিতে ভাল জন্মে।

### বপন পদ্ধতি

সরাসরি জমিতে লাইন করে বীজ বপন করতে হয়। ১.০ মিটার দূরত্বের সাথিতে ৭৫ সেমি দূরে দূরে বীজ বপন করতে হয়।

### বপনের সময়

সারা বছরই জন্মে কিন্তু খরিফ-২ তে বেশি ফলন দেয়। মার্চ-জুলাই বীজ বপনের উপযুক্ত সময়।

### সারের পরিমাণ এবং প্রয়োগ পদ্ধতি

সারের নাম	সারের পরিমাণ/হেক্টর
গোবর	১০ টন
ইউরিয়া	১৫০ কেজি
টিএসপি	২০০ কেজি
এম ও পি	১৫০ কেজি

### সারের প্রয়োগ পদ্ধতি

জমি/বেড় তৈরির সময় সমন্দর গোবর, টিএসপি, এমপি এবং এক তৃতীয়াংশ ইউরিয়া প্রয়োগ করতে হয়। বাকি ইউরিয়া গাছের ৩০ দিন এবং ৪৫ দিন বয়সে গাছের গোড়ায় উপরি প্রয়োগ হিসেবে দিতে হয়।

### বীজের হার

১৮-২০ কেজি/হেক্টর।

### অন্তর্ভৰ্তীকালীন পরিচর্যা

ফসলে ঠিকমত সার প্রয়োগ, আগাছা দমন, পানি সেচ ও নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।

### রোগবালাই

তেমন কোন রোগবালাই পরিলক্ষিত হয় না।

## ঝাড় শিম

ঝাড় শিম একটি পৃষ্ঠিকর সবজি। এর কচি খণ্টি, অপক ও পরিপক্ষ বীজ খাদ্য হিসেবে ব্যবহৃত হয়।

## ঝাড় শিমের জাত

### বারি ঝাড় শিম-১ (ফ্রাসী শিম)

'বারি ঝাড় শিম-১' জাতটি ১৯৯৬ সালে অনুমোদন করা হয়। গাছ খাটো ও ঝোপালো। শিম সবুজ, কিছুট বাঁকা। এটি লম্বায় ১০-১৩ সেমি এবং চওড়ায় ১.০-১.৫ সেমি হয়। গুড়িটি শিমের ওজন ৫-৬ গ্রাম। ফুল এবং বীজের রং সাদা। ধোকার ধোকায় সবুজ শিম ধরে। সারিতে ঘন করে গাছ লাগিয়ে চাষ করা যায়। শীত মৌসুমে বাংলাদেশের সর্বত্র এ জাতটি চাষাবাদ করা যায়। বীজ বপন থেকে ফসল উত্তোলন পর্যন্ত ৪০-৪৫ দিন সময় লাগে। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেঁটেরপ্রতি ফলন ১৩-১৪ টন পর্যন্ত হয়।



বারি ঝাড় শিম-১

এ জাতের গাছ খাটো তাই মাচা বা বাউনি দেওয়ার প্রয়োজন হয় না। এ জাতটি উচ্চ ফলনশীল, কিছুটা ভাইরাস রোগ প্রতিরোধী এবং দ্রুত বর্ধনশীল।

### বারি ঝাড় শিম-২

'বারি ঝাড় শিম-২' জাতটি ২০০২ সালে অনুমোদন করা হয়। গাছ খাটো ও মাঝারী ধরনের বোপালো। শিম হালকা সবুজ, নলাকৃতির। এটি লম্বায় ১০-১২ সেমি এবং চওড়ায় ০.৭-০.৮ সেমি হয়। থোকায় থোকায় সবুজ শিম ধরে। প্রতি থোকায় ২-৫টি শিম ধরে।

সারিতে ঘন করে গাছ লাগিয়ে চাষ করা যায়। শীত মৌসুমে বাংলাদেশের সর্বজ এ জাতটি চাষাবাদ করা যায়। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেক্টরপ্রতি ফলন ১২-১৫ টন পর্যন্ত হয়। জাতটি রঞ্জানিযোগ্য।



বারি ঝাড় শিম-২

### বারি ঝাড় শিম-৩ (খাইস্যা)

‘বারি ঝাড়শিম-৩’ (খাইস্যা) জাতটি ২০১০ সালে অনুমোদন করা হয়। এটির পত খাওয়া হয় না বীজ খাইস্যা হিসেবে খাওয়া হয়। গাছ খাটো ও ঝোপালো। জাতটির ফুল সাদা রঙের। ধোকায় ধোকায় শিম ধরে। শিম সবুজ, সোজা, ১৪-১৬ সেমি লম্বা এবং ১.০-১.৩ সেমি চওড়া হয়। প্রতি গাছে ৮-১০টি পত বা শিম হয়। প্রতি পতে ৫-৬টি বীজ থাকে। খাওয়ার উপযোগী ১০০ বীজের ওজন ১১০-১১৫ গ্রাম হয়।

বীজগুলো কালচে খয়েরী রঙের। ফিজিওলজিক্যালী পরিপন্থ বীজ খাইস্যা হিসেবে খাওয়া হয়। চাটপ্রাম এবং সিলেট অঞ্চলে খাইস্যা খুবই জনপ্রিয়। আস্তে আস্তে সারা দেশেই খাইস্যা জনপ্রিয় হচ্ছে।

বীজ বপন থেকে ফসল উন্নোলন পর্যন্ত ৭৫-৮০ দিন সময় লাগে। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেঁকেরপ্রতি খাইস্যা বীজের ফলন ৪.৫-৫ টন হয়। বাংলাদেশে শীতকালে দেশের প্রায় সর্বত্র এ জাত চাষযোগ্য। এ জাতের গাছ খাটো তাই মাচা বা বাউনি দেওয়ার প্রয়োজন হয় না।



বারি ঝাড় শিম-৩

## উৎপাদন প্রযুক্তি

### আবহাওয়া ও মাটি

বেলে-দোঁওশ বা দোঁওশ মাটিতে (অঙ্গ ক্ষারত্ত ৫.৪-৭.৫) ও অপেক্ষাকৃত নিম্ন তাপমাত্রায় (১০-২৫° সে.) এ শিম ভাল জন্মে। বাংলাদেশে শীতকালে এ ফসলটি ভালভাবে উৎপাদন করা যায়। এটি দিবস নিরপেক্ষ হলেও খরা ও অতিরিক্ত বৃষ্টিপাত সহ্য করতে পারে না।

### বপন পদ্ধতি

সরাসরি জমিতে সাইন করে বীজ বুনতে হয়। ২৫-৩০ সেমি দূরত্বের সাথিতে ১২-১৫ সেমি দূরে দূরে বীজ লাগাতে হয়।

### বপনের সময়

আমাদের দেশে নভেম্বর মাস ‘ঝাড় শিম-৩’ (খাইস্যা) বীজ বপনের জন্য সবচেয়ে উত্তম সময়। তবে সুনিকাশিত জমি হলে অক্টোবর মাসে রোপণ করতে পারলে আগাম খাইস্যা শিমের দাম ভাল পাওয়া যায়।

### সারের পরিমাণ

সারের নাম	সারের পরিমাণ/হেক্টর
ইউরিয়া	২০০ কেজি
টিএসপি	২০০ কেজি
এমওপি	১৫০ কেজি
গোবর	৫ টন

### সার প্রয়োগ পদ্ধতি

জমি তৈরির সময় সমুদয় গোবর, টিএসপি, এমপি ও অর্ধেক ইউরিয়া প্রয়োগ করতে হয়। বাকি ইউরিয়া ১৫ দিন ও ৩০ দিন পর ২ বারে উপরি প্রয়োগ করা হয়।

### বীজের হার

১২০-১২৫ কেজি/হেক্টর।

## অন্তর্বর্তীকালীন পরিচর্যা

ফসলে ঠিকমত সার প্রয়োগ, আগাহা দমন, পানি সেচ ও নিকাশের ব্যবস্থা করতে হবে।

### রোগবালাই

বড় ধরনের কোন পোকা এবং রোগের প্রাদুর্ভাব নেই। জমিতে চারা অবস্থায় ফুটুরট রোগ কোন কোন সময় দেখা যায়। বীজ বপনের পূর্বে শোধন করে এবং চারা গাছে স্প্রে করে এ রোগ দমন করা যায়।


ভিটাভেজ ২০০ প্রতি কেজি বীজে ৩ গ্রাম হারে মিশেয়ে বপন করলে রোগের প্রাদুর্ভাব কমে যায়। আবার চারা অবস্থায় রোগ দেখা দিলে ব্যাভিস্টিন প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে মিলিয়ে চারার গোড়ার মাটি ভিজিয়ে প্রয়োগ করলে উপকার পাওয়া যায়।



কাঢ় শিম

## মটরভঁটি

মটরভঁটি একটি পুষ্টি সমৃদ্ধ ও সুস্বাদু শীতকালীন সবজি। বাংলাদেশে বর্তমানে প্রায় ২০ হাজার হেক্টর (মাঠ ও বাগান ছাড়া) জমিতে চাষাবাদ হয় এবং মোট প্রায় ১৬ হাজার টন ভঁটি উৎপাদিত হয়। বিশেষভাবে শহর অঞ্চলে এ সবজির জনপ্রিয়তা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।



মটরভঁটি

## মটরগুঁটি

### মটরগুঁটির জাত

#### বারি মটরগুঁটি-১

'বারি মটরগুঁটি-১' নামে এ জাতটি বাছাইকরণ পদ্ধতিতে উত্তীবিত হয় এবং ১৯৯৬ সালে অনুমোদন করা হয়।

জাতটি উচ্চ ফলনশীল ও রোগ প্রতিরোধী। ফুলের রং সাদা এবং গুঁটি সবুজ। প্রতি গুঁটিতে ৪-৭টি সবুজ বীজ থাকে। গুঁটি বেশ মিষ্টি। প্রতিগাছে ২০-২৫টি গুঁটি থারে। পরিপন্থ শকনা বীজ কুঁচকানো ও রং বাদায়ী।

বপনের ৭০-৭৫ দিনের মধ্যে সবুজ গুঁটি সংগ্রহ করা যায়। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেষ্টেরপ্রতি ১০-১২ টন সবুজ গুঁটি উৎপন্ন হয়। জাতটি ডাউনি মিলডিউ ও পাউডারি মিলডিউ রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন।



বারি মটরগুঁটি-১

## বারি মটরভেটি-২

এশীয় সবজি গবেষণা ও উন্নয়ন কেন্দ্রের (AVRDC) সহযোগিতায় প্রাপ্ত এ জাতটি বাছাইকরণ পদ্ধতিতে উত্তীর্ণ হয় এবং ১৯৯৬ সালে অনুমোদন করা হয়।

ওঁটি হালকা সবুজ। আকৃতি কিছুটা চেপ্টা। ওঁটির আকার  $8 \times 2$  সেমি। এ জাতের মটরভেটি বেশ নরম। অপরিপক্ষ বীজসহ সবুজ ওঁটি শিমের মত ভক্ষণযোগ্য। ওঁটি সালাদ হিসেবে বা সিঞ্চ করে খাওয়া যায়। পরিপক্ষ তকনা বীজ গোলাকার ও সবুজ।

এ জাত দ্রুত বর্ধনশীল। বীজ রোপণের ৬৫-৭০ দিনের মধ্যে সবুজ ওঁটি সংগ্রহ করা যায়। উন্নত পদ্ধতিতে চাষ করলে প্রতি হেক্টারে ১২-১৪ টন ফলন পাওয়া যায়। জাতটি পাউডারি মিলডিউ ও ডাউনি মিলডিউ রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন।



বারি মটরভেটি-২

## চিচিঙ্গা

### চিচিঙ্গার জাত

#### বারি চিচিঙ্গ-১

‘বারি চিচিঙ্গ-১’ একটি উচ্চ ফলমশীল জাত এবং সারা দেশে চাষ উপযোগী। প্রতি গাছে ৬৫-৭০টি চিচিঙ্গা পাওয়া যায় এবং প্রতি চিচিঙ্গার গড় ওজন ১৩০-১৪০ গ্রাম হয়ে থাকে। ফল সাধারণত ১৬০-১৭০ দিন পর্যন্ত সংগ্রহ করা যায়। ফলম ২৫-৩০ টন/হেক্টর।



বারি চিচিঙ্গ-১

## উৎপাদন প্রযুক্তি

### উৎপাদন মৌসুম

এদেশে চিটিঙ্গা প্রধানত খরিফ মৌসুমেই চাষ হয়ে থাকে। ফেন্স্ট্রয়ারি থেকে জুন মাসের মধ্যে যে কোন সময় চিটিঙ্গার বীজ বোনা যেতে পারে।

### বীজের হার

চিটিঙ্গার জন্য হেঁটেরপ্রতি ৪-৫ কেজি (১৬-২০ গ্রাম/শতাংশ) বীজের প্রয়োজন হয়।

### জমি তৈরি ও বপন পদ্ধতি

- খরিফ মৌসুমে চাষ হয় বলে চিটিঙ্গার জন্য এমন স্থান নির্বাচন করতে হবে যেখানে পানি জমার সম্ভাবনা নেই।
- বসতবাড়িতে চাষ করতে হলে দু-চারটি মাদায় বীজ বুনে গাছ বেঁয়ে উঠতে পারে এমন ব্যবস্থা করলেই হয়।
- বাণিজ্যিকভাবে চাষের জন্য প্রথমে সম্পূর্ণ জমি ৪-৫ বার চাষ ও মই দিয়ে প্রস্তুত করে নিতে হয় যাতে শিকড় সহজেই ছড়াতে পারে। জমি বড় হলে নির্দিষ্ট দূরত্বে নালা কেটে সবায় কয়েক ভাগে ভাগ কর নিতে হয়।
- বেড়ের প্রস্তুত হবে ১.০ মিটার এবং দু-বেড়ের মাঝে ৩০ সেমি নালা থাকবে।
- চিটিঙ্গার বীজ সরাসরি মাদায় বোনা যেতে পারে। এক্ষেত্রে প্রতি মাদায় কমপক্ষে ২টি বীজ বপন করতে হবে।
- তাছাড়া পলিব্যাগে ( $10 \times 12$  সেমি) ১৫-২০ দিন বয়সের চারা উৎপাদন করে নেওয়া যেতে পারে।
- চিটিঙ্গার জন্য ১.৫ মিটার দূরত্বে মাদা তৈরি করতে হবে।
- চারা গজানোর পর একের অধিক গাছ তুলে ফেলে দিতে হবে।
- বীজের তুক শক্ত ও পুরু বিধার বোনার পূর্বে বীজ ২৪ ঘণ্টা পানিতে ভিজিয়ে নিলে বীজ তাড়াতাড়ি অঙ্কুরিত হয়।

- মাদায় বীজ বুনতে বা চারা রোপণ করতে হলে অন্তত ১০ দিন আগে মাদায় নির্ধারিত সার প্রয়োগ করে তৈরি করে নিতে হবে। মাদার আয়তন হবে  $80 \times 80 \times 80$  সেমি।

## সারের পরিমাণ ও প্রয়োগ পদ্ধতি

চিটিঙ্গার জমিতে নিম্ন বর্ণিত হারে সার প্রয়োগ করতে হবে।

(প্রতি শতকে ২০টি মাদা হিসেবে)

সারের নাম	মোট পরিমাণ (হেক্টরপ্রতি)	মোট পরিমাণ (শাতক্ষ প্রতি)	জমি তৈরির সময় (শাতক্ষ প্রতি)	মাদাপ্রতি				
				চারা রোপণের দিন পূর্বে	চারা রোপণের দিন পর	চারা রোপণের দিন পর	চারা রোপণের দিন পর	চারা রোপণের দিন পর
পঠা পোবর	২০ টন	৮০ কেজি	৪০ কেজি	২ কেজি	-	-	-	-
টিএসপি	১৭৫ কেজি	৭০০ হ্রাম	৩৫০ হ্রাম	১৮ হ্রাম	-	-	-	-
ইউরিয়া	১৭৫ কেজি	৭০০ হ্রাম	-	-	১০ হ্রাম	১০ হ্রাম	১০ হ্রাম	৫ হ্রাম
এমপি	১৫০ কেজি	৬০০ হ্রাম	২০০ হ্রাম	১০ হ্রাম	১০ হ্রাম	-	-	-
জিপসাম	১০০ কেজি	৪০০ হ্রাম	৪০০ হ্রাম	-	-	-	-	-
দন্তা সার	১২.৫ কেজি	৫০ হ্রাম	৫০ হ্রাম	-	-	-	-	-
বোরাক্র	১০ কেজি	৪০ হ্রাম	৪০ হ্রাম	-	-	-	-	-
ম্যাগনেসিয়াম অক্সাইড	১২.৫ কেজি	৫০ হ্রাম	-	২.৫ হ্রাম	-	-	-	-

মাদায় চারা রোপণের পূর্বে সার দেয়ার পর পানি দিয়ে মাদার মাটি ভালভাবে ভিজিয়ে দিতে হবে। অতঃপর মাটিতে ঝো এলে ৭-১০ নি পর চারা রোপণ করতে হবে।

### অন্তর্বর্তীকালীন পরিচর্যা

- সময়মত নিড়ি দিয়ে আগাছা সমসময় পরিষ্কার করে সাথে সাথে মাটির ঢটা ভেঙ্গে দিতে হবে।
- খার হলে প্রয়োজন অনুযায়ী সেচ দিতে হবে। পানির অভাব হলে গাছের বৃক্ষির বিভিন্ন অবস্থায় এর লক্ষণ প্রকাশ পায় যেমন প্রাথমিক অবস্থায় চারার বৃক্ষ বন্ধ হয়ে যাওয়া, প্রবর্তীকালে ফুল করে যাওয়া, ফলের বৃক্ষ বন্ধ হওয়া ও বারে যাওয়া ইত্যাদি।
- চিচিঙার বীজ উৎপাদনের সময় খেয়াল রাখতে হবে ফল পরিপন্থ হওয়া কর হলে সেচ দেয়া বন্ধ করে দিতে হবে।
- বাউনি দেয়া চিচিঙার প্রধান পরিচর্যা। চারা ২০-২৫ সেমি উচু হতেই ১.০-১.৫ মিটার উচু মাচা তৈরি করতে হবে এবং বাউনীর ব্যবস্থা করতে হবে। বাউনি দিলে ফলন বেশি ও ফলের গুণগত মান ভাল হয়।
- গাছের গোড়া থেকে ডালপালা বের হলে সেগুলো কেটে দিতে হয় এতে গোড়া পরিষ্কার থাকে, রোগবালাই ও পোকামাকড়ের উৎপাত কম হয়।
- জুন-জুলাই মাস থেকে বৃষ্টি কর হওয়ার পর আর সেচের প্রয়োজন হয় না। জমির পানি নিকাশ নিশ্চিত করার জন্য বেড ও নিকাশ নালা সর্বদা পরিষ্কার করে রাখতে হবে।

### ফসল সংগ্রহ ও ফলন

- চারা গজানোর ৬০-৭০ দিন পর চিচিঙার গাছ ফল দিতে থাকে। স্তৰী ফুলের পরাগায়নের ১০-১৩ দিনের মধ্যে ফল খাওয়ার উপযুক্ত হয়। কঠি ও খাওয়ার উপযোগী পুষ্ট অবস্থায় ২-৩ দিন পর পর ফল সংগ্রহ করতে হয়। ফল আহরণ একবার কর হলে তা দুই আড়াই মাস পর্যন্ত অব্যাহত থাকে।
- উন্নত পদ্ধতিতে চাষাবাদ করলে চিচিঙার হেষ্টেরপ্রতি ফলন ২৫-৩০ টন (১০০-১২০ কেজি/শতাংশ) পাওয়া যায়।

## অন্যান্য পরিচর্যা

### পোকামাকড় ও প্রতিকার

#### ফলের মাছি পোকা

**ক্ষতির ধরন:** জী মাছি কচি ফলে ডিম পাড়ে। ডিম ফুটে কীড়াগুলো ফলের শৌস থায়, ফল পচে থায় এবং অকালে বাঢ়ে পড়ে।

#### প্রতিকার

পরিকার পরিচ্ছন্ন চাষাবাদ এবং আক্রান্ত অংশ সঞ্চাহ করে ধ্বংস করতে হবে। সেক্স ফেরোমন ও বিষটোপ ফাঁদের যৌথ ব্যবহার। বিষটোপের জন্য ধেতলানো ১০০ গ্রাম পাকা মিটি কুমড়ার সাথে ০.২৫ গ্রাম সেভিন ৮৫ পাউডার মিশিয়ে ব্যবহার করতে হয়। বিষটোপ ৩-৪ দিন পরপর পরিবর্তন করতে হয়।

#### গামকিন বিটল

**ক্ষতির ধরন:** পূর্ণাঙ্গ পোকা চারা গাছের পাতায় ছিদ্র করে থায়। কীড়া গাছের গোড়ায় মাটিতে বাস করে এবং গাছের শিকড়ের ক্ষতি করে, বড় গাছ মেরে ফেলতে পারে।

#### প্রতিকার

আক্রান্ত গাছ থেকে পূর্ণাঙ্গ পোকা হাতে ধরে মেরে ফেলা। চারা অবস্থায় ২০-২৫ দিন চারা মশারিলির জাল দিয়ে ঢেকে রাখা। প্রতি লিটার পানিতে ২ গ্রাম সেভিন/কার্বারিন-৮৫ ড্রিউপি মিশিয়ে স্প্রে করতে হবে। কীড়া দমনের জন্য প্রতি গাছের গোড়ায় ২-৫ গ্রাম বাসুডিন/ডায়াজিন-১০ জি মিশিয়ে সেচ দিতে হবে।

#### এপিল্যাকনা বিটল

**ক্ষতির ধরন:** পাতায় সবুজ অংশ থেরে ফেলে এবং আক্রান্ত পাতাগুলো বিবর্ণের মত দেখায়, পাতা শকিয়ে বারে পড়ে এবং গাছ পাতাশূন্য হতে পারে।

#### প্রতিকার

প্রতি লিটার পানিতে ২.০ গ্রাম কার্বারিল-৮৫/সেভিন ড্রিউপি অথবা ২ মিলি সুমিথিয়ন/ফলিথিয়ন-৫০ ইসি মিশিয়ে স্প্রে করতে হবে।

## জাৰি পোকা

**ক্ষতির ধৰন:** জাৰি পোকা দলবক্তব্যে পাতার রস চুঁথে থায়। ফলে বাড়ত ডগা ও পাতা হলুদ বৰ্ণ ধাৰণ কৰে, পাতা বিকৃত হৱে বৃক্ষি ব্যাহত হয় এবং পাতা নিচেৰ দিকে ঝুঁকড়িয়ে থায়।

## প্ৰতিকাৰ

আকৃত পাতা ও ডগাৰ জাৰি পোকা হাত দিয়ে পিয়ে মেৰে ফেলতে হবে। নিম বীজেৰ দ্রবণ (কেজি পৱিমাণ অৰ্ভভাঙ্গ নিমবীজ ১০ লিটাৰ পানিতে ১২ ঘন্টা ভিজিয়ে রাখতে হবে) বা সাৰান গুলা পানি (প্ৰতি ১০ লিটাৰ পানিতে ২ চা চামচ গুঁড়া সাৰান মেশাতে হবে) স্প্ৰে কৰেও এ পোকাৰ আক্ৰমণ অনেকাংশে কমানো থায়। লোভীৰার্ড বিটলেৰ পূৰ্ণাঙ্গ পোকা ও কীড়া এবং সিৱফিড ফ্লাই-এৰ কীড়া জাৰি পোকা খেয়ে আকৃতিকভাৱে দমন কৰে। সুতৰাং উপৰোক্ত বক্তু পোকাসমূহ সহৰক্ষণ কৰলে এ পোকাৰ আক্ৰমণ অনেকাংশে কম হয়। আক্ৰমণেৰ মাজা বেশি হলে ম্যালাদিয়ন ৫% ইসি প্ৰতি লিটাৰ পানিতে ২ মিলি হাবে অথবা পিৱিমৰ ৫০ ডিপি প্ৰতি লিটাৰ পানিতে ১ শাম হাবে মিশিৱে স্প্ৰে কৰতে হবে।

## ৱোগবালাই

## পাউডাৰী মিলডিউ বা গাদা গুঁড়া ৱোগ

### ক্ষতিৰ ধৰন

- পাতাৰ উভয় পাশে প্ৰথমে সাদা সাদা পাউডাৰ বা গুঁড়া দেখা থায়।
- ধীৱে ধীৱে এ দাগগুলো বড় হয়। ফলে গাছ বেশ দুৰ্বল হয়ে পড়ে। তাৰাড়া দাগগুলো বাদামী হয়ে শুকিয়ে থায়।
- কোন একটি লতাৰ পাতায় আক্ৰমণ বেশি হলে ধীৱে ধীৱে সেই লতা ও পৱে পুৱো গাছই মৰে যেতে পাৰে। এমনিক ফল বাবে যেতে পাৰে।
- যদি আগাম চাষ কাৰ হয় তবে এ ৱোগেৰ লক্ষণ বেশি দেখা থায়।

## প্রতিকার

- এ রোগের প্রতিকারের জন্য আক্রান্ত পাতা ও গাছ সংগ্রহ করে পুড়িয়ে ফেলতে হবে।
- তাছাড়া ২ গ্রাম থিয়োভিট ৮০ ডিট্রিউপি অথবা টিল্ট ২৫০ ইসি অথবা সালফোলাই/কুমুলাস ০.৫ মিলি অথবা ১ গ্রাম ক্যালিস্কিন প্রতি লিটার পানিতে মিশিয়ে ৭-১০ দিন অন্তর স্প্রে করে এ রোগ নিয়ন্ত্রণ করা যায়।

## অ্যান্ট্রাকনোজ বা ফলপচা

### ক্ষতির ধরন

- পাতায় গোলাকৃতি দাগ দেখা যায়।
- বৃষ্টিতে পাতার পচন লক্ষ করা যায়।
- প্রথমে হোট কালো দাগ যার মধ্যাংশ ছত্রাকের জালি ও অণুজীব দ্বারা ঢাকা থাকে।
- আক্রান্ত ফলের বীজও ছত্রাক দ্বারা আক্রান্ত হয়। বীজের অঙ্কুরোদগম ক্ষমতা কমে যায়।

## প্রতিকার

- রোগমুক্ত ভাল বীজ ব্যবহার করতে হবে।
- ঝরণা দিয়ে গাছে পানি বা সেচ দেওয়া যাবে না।
- অনুরোধিত ছত্রাকনাশক ব্যাভিস্টিন/নোইন বা একোনাইল আক্রমণের শর্করাতেই ১ মিলি প্রতি লিটার পানিতে মিশিয়ে ৭-১০ দিন অন্তর স্প্রে করে এ রোগ নিয়ন্ত্রণ করা যায়।
- চিটঙ্গার বীজ-ফলে অব্যাশই ছত্রাকনাশক প্রয়োগ করে বীজ রোগমুক্ত রাখতে হবে।

## মোজাইক ভাইরাস

### স্ফটিক ধরন

- পাতায় হলদে ছোপ দেখা দেয় ও পাতা কুকড়ে থায়। ফলে ফলন বহুলাখণ্ডে কমে যায়।

### প্রতিকার

- ভাইরাস দেখা মাত্র আক্রান্ত গাছ ধূংস করে ফেলতে হবে।

## ফুলকপি

ফুলকপি আমাদের দেশে একটি পৃষ্ঠিকর, সুস্বাদু ও জনপ্রিয় সবজি। দেশে চাষকৃত ফুলকপির জাত অধিকাংশই সৎকর এবং বিদেশ থেকে আমদানিকৃত যা স্থানীয় আবহাওয়ায় বীজ উৎপাদন করে না।

## ফুলকপির জাত

### বারি ফুলকপি-১ (কুপা)

গ্রীসমঙ্গীয় একটি প্রজাতি থেকে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে এ জাতটি উত্তোলন করা হয় এবং ১৯৯৮ সালে অনুমোদন করা হয়। প্রতিটি ফুলকপির ওজন ৮৫০-১০০০ গ্রাম।

ফুলকপি চারদিকে পাতা দ্বারা আঁশিক ঢাকা থাকে। এদেশের জলবায়ুতে 'বারি ফুলকপি-১' জাতের বীজ উৎপাদন করা যায়। জীবন কাল ৯৫-১০৫ দিন।

উন্নত পদ্ধতিতে চাষ করলে হেঁটরপ্তি ফলন ২৫-২৮ টন হয়। বীজের ফলন হেঁটরপ্তি ৪৫৮-৫৫০ কেজি। জাতটি বাংলাদেশের সর্বজ চাষাবাদের উপযোগী।



বারি ফুলকপি-১

## উৎপাদন প্রযুক্তি

### মাটি

আগাম ফসলের জন্য দোআঁশ এবং নাবী ফসলের জন্য এন্টেল ধরনের মাটি উত্তম। এন্টেল দোআঁশ মাটিতে জৈব সার প্রয়োগ করলে ভাল ফসল জন্মানো যায়।

### বীজের হার ও চারা উৎপাদন

চারা তৈরির জন্য  $3 \times 1$  মিটার আকারের বীজতলা তৈরি করতে হবে। প্রতি হেক্টর জমিতে ফুলকপি চাষের জন্য ৩০০-৩৫০ গ্রাম বীজ প্রয়োজন। ফুলকপি চাষের জন্য ৩০ দিন বয়সের চারা লাগাতে হয়। সারি থেকে সারির দূরত্ব ৬০ সেমি এবং সারিতে গাছ থেকে গাছের দূরত্ব ৪৫ সেমি হবে।

### বপনের সময়

ভাদ্র-আশিন (মধ্য-আগস্ট থেকে মধ্য-অক্টোবর) মাসে বীজ বপন করতে হয় এবং কার্ডিক থেকে অগ্রহায়ণ পর্যন্ত (মধ্য-নভেম্বর থেকে ডিসেম্বর) জমিতে চারা রোপণ করা যায়।

### সারের পরিমাণ

ফুলকপি চাষের জন্য মাঝারী উর্বর জমিতে নিম্নরূপ হারে সার প্রয়োগ করতে হবে।

সারের নাম	সারের পরিমাণ/হেক্টর
ইউরিয়া	২৫০-৩০০ কেজি
টিএসপি	১৫০-২০০ কেজি
এমওপি	২০০-২৫০ কেজি
গোবর	১৫-২০ টন

## সার প্রয়োগ পদ্ধতি

জমি তৈরির সময় অর্ধেক গোবর, সমুদয় টিএসপি ও অর্ধেক এমওপি সার প্রয়োগ করতে হবে। বাকি অর্ধেক গোবর চারা রোপণের ১ সপ্তাহ পূর্বে মাদায় দিয়ে মিশিয়ে রাখতে হবে। এরপর চারা রোপণ করে সেচ দিতে হয়। ইউরিয়া ও বাকি অর্ধেক এমওপি সার ২ কিণ্টিতে প্রয়োগ করতে হবে। চারা লাগানোর ১৫ দিন পর ১ম কিণ্টি এবং চারা রোপণের ৩০-৫০ দিন পর বাকি সার ২ কিণ্টিতে উপরি পয়োগ করতে হবে।

## অন্তর্ভৰ্তীকালীন পরিচর্যা

ফসলের নিবিড় যত্ন যেমন-আগাছা দমন, সার প্রয়োগ, পানি সেচ, নিষ্কাশন, আন্তরণ ভেঙ্গে দেওয়া এবং মাটি ঝুরঝুরে রাখা আবশ্যিক। ফুলকপির ফুলের রং ধ্বনিতে সাদা রাখার জন্য কপি অবস্থা থেকে চারদিকের পাতা বেঁধে ফুল ঢেকে দিতে হয়। অন্যথায় সূর্যালোকে উন্মোচিত থাকলে ফুলের বর্ণ হলুদাত হয়ে যাব।

## বাঁধাকপি

বাঁধাকপি আমাদের দেশে একটি বহুল ব্যবহৃত শীতকালীন সবজি। বাংলাদেশে বর্তমানে প্রায় ১ লক্ষ ১৮ হাজার মে. টন বাঁধাকপি উৎপাদিত হয়। বাঁধাকপির অধিকাংশ জাতই সংকর এবং এদের বীজ প্রতিবছর আমদানি করতে হয়। আমাদের স্থানীয় আবহাওয়া বাঁধাকপির বীজ উৎপাদনের উপযোগী নয়। তবে কোন কোন জাত অপেক্ষাকৃত কম ঠাণ্ডা অঞ্চলে বীজ উৎপাদন করতে পারে। বাঁধাকপি রবি মৌসুমের একটি অন্যতম পুষ্টিকর সবজি।


## বাঁধাকপির জাত

### বারি বাঁধাকপি-১ (প্রভাতী)

'বারি বাঁধাকপি-১' জাতটি বাহাই প্রক্রিয়ার মাধ্যমে উত্থাপন করা হয় এবং ১৯৮৫ সালে অনুমোদন করা হয়। জাতটি এদেশে ফুল ও বীজ উৎপাদনে সক্ষম।

বীজ বগনের ১০০-১১০ দিন পরই বাঁধাকপি সংগ্রহের উপযুক্ত হয়। প্রতিটি বাঁধাকপির ওজন ২.০-২.৫ কেজি। এটি একটি বিশুদ্ধ জাত বলে চারী নিজেরাই বীজ উৎপাদন করতে পারে।

প্রভাতী জাত থেকে হেটেরপ্রতি ৪০০-৫০০ কেজি বীজ উৎপাদন করা যায়। জীবন কাল কপি উৎপাদন ১০০-১১০ দিন এবং বীজ উৎপাদন প্রায় ১৮০ দিন। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেটেরপ্রতি ৫০-৬০ টন ফলন পাওয়া যায়। দেশের উত্তরাঞ্চলে চাষ করে বীজের ভাল ফলন পাওয়া সম্ভব।



বারি বাঁধাকপি-১

## বারি বাঁধাকপি-২ (অগ্রদৃত)

এশীয় অঞ্চলের একটি উষ্ণমঙ্গলীয় প্রজাতি থেকে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে এ জাতটি উত্তোলন করা হয়। প্রথম তৈরীকালে ১৯৯৮ সালে তা সামাদেশে চাষের জন্য অনুমোদন করা হয়।

বাঁধাকপি গোলাকার, উপর-নিচ চেপ্টা। পাতার পৃষ্ঠদেশে পাতলা মোমের আবরণের মত বস্তু রয়েছে। প্রতিটি বাঁধাকপির ওজন  $2.0-2.5$  কেজি। জাতটি বাংলাদেশের জলবায়ুতেই বীজ উৎপাদন করে।

বীজ বপন থেকে কপি উৎপাদন পর্যন্ত ১০০-১১০ দিন সময় লাগে। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেষ্টেরপ্রতি ফলন ৫৫-৫৬ টন এবং বীজের ফলন ৫৫০-৬৫০ কেজি পাওয়া যায়। এ জাত বাংলাদেশের সর্বজ চাষাবাদের উপযোগী।



বারি বাঁধাকপি-২

## উৎপাদন প্রযুক্তি

### জলবায়ু ও মাটি

ଆয় সব ধরনের মাটিতে বাঁধাকপি জন্মানো যায়। তবে দোআশ ও পলি দোআশ মাটি উত্তম।

### জমি তৈরি ও চারা রোপণ

গভীর চাষ দিয়ে মাটির চেলা ভেঙ্গে আগাছা পরিষ্কার করে ভালভাবে বাঁধাকপির জন্য জমি তৈরি করতে হয়।

### চারা রোপণ

বীজ বপনের ৩০-৩৫ দিন পর চারা রোপণের উপযুক্ত হয়। উত্তমরূপে জমি তৈরি করার পর ১৫-২০ সেমি উচ্চ ১ মিটার প্রশস্ত বেড তৈরি করতে হয়। পাশাপাশি ২টি বেডের মাঝখানে ৩০ সেমি প্রশস্ত নালা রাখতে হবে। বেডের উপর ৬০ সেমি দূরত্বে ২টি সারি করে সারিতে ৪৫ সেমি দূরে দূরে চারা লাগাতে হয়।

### বপনের সময়

ভাজ-আশ্বিন (মধ্য-আগস্ট থেকে মধ্য-অক্টোবর) থেকে শুরু করে কার্তিক (মধ্য-অক্টোবর থেকে মধ্য-নভেম্বর) পর্যন্ত বারি বাঁধাকপির চারা রোপণ করা যেতে পারে। অগ্রহায়ণ মাসে (মধ্য-নভেম্বর থেকে মধ্য-ডিসেম্বর) রোপণ করলে মাথা তেমন বাঁধে না ও অকালে ফুল এসে যায়।

### সারের পরিমাণ

বাঁধাকপির জমিতে নিম্নরূপ হারে সার প্রয়োগ করতে হয়।

সারের নাম	সারের পরিমাণ/হেক্টার
ইউরিয়া	৩০০-৩৫০ কেজি
টিএসপি	২০০-২৫০ কেজি
এমপি	২৫০-৩০০ কেজি
গোবর	৫-১০ টন

## সার প্রয়োগ পদ্ধতি

শেষ চাষের সময় সবুজ গোবর বা কম্পোস্ট, টিএসপি ও ১০০ কেজি এমপি সার জমিতে সমানভাবে ছিটিয়ে মাটির সাথে হিলিয়ে দিতে হবে। সম্পূর্ণ ইউরিয়া ও বাকি এমপি সার ৩ কিলোতে চারা রোপণের ১০, ২৫ এবং মাথা বাঁধার সময় প্রয়োগ করতে হবে।

## পানি সেচ

উচ্চ ফলনের জন্য বাঁধাকপিতে চারা রোপণের ২০-৩০ দিন পর ২-৩টি সেচ দিতে হবে।

## অন্তর্ভূকালীন পরিচর্যা

গাছে স্বাভাবিক বৃক্ষির জন্য জমি আগাহামুক্ত রাখতে হবে। চারা রোপণের পর মাটি ঝুরুরে রাখতে হবে। এজন্য মাঝে মাঝে বিশেষ করে পানি সেচ দেওয়ার পর জমিতে ‘জো’ আসলে কোদাল দ্বারা হালকা কোপ দিয়ে মাটির উপরের আন্তরণ ক্ষেত্রে দিতে হবে।



উন্নত পদ্ধতিতে বাঁধাকপির চাষ

## চীনাকপি চীনাকপির জাত

### বারি চীনাকপি-১

বাছাই প্রজ্ঞায়ার মাধ্যমে ১৯৯৬ সালে 'বারি চীনাকপি-১' পাতাজাতীয় সবজিটি অনুমোদন করা হয়। এ জাত শীতকালে বাধাকপির মত শক্ত কপি উৎপাদন করে। শ্রীস্থকালেও এ জাতটি শাক হিসেবে চাষাবাদ করা যায়। সালাদ হিসেবে এ সবজির যথেষ্ট জনপ্রিয়তা রয়েছে।

জাতটি দ্রুত বর্ধনশীল এবং স্বল্পকালীন সময়ে উৎপাদনযোগ্য। প্রতিটি কপির ওজন ১.০-১.৫ কেজি। কপি কিছুটা লম্বাকৃতির। এ জাতটি বাংলাদেশের আবহাওয়ায় বীজ উৎপাদন করতে পারে।

বপনের ৬০-৭০ দিনের মধ্যেই ফসল উঠানো যায়। তবে বীজ উৎপাদনের জন্য ১০৫-১২০ দিন সময় লাগে। রবি মৌসুমে প্রতিটি কপির ওজন ১.০-১.৫ কেজি। উন্নত পদ্ধতিতে চাষ করলে ফসল প্রতি হেক্টেরে ৪০-৪৫ টন এবং প্রতি হেক্টেরে ৫০০-৬০০ কেজি বীজ উৎপাদন করা সম্ভব। বাংলাদেশে প্রায় সব এলাকায় শীতকালে এ সবজির চাষ করা যায়। শ্রীস্থকালে উচ্চ ও সুনিষ্কাশিত জমিতে বেড় করে 'বারি চীনাকপি-১' এর চাষ করা যায়।



বারি চীনাকপি-১

## লালশাক

বাংলাদেশে লালশাক খুব জনপ্রিয় সবজি। এটি একটি ভিটামিন সমৃদ্ধ পুষ্টিকর খাদ্য। বাংলাদেশে লালশাকের চাষাবাদ বাড়ানোর সুযোগ রয়েছে।

### লালশাকের জাত

#### বারি লালশাক-১

লালশাকের এ জাতটি 'বারি লালশাক-১' নামে ১৯৯৬ সালে অনুমোদন করা হয়। 'বারি লালশাক-১' ভিটামিন 'এ', 'বি', 'সি' ও ক্যালসিয়াম সমৃদ্ধ। পাতা ও কাণ্ড উজ্জ্বল লাল বর্ণের। 'বারি লালশাক-১' এর পাতার বোঁটা ও কাণ্ড নরম। গাছ উচ্চতায় ২৫-৩৫ সেমি। প্রতিগাহে ১৫-২০টি পাতা থাকে। গাছের ওজন ১০-১৫ গ্রাম।

ফুলের রং লাল, বীজ গোলাকার, বীজের উপরিভাগ কালো ও কিছুটা লাল দাগ মিশ্রিত। রান্নার পর শাকের রং গাঢ় লাল হয়। 'বারি লালশাক-১' বীজ বপনের ২৫-৩০ দিনের মধ্যে শাক হিসেবে তোলা যায়। বীজ উৎপাদনের জন্য ১১০-১৩০ দিন সময় লাগে। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেঁটরপ্রতি ফলন ১২-১৪ টন হয়।



বারি লালশাক-১

## উৎপাদন প্রযুক্তি

### মাটি

প্রায় সব ধরনের মাটিতেই সারা বছর ‘বারি লালশাক-১’ এর চাষ করা যায়। তবে শীত মৌসুমে লালশাকের ফলন বেশি হবে। গ্রীষ্ম মৌসুমে পানি নিষ্কাশনের সুবিধাযুক্ত জমিতে লালশাক চাষ করা যায়। দোআংশ বা বেলে দোআংশ মাটি লালশাকের জন্য উত্তম।

### জমি তৈরি

জমি খুব ভালভাবে চাষ ও মই দিয়ে তৈরি করতে হবে। জমির প্রকারভেদে ৪-৫টি চাষ ও মই দিতে হয়।

### বীজ বপন

লালশাক বীজ ছিটিয়ে ও সারিতে বপন করা যায়। তবে সারিতে বপন করা সুবিধাজনক। সারি থেকে সারির দূরত্ব ২০ সেমি দিতে হবে। একটি কাঠির সাহায্যে ১.৫-২.০ সেমি গভীর লাইন টেনে বীজ বুলে মাটি সমান করে দিতে হবে।

### বপনের সময়

সারা বছরই এ জাতের লালশাক চাষ করা যায়।

### বীজের হার

হেক্টরপ্রতি ২.০-২.৫ কেজি।

### অন্তর্বর্তীকালীন পরিচর্যা

বীজ গজানোর ১ সপ্তাহ পর প্রত্যেক সারিতে প্রতি ৫ সেমি অন্তর গাছ রেখে অন্যান্য গাছ তুলে ফেলতে হবে। নিড়ানি দিয়ে জমি আগাছাযুক্ত রাখতে হবে। জমির উপরিভাগে মাটিতে চট্টা হলে নিড়ানি দেওয়ার সময় তা ভেঙ্গে দিতে হবে।

## বারি চীনাশাক

বাহ্যিক প্রক্রিয়ার মাধ্যমে উত্তোলিত চীনাশাক জাতটি ১৯৮৪ সালে অনুমোদন করা হয়। এটি একটি দ্রুত বর্ধনশীল সবুজ পাতাজাতীয় সবজি। সরিষা গোআয় এই সবজি জাতটি এদেশে সারা বৎসর উৎপাদন করা যায়। হালকা সবুজ পাতা অবস্থায় শাক হিসেবে খাওয়া যায়। চীনাশাক ভিটামিন ‘এ’ সমৃদ্ধ। বাংলাদেশের আবহাওয়ায় জাতটি পর্যাপ্ত পরিমাণ বীজ উৎপাদন করতে সক্ষম।

বীজ লাগানোর ৪০-৪৫ দিনের মধ্যেই শাক হিসেবে উঠানো যায়। সবজি হিসেবে শ্রীকৃতকালে এবং বীজ উৎপাদনের জন্য শীতকালে বীজ ব্যবহার করতে হয়। বীজ উৎপাদনের জন্য ৯০-১০৫ দিন সময় লাগে।

উন্নত পদ্ধতিতে চাষ করে হেক্টরপ্রতি ২৫-৩০ টন সবুজ পাতা এবং ৭০০-৭৫০ কেজি বীজ পাওয়া যায়। স্বল্পকালীন, উচ্চ ফলনশীল এবং সারা বছর উৎপাদনযোগ্য এ সবজির চাষ বেশ লাভজনক।



বারি চীনাশাক

## বারি বাটিশাক

বিদেশ থেকে সংগৃহীত জার্মপ্লাজম থেকে নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে বাটিশাক নামে এ জাতটি ১৯৮৪ সালে অনুমোদন করা হয়। প্রতি গাছে ২০-২৫টি পাতা থাকে। পাতার দৈর্ঘ্য ২২-২৫ সেমি এবং প্রস্থ ১৮-২০ সেমি। পাতা ও পাতার বেঁটা নরম। পাতার রং গাঢ় সবুজ ও বেঁটার রং সাদা।

হলুকালীন, উচ্চ ফলনশীল এবং সারা বছর চাষে পয়োগী। এ জাত স্থানীয় আবহাওয়ায় বীজ উৎপাদন করতে পারে। জীবন কাল শাকের জন্য ৪০-৫০ দিন এবং বীজের জন্য ১১০-২০ দিন।

উন্নত পদ্ধতিতে চাষ করলে ৪৫-৫৫ টন শাক এবং ৭০০-৮০০ কেজি বীজ পাওয়া যায়। দেশের প্রায় সর্বত্র সারা বছরই এ জাতের সবজি চাষ করা যায়।



বারি বাটিশাক

## বাটিশাক ও চীনাশাক উৎপাদন প্রযুক্তি

### মাটি

প্রায় সব ধরনের মাটিতেই বাটিশাক ও চীনাশাক চাষ করা যায়। তবে বেলে মাটি ও বেলে দোআশ মাটিতে এ ফসল ভাল জন্মে।

### জমি তৈরি

তিন থেকে চারবার উভমুক্তপে জমি চাষ করে ১ মিটার প্রশস্ত বেড তৈরি করতে পারলে ভাল হয়। জমিতে সেচ দেওয়া ও অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।

### বীজ বপনের সময়

সারা বছরই বাটিশাক ও চীনাশাক চাষ করা যায়। বীজ উৎপাদনের জন্য শীতকালে চাষ করতে হয়।

### সারের পরিমাণ

বাটিশাক ও চীনাশাকের জমিতে নিম্নরূপ হারে সার প্রয়োগ করতে হয়।

সারের নাম	সারের পরিমাণ/হেক্টর
ইউরিয়া	২০০-২৫০ কেজি
টিএসপি	১০০-১৫০ কেজি
এম ও পি	১৫০-২০০ কেজি
গোবর	১০-১২ টন

### উৎপাদন পদ্ধতি

বীজতলায় চারা তৈরি করে অথবা সরাসরি জমিতে বীজ বপন করে চাষ করা যায়। সরাসরি বীজ বপনের ক্ষেত্রে একটু ঘন করে বীজ বপন করতে হবে। চারা কিছুটা বড় হলে খাওয়া যায়। সব শেষে ২০-২৫ সেমি দূরত্বে একটি করে চারা রেখে দেওয়া হয়। ৪০-৪৫ দিনের মধ্যেই গাছ সঞ্চাহের সময় হয়।

### অন্তর্ভূক্তিকালীন পরিচর্যা

সাফল্যজনকভাবে বাটিশাক ও চীনাশাকের চাষ করতে হলে পরিমিত সেচ জরুরি। প্রয়োজনমত নিড়ানি দিয়ে আগাছামুক্ত রাখতে হবে।

## মিষ্টি কুমড়া শাক উৎপাদন প্রযুক্তি

শাক জাতীয় সবজির মধ্যে মিষ্টি কুমড়া শাক পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে অত্যন্ত জনপ্রিয়। ভিটামিন ‘এ’ সমৃদ্ধ এই সবজির বাজারে প্রচুর চাহিদা রয়েছে। চাষীগণ মিষ্টি কুমড়া শাক চাষ করে লাভবান হতে পারেন।

### মাটি ও জমি নির্বাচন

সেচ ও পানি নিষ্কাশনের সুবিধা আছে এমন জমি মিষ্টি কুমড়া শাক চাষের জন্য ভাল। অবশ্য পয়োজনীয় পরিচর্যার সব রকমকের মাটিতেই মিষ্টি কুমড়া শাকের চাষ হতে পারে। তবে সফল চাষের জন্য যথেষ্ট জৈব সার সমৃদ্ধ উর্বর বেলে দোআশ মাটিই সর্বোত্তম।

### জমি তৈরি

শুরু ভালভাবে চাষ ও মই দিয়ে জমি তৈরি করতে হবে। জমির প্রকারভেদে ৫-৬টি চাষ ও মই দিতে হবে।

### সার প্রয়োগ

সারের নাম	সারের পরিমাণ/হেঁকে
ইউরিয়া	২০০ কেজি
টিএসপি	২০০ কেজি
এমওপি	১৭৫ কেজি
গোবর সার	২০-২৫ টন

সমস্ত টিএসপি ও এমওপি সার শেষ চাষের সময় প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার চার কিণ্টিতে ঘণ্টাক্রমে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বার ফসল কাটার পর প্রয়োগ করতে হবে।

### বীজ ব্যবহার

সারা বছরই মিষ্টি কুমড়া শাকের চাষ করা যায়। সারি থেকে সারি ৫০ সেমি এবং বীজ থেকে বীজের দূরত্ব ১৫ সেমি রেখে ব্যবহার করতে হয়। পার্বত্য অঞ্চলে উঙ্গ মিষ্টি

কুমড়ার বীজে পিংপড়ার আক্রমণ হওয়ার সম্ভাবনা থাকে। তাই বীজ বপন করার আগে বীজে ৫০ গ্রাম/কেজি সেভিন ৮৫ ড্রিউট পি মিশিয়ে নিলে ভাল হয়।

### পানি সেচ

বর্ষাকালে সাধারণত পানি সেচের প্রয়োজন হয় না। তবে এক নাগাড়ে বৃষ্টি না হলে ১০-১৫ দিন অন্তর পানি সেচ দেওয়া আবশ্যিক। ইউরিয়া সার উপরি প্রয়োগের পর সেব দিতে হয়।

### অন্তর্বর্তীকালীন পরিচর্যা

চারা গজানোর পর প্রত্যেক সালিতে ১৫ সেমি অন্তর ১টি চারা রাখতে হবে। নিয়মিত আগাছা পরিকার করতে হবে। মিষ্টি কুমড়া শাকের ক্ষেতে চারা অবস্থায় পামকিন বিটল এর আক্রমণ দেখা দিতে পারে। সেক্ষেত্রে ভোরবেলায় আক্রান্ত গাছ থেকে পূর্ণাঙ্গ পোকা হাতে ধরে মেরে ফেলতে হবে।

### ফসল সংগ্রহ

চারা গজানোর ৩০-৪০ দিনের মধ্যে ২.৫-৩ ফুট দীর্ঘ হলে গোড়া থেকে ২-৩টি পর্বসন্ধি রেখে শাক কেটে নিতে হয়। পরবর্তীকালে ঐ পর্বসন্ধি থেকে কুশি ছাড়ার পর ২০-৩০ দিনের মধ্যে তা আবার কাটার উপযুক্ত হয়। এভাবে ৩-৪ বার ফসল তোলা যায়। হেঁকেরপ্রতি ফলন ৬০-৭০ টন। উপরি ফলন হিসেবে প্রচুর মিষ্টি কুমড়ার ফুল পাওয়া যায় বাজারে যার ভাল চাহিদা রয়েছে।

## গীমাকলমি

পাতা জাতীয় সবজি হিসেবে এটি একটি লাভজনক ফসল। ডিটাইল 'এ' সমৃদ্ধ ও সুস্থানু এ সবজির বাজারে চাহিদা আছে।



গীমাকলমি

## গীমাকলমির জাত

### বারি গীমাকলমি-১

'বারি গীমাকলমি-১' জাতটি চাষের জন্য ১৯৮৩ সালে অনুমোদন করা হয়।

এটি একটি পাতা জাতীয় শ্বীকৃতকালীন সবজি। পাতার বৌঢ়া ও কাণ্ড সবুজ, নরম ও রসালো। পাতা ৬-৯ সেমি লম্বা এবং ৫-৮ সেমি প্রস্থ। কলমির ফুল সাদা। বীজের আবরণ শক্ত, বর্ণ ধূসর। ফলে চারটি বীজ থাকে।

উন্নত পদ্ধতিতে চাষ করলে হেষ্টেরপ্রতি ৪০-৪৫ টন ফসল পাওয়া যায়। বাংলাদেশের সর্বত্র সেচ সুবিধাযুক্ত জমিতে চাষ করা যায়। একবার বীজ ব্যবহার করে সারা বছর সবজি সঞ্চাহ করা যায়।



বারি গীমাকলমি-১ এর ফসল

## উৎপাদন প্রযুক্তি

### মাটি

পানি নিষ্কাশনের সুবিধাযুক্ত সব সকয়ের উর্বর জমি গীমাকলমি চাষের উপযোগী। তবে দোআঁশ বা পলি মাটি বেশি উপযোগী। মাটি ও জমির প্রকান্ডে ৫-৬টি চাষ ও মই দেওয়া প্রয়োজন এবং জমি গভীর করে চাষ করতে হবে।

### বপনের সময়

বছরের যে কোন সময়েই চাষ করা যেতে পারে। তৈজ মাস (মধ্য-মার্চ থেকে মধ্য-এপ্রিল) থেকে শুরু করে শ্রাবণ মাস (মধ্য-জুলাই থেকে মধ্য-আগস্ট) পর্যন্ত লাগানো যেতে পারে।

### সারের পরিমাণ

গীমাকলমির জমিতে নিম্নরূপ হারে সার প্রয়োগ করতে হয়।

সারের নাম	সারের পরিমাণ/হেক্টর
ইউরিয়া	১৪০-১৬০ কেজি
টিএসপি	১০০-১২০ কেজি
এমপি	১০০-১২০ কেজি
গোবর বা কম্পোষ্ট	৮-১০ টন

### সার প্রয়োগ পদ্ধতি

ইউরিয়া সার ৩ কিণ্টিতে যথাক্রমে ১ম, ২য় ও ৩য় বার ফসল কাটার পর প্রয়োগ করতে হবে।

### পানি সেচ

বর্ষাকালে সাধারণত পানি সেচের প্রয়োজন হয় না। তবে এক নাগাড়ে বৃষ্টি না হলে ১০-১৫ দিন অন্তর পানি সেচ দেওয়া আবশ্যিক।

### অন্তর্ভৰ্তীকালীন পরিচর্যা


চারা গজানোর পর প্রত্যেক বেডে অর্ধাং প্রতি ১৫ সেমি অন্তর ১টি করে চারা রাখতে হয়। জমি আগাছাযুক্ত রাখতে হবে।

## টেড়স

টেড়স বাংলাদেশে গ্রীষ্মকালের একটি খুবই জনপ্রিয় সবজি। টেড়স বাংলাদেশের গ্রীষ্ম ও বর্ষা মৌসুমের একটি অন্যতম প্রধান সবজি। এতে যথেষ্ট পরিমাণ ভিটামিন 'এ', 'বি', 'পি' এবং বিভিন্ন ধনিজ পদার্থ রয়েছে।



টেড়সের ফসল



টেড়সের বীজ

## টেঁড়সের জাত

### বারি টেঁড়স-১

‘বারি টেঁড়স-১’ নামে জাতটি ১৯৯৬ সালে অনুমোদন করা হয়। এ জাতের পাছে প্রায় সব পত্রকক্ষেই ফুল ও ফল থারে। গাছ ২.০-২.৫ মিটার লম্বা হয়। গাছপত্র ফলের সংখ্যা ২৫-৩০টি।

বীজ বপনের ৪৫ দিনের মধ্যে ফুল ফুটতে শুরু করে। ফল ৫ শিরা বিশিষ্ট, সবুজ এবং ১৪-১৮ সেমি লম্বা। ফুল ফোটার ৫-৬ দিনের মধ্যেই ফল সংগ্রহ করতে হয় এবং পরবর্তীকালে প্রতি ১ দিন অন্তর ফল সংগ্রহ করা যায়। পরিপূর্ণ এবং শুক বীজে বাদামী রোমশ আবরণ আছে যা এ জাতের একটি অন্যতম বৈশিষ্ট্য।

বীজের রং বাদামী। জীবন কাল বীজ বপন থেকে প্রায় ৫ মাস। উন্নত পদ্ধতিতে চাষ করলে হেষ্টেরপ্রতি ফলন ১৪-১৬ টন হয়। বাংলাদেশের সর্বত্র সারা বছরই এ জাতের চাষ করা যায়।



বারি টেঁড়স-১

## উৎপাদন প্রযুক্তি

### মাটি

দোআঁশ ও বেলে দোআঁশ মাটি টেঁড়স চাষের উপযোগী। পানি নিষ্কাশনের সুবিধা থাকলে এঁটেল মাটিতেও এর চাষ করা যায়। টেঁড়স উৎপাদনের জন্য উষ্ণ জলবায়ু প্রয়োজন। শুক ও আর্দ্র উভয় আবহাওয়ায় ভাল জন্মে। বাংলাদেশের আবহাওয়ায় প্রায় সারা বছরই টেঁড়স চাষ করা সম্ভব। তবে খরিফ মৌসুমে এর চাষাবাদ বেশি হয়।

### জমি তৈরি

ভাল ফলন পেতে হলে জমি গভীরভাবে চাষ করা প্রয়োজন। চেলা ভেঙে এবং আগাছা পরিষ্কার করে ভালভাবে জমি তৈরি করে নিতে হবে।

### বীজ বপন

সারি করে বীজ বপন করা হয়। এক্ষেত্রে সারি থেকে সারির দূরত্ব ৫০ সেমি এবং সারিতে গাছ থেকে গাছের দূরত্ব ৪০ সেমি রাখতে হয়। বপনের পূর্বে বীজ ২৪ ঘন্টা ডিজিয়ে রেখে মাঠে বপন করলে অঙ্গুরোদগম সহজে হয়।

### বপনের সময়

ফাল্গুন থেকে বৈশাখ মাস (মধ্য-ফেব্রুয়ারি থেকে মধ্য-মে)।

### বীজে হার

হেক্টরপ্রতি ৪-৫ কেজি।

### অন্তর্বর্তীকালীন পরিচর্যা

গাছের স্বাভাবিক বৃক্ষির সময় নিষ্কাশন দিয়ে আগাছা পরিষ্কার করতে হবে। পানি সেচ দেওয়ার পর জমিতে 'জো' আসলে কোদাল দিয়ে মাটির উপরের চাঁটা ভেঙে নিতে হয়। এতে মাটির ভিতরে আলো-বাতাস চুক্তে পারে এবং মাটি অনেকদিন রস ধরে রাখতে পারে। বর্ষাকালে পানি নিষ্কাশনের জন্য ২৫-৩০ সেমি উঁচু করে বেড় তৈরি করতে হবে।

## লাউ

লাউ সাধারণত শীতকালে বসতবাড়ির আশেপাশে চাষ করা হয়। বাংলাদেশে বর্তমানে প্রায় সাড়ে ৮ হাজার হেক্টর জমিতে চাষাবাদ হয় এবং প্রায় ৬৮ হাজার টন লাউ উৎপাদিত হয়। লাউয়ের পাতা ও ফুল শাক হিসেবে এবং ফল তরকারি ও ভাজি হিসেবে খাওয়া যায়।

## লাউয়ের জাত

### বারি লাউ-১

‘বারি লাউ-১’ জাতটি বাছাইয়ের মাধ্যমে উচ্চাবন করে ১৯৯৬ সালে সর্বজ চাষাবাদের অন্য অনুমোদন করা হয়।

পাতা সবুজ ও নরম। পুরুষ ও স্ত্রী ফুল বর্থাত্তমে চারা রোপণের ৪০-৪৫ দিন এবং ৬০-৬৫ দিনের মধ্যে ফুটে।

ফল হালকা সবুজ। লম্বা ৪০-৫০ সেমি, ব্যাস ৪০-৫৫ সেমি। প্রতি ফলের ওজন ১.৫-২.০ কেজি। প্রতি গাছে ১০-১২টি ফল ধরে। চারা রোপণের ৬০-৭০ দিনের মধ্যে প্রথম ফল তোলা যায়। লাউ ২-৩ দিন পর পর সংগ্রহ করতে হয়।

গ্রীষ্ম মৌসুমেও ‘বারি লাউ-১’ উৎপাদন করা যায়। এ জাতটি সারা বছরই চাষ করা যায়। জীবন কাল ১২০-১৪০ দিন। উন্নত পক্ষতিতে চাষ করলে হেক্টরপ্রতি ফলম শীতকালে ৪২-৪৫ টন এবং গ্রীষ্মকালে ২০-২২ টন।



বারি লাউ-১

## বারি লাউ-২

এ জাতের প্রধান বৈশিষ্ট্য হচ্ছে লাউ চালকুমড়া আকারের ও হালকা সবুজ রঙের। ফলটি লম্বায় ১৮-২০ সেমি এবং ব্যাস ১৪-১৫ সেমি। প্রতি ফলের গড় ওজন ১.৫ কেজি এবং গাছপ্রতি গড় ফল সংখ্যা ১৫-২০টি। চারা রোপণের ৬৫-৭৫ দিনের মধ্যে প্রথম ফল সঞ্চাহ করা যায়। লাউ কঢ়ি অবস্থায় সঞ্চাহ করলে পাহাপ্তি ফলের সংখ্যা এবং ফলন বেড়ে যায়। জাতটি মূলত শীত মৌসুমের জন্য। বাংলাদেশের সব এলাকায় এ জাতটি চাষ করা যায়। শীতকালে চাবের জন্য ভাদ্রের প্রথমে আগাম ফসল হিসেবে চাষ করা যায়। ভদ্র-অগ্রহায়ণ মাসে এ জাতের চারা রোপণ করতে হয়। জীবন কাল ১২০-১৪০ দিন। ফলন ৫০-৬০টন/হেক্টর।

এ জাতটি স্থানীয় জাতগুলোর তুলনায় উচ্চ ফলনশীল। ক্ষুক পর্যায়ে জাতের বিপরীতে ঠিক রাখতে পারলে জাতের উচ্চ ফলনশীলতা বজায় থাকবে। তাছাড়া আকর্ষণীয় আকৃতির কারণে বিদেশে এটি রপ্তানিও করা যাবে।



বারি লাউ-২

### বারি লাউ-৩

এ জাতের প্রধান বৈশিষ্ট্য হচ্ছে আগাম জাত হিসেবে চাষ করা যায়। সবুজ রঙের ফলে সাদা দাগ থাকে। গাছপতি গড় ফল সংখ্যা ১৫-১৬টি। এসব ফলের গড় ওজন ২.৭ কেজি। ফল লম্বায় ৩২-৩৪ সেমি এব ব্যাস ১২-১৪ সেমি হয়। চারা রোপণের ৭০-৮০ দিনের মধ্যে ফল সংরক্ষণ করা যায়।

বাংলাদেশের সব এলাকায় এ জাতটি চাষ করা যায়। আশ্বিন মাসে বীজ বপন এবং তাদু মাস চারা রোপণ করলে ফলন ভাল হয়। জীবন কাল ১৩০-১৫০ দিন। ফলন ৫৬-৬০ টন/হেক্টের।



বারি লাউ-৩

## বারি লাউ-৪

এ জাতের প্রধান বৈশিষ্ট্য হচ্ছে তাপ সহনশীল এবং গ্রীষ্মকালে চাষ করা যায়। গাঢ় সবুজ রঙের ফলের গায়ে সাদাটে দাগ থাকে। গাছপতি ১০-১২টি ফল পাওয়া যায় এবং ফলের গড় ওজন ২.৫ কেজি। ফল লম্বায় ৪৫-৪৭ সেমি এবং ব্যাস ১২-১৩ সেমি। চারা রোপণের ৭০-৮০ দিনের মধ্যে ফল সংগ্রহ করা যায়। জীবন কাল ১৩০-১৫০ দিন। ফলন ৮০-৮৫ টন/হেক্টর। জাতটি তাপ সহিষ্ণু হওয়ায় গ্রীষ্মকালে চাষ করে কৃষক লাভবান হতে পারে।

বাংলাদেশের সব এলাকায় এ জাতটি চাষ করা যায়। গ্রীষ্মকালে চাষের অন্য ফার্মেন্টের শেষে আগাম ফসল হিসেবে চাষ করা যায়। চৈত্র মাসে বীজ বিপন্ন করে বৈশাখ মাসে চারা রোপণ করা যায়।



বারি লাউ-৪

## উৎপাদন প্রযুক্তি

### মাটি

লাউ প্রায় সব ধরনের মাটিতে জন্মে। তবে প্রধানত দোঁআশ থেকে এঁটেঙ দোঁআশ মাটি চাষের জন্য উচ্চম।

### জলবায়ু

লাউ সাধারণত দিবস নিরপেক্ষ লভানো উচ্চিদ, ফলে বছরের অধিকাংশ সময় চারা লাগিয়ে ফসল উৎপাদন করা যায়।

### বীজ ব্যবহার ও চারা উৎপাদন

লাউ চাষের জন্য পলিথিন ব্যাগে চারা তৈরি করা উচ্চম। এতে বীজের খরচ কম লাগে। পলিথিন ব্যাগে চারা উৎপাদন করে রোপণ করলে হেষ্টেরপ্রতি ৮০০-১০০০ গ্রাম বীজের প্রয়োজন হয়।

### জমি তৈরি

আমাদের দেশে প্রধানত বসতবাড়ির আশে পাশে যেমন- গোয়াল ঘরের কিনারায় বা পুকুর পাড়ে ২-৩টি লাউ গাছ লাগানো হয়ে থাকে। বেশি পরিমাণ জমিতে লাউয়ের চাষ করতে হলে প্রথমে জমি ভালভাবে চাষ দিয়ে প্রস্তুত করতে হবে।

### চারা রোপণ

লাউ চাষের জন্য  $2 \times 2$  মিটার দূরত্বে প্রতি মাদায় ৪-৫টি বীজ বোনা উচিত। রবি মৌসুমে লাউ মাচা বিহীন অবস্থায়ও চাষ করা যায়। তবে মাচায় ফলন বেশি হয়। এ ছাড়া পানিতে ভাসমান কচুরীগানার খৃপে মাটি দিয়ে বীজ রুনেও সেখানে লাউ জন্মানো যেতে পারে।

### অন্তর্ভুক্তিনিরীক্ষণ পরিচর্যা

নিয়মিত গাছের গোড়ায় পানি সেচ দেওয়া, মাটির চট্টা ভাঙ্গা, বাউনী দেওয়া ও অন্যান্য পরিচর্যা করা বাধ্যনীয়। মাচা শক্ত করে বাঁধতে হবে।

## অন্যন্য পরিচর্যা

মাছি পোকা দমনের বিষটোপ তৈরির জন্য ১০০ গ্রাম পাকা মিষ্ঠি কুমড়া কুচি কুচি করে কেটে খেতলিয়ে ০.৫ মিলি লিটার (১২ ফোটা) নগস অথবা ডিডিভিপি ১০০ তরল এবং ১০০ মিলি পানি মিশিয়ে ছেট একটি পাত্রে রেখে ৩টি খুঁটির সাহায্যে মাটি থেকে ০.৫ মিটার উঁচুতে রাখতে হবে। খুঁটি তিনটির মাথায় অন্য একটি বড় আকারের মাটির পাত্র রাখতে হবে। বিষটোপ গরমের দিনে ২ দিন এবং শীতের দিনে ৪ দিন পর্যন্ত রাখার পর তা ফেলে দিয়ে নতুন করে আবার তৈরি করতে হবে। মাছি পোকার সংখ্যা বিবেচনা করে প্রতি হেক্টারে ২০-৪০টি বিষটোপ ব্যবহার করা যেতে পারে।



মাছি পোকার বিষ টোপ

## সীতা লাউ

### সীতা লাউয়ের জাত

#### বারি সীতা লাউ-১

সীতা লাউ একটি বহুবর্ষজীবী লতানো উদ্ভিদ। 'বারি সীতা লাউ-১' জাতটি ২০১০ সালে অনুমোদন করা হয়। সীতা লাউ বাংলাদেশের বছর পরিচিত সবজিসমূহের অন্যতম। এটির মূল কল্পাল, জাত লহালহি চার শিরা বিশিষ্ট (4-winged), পাতা উপবৃত্তাকার। ফলের তৃক হালকা সবুজ ও মসৃণ।

চারা লাগানোর ৫-৬ মাস পর ফুল আসে। ৩০ দিন পর ফল সবজি হিসেবে খাওয়ার উপযোগী হয়। সারা বছর ফল দিতে থাকে। লতানো সবজি বিধায় মাচা বা গাছের সাহায্যে ভরে জন্মে থাকে।

৫-৭ বছরের প্রতিটি গাছে বছরে ৩০-৪০টি ফল পাওয়া যাবে। প্রতি ফলের দৈর্ঘ্য ১২-১৪ সেমি এবং চওড়া ৮-৯ সেমি হয়। গড়ে প্রতিটি ফলের ওজন ৭৫০ গ্রাম হয়। যেহেতু গাছ ১০-১৫ বছর বেঁচে থাকে এবং ফল দেয় ধার জন্য মজবুত মাচা দিতে হবে।



বারি সীতা লাউ-১

## উৎপাদন প্রযুক্তি

### জলবায়ু ও মাটি

উর্বর দোআশ বা বেলে দোআশ মাটি এবং নিকাশনের সুবিধাযুক্ত উর্বর জমি সীতা লাউ চাষের জন্য সবচেয়ে বেশি উপযুক্ত। পাহাড়ের ঢালু এবং সমতল সব ধরনের মাটিতেই সীতা লাউ ভাল জন্মে। সীতা লাউ জলাবদ্ধতা সহ্য করতে পারে না।

### উৎপাদন পদ্ধতি

সীতা লাউ বীজ ও শাখা কাটিং এর মাধ্যমে উৎপাদন করা যায়। নার্সারিতে কাটিং এর মাধ্যমে চারা উৎপাদন করে নিতে হবে।

### রোপণ পদ্ধতি

জমিতে সারি থেকে সারি ৩ মিটার এবং গাছ থেকে গাছ ৩ মিটার দূরত্ব বজায় রেখে চারা রোপণ করতে হবে।

### রোপণের সময়

প্রধানত জুন-জুলাই মাস। তবে সেচের সুবিধা থাকলে বছরে যেকোন সময় রোপণ করা যায়।

### সারের পরিমাণ এবং প্রয়োগ পদ্ধতি

সারের নাম	সারের পরিমাণ/হেক্টের	প্রতি পিটে
পচা গোবর	১০০০০ কেজি	১০ কেজি
ইউরিয়া	৫০০ কেজি	৫০০ গ্রাম
টিএসপি	৪০০ কেজি	৪০০ গ্রাম
এমওপি	৩০০ কেজি	৩০০ গ্রাম
বোরন	২ কেজি	০২ গ্রাম

সমুদয় গোবর টিএসপি, অর্ধেক এমপি, বোরন এবং এক পদ্ধতামাত্রে ইউরিয়া পিট তৈরির সময় প্রয়োগ করতে হবে। বাকি এমওপি এবং ইউরিয়া ৪ কিণ্টিতে বছরে উপরি প্রয়োগ করতে হবে।

## বীজের হার

১১১১টি চারা/হেক্টর।

## অন্তর্ভূকালীন পরিচর্যা

নিয়মিত আগাছা পরিষ্কার রাখতে হবে। গাছের গোড়ার মাটি মধ্যে আলগা (Mulching) করে দিতে হবে। মাদার রস কমে গেলে সেচের ব্যবস্থা করতে হবে। গাছের বাটনির জন্য মাচা দিতে হবে। যেহেতু বছর্বর্জীবী লতানো উদ্ধিদ তাই মাচা শক্ত ও স্থায়ী অবকাঠামো হলে ভাল হয়।

## রোগবালাই

তেমন কোন রোগবালাই সমস্যা নেই।

## বিশেষ যত্ন

যেহেতু এই ফসলটি ১০-১৫ বছর বেঁচে থাকে এবং ফল দিতে থাকে সূতরাং মজবুত মাচা তৈরি, ফ্রনিং এবং ফলের আকৃতি ঠিক রাখতে কয়েকবার বোরন সার দিতে হবে।

## জীবন কাল

১০-১৫ বছর।

## ফল সংগ্রহ ও ফলন

ফুল ফোটার ২৫-৩০ দিনের মধ্যে ফল সংগ্রহ করা যায়। হেক্টরপ্রতি ৩০-৩৫ টন ফলন পাওয়া যায়।

## মিষ্টি কুমড়া

অভিজ্ঞতায় দেখা গেছে, মিষ্টি কুমড়ার সঙ্গোষ্জনক ফলন পেতে হলে উন্নত পদ্ধতিতে চাষাবাদ করতে হবে। নিম্নে মিষ্টি কুমড়ার উন্নত জাত এবং উৎপাদনের কৌশল বর্ণনা করা হলো।

## মিষ্টি কুমড়ার জাত

### বারি মিষ্টি কুমড়া-১

আগাম শীতকালীন জাত। ফল উচু গোলাকার (High round)। ফলের শীস আকর্ষণীয় গাঢ় কমলা রঙের এবং মিট্টা বেশি (টিএসএস ১১-১২%) হয়। ফলের গড় ওজন ৪.৫-৫.০ কেজি এবং হেঁটুরপ্রতি ফলন ৩০-৩৫ টন। জীবন কাল ১৫০-১৬০ দিন। ভাইরাস রোগের অতি সহনশীলতা জাতটির বিশেষ বৈশিষ্ট্য।



বারি মিষ্টি কুমড়া-১

## বারি মিষ্টি কুমড়া-২

সারা বছর চাষ উপযোগী জাত এবং কাঁচা ফল সবজি হিসেবে ব্যবহারের জন্য উত্তম। ফল চেপ্টা গোলাকৃতি (Flat round)। ফলের শাঁস গাঢ় কমলা রঙের এবং মিষ্টান্নে বেশি (টিএসএস ১০-১১%) হয়। ফলের গড় ওজন ২.৫-৩.০ কেজি এবং হেক্টরপ্রতি ফলন ২০-৩০ টন। জীবন কাল প্রায় ১০০-১১০ দিন।



বারি মিষ্টি কুমড়া-২

## উৎপাদন প্রযুক্তি

### মাটি

সূনিকাশিত জৈব পদার্থ সমৃক্ত (৫.৫-৬.৮ অঙ্গুলাযুক্ত) দোআংশ মাটি উত্তম।

### বীজ ব্যবহারের সময় ও বীজের হার

শীতকালীন ফসলের জন্য অক্টোবর-নভেম্বর এবং শ্রীমতকালীন ফসলের জন্য ফেব্রুয়ারি-মার্চ মাস পর্যন্ত বীজ বুনার উপযুক্ত সময়। বীজের হার বিঘাপ্রতি ৬৫০-৮০০ গ্রাম এবং হেক্টরপ্রতি ৫-৬ কেজি।

## চারা তৈরি ও রোপণ

নার্সারিতে পলিব্যাগে চারা তৈরি করে রোপণ করা উভয়। মাঠে ১৬-২০ দিনের চারা সাগাতে হবে। বীজ বপনের পূর্বে ১৫-২০ ঘন্টা পানিতে ভিজিয়ে রাখলে বীজের অঙ্গুরোদগম সহজ ও দ্রুত হবে।

## জমি নির্বাচন

একই জমিতে বারবার একই ফসল চাষ পরিহার করতে পারলে রোগবালাই ও পোকামাকড়ের উপদ্রব কমানো যাবে। এদের শিকড়ের যথাযথ বৃক্ষির জন্য জমি এবং গর্ত উভয়রূপে তৈরি করতে হবে।

## বেড ও গর্ত তৈরি এবং চারা রোপণ পদ্ধতি

১৫-২০ সেমি উচু, ২.৫ সেমি চওড়া এবং লম্বায় সুবিধাজনক এমন বেড তৈরি করতে হবে। গর্তের আকার হবে  $50 \times 50 \times 85$  সেমি। গর্তগুলো ২ মি. দূরে দূরে এক সারিতে হবে। গর্তের কেন্দ্র বেডের নিচের দিকের সেচ নালার কিনারা থেকে ৫৫ সেমি ভিতরের দিকে এবং বেডের তরুণ থেকে ১ মিটার দূরে হবে। দুটো বেডের মাঝখানে পর্যায়ক্রমে ৬০ সেমি এবং ৩০ সেমি নিকাশ নালা হবে।

## সারের মাত্রা ও প্রয়োগ পদ্ধতি

সারের মাত্রা ও প্রয়োগ পদ্ধতি।

সারের নাম (কেজি/বিদ্য)	সেচ পরিমাণ (কেজি/বিদ্য)	জমি তৈরির সময় (কেজি/ বিদ্য)	মানবান্তি চারা রোপনের ৭-১০ দিন পূর্বে	মানবান্তি চারা রোপনের ৮-১০ দিন পর	মানবান্তি চারা রোপনের ১০-১৫ দিন পর	মানবান্তি চারা রোপনের ১০-১৫ দিন পর	মানবান্তি চারা রোপনের ১০- ১৫ দিন পর
শজা শোবর	৩০০০	১১০০	১০ কেজি	-	-	-	-
টিএসপি	২০	১৪.০	৫০ শ্বাম	-	-	-	-
ইউবিয়া	২০	-	-	৩০ শ্বাম	৩০ শ্বাম	৩০ শ্বাম	১৯ শ্বাম
এমপি	২০	৭	৩২ শ্বাম	৩০ শ্বাম	-	-	-
জিপসাম	১০	১০	-	-	-	-	-
দক্ষা	১.৬	১.৬	-	-	-	-	-
বেবাঙ্গ	১.০	১.০	-	-	-	-	-
মাল্ডেনিয়াম অ্রাইচ	-	-	৮-১০ শ্বাম	-	-	-	-

## অন্যান্য পরিচর্যা

### সেচ

মিষ্টি কুমড়া পানির প্রতি খুবই সংবেদনশীল। বিশেষ করে ফল ধরার সময় প্রয়োজনীয় পানির অভাব হলে শতকরা ১০ ভাগ ফল বারে যেতে পারে। কাজেই প্রয়োজন অনুসারে নিয়মিত সেচ দিতে হবে। মিষ্টি কুমড়ার জমিতে প্লাবন সেচ না দিয়ে শুধু সেচ নালায় পানি দেয়া উচ্চম।

### শোষক শাখা অপসারণ

মিষ্টি কুমড়ার গাছের গোড়ার দিকে ছোট ছোট ভালপালাঙ্গলোকে শোষক শাখা বলা হয়। এগুলোকে গাছের গোড়ার দিক থেকে ৩৫-৪০ সেমি পর্যন্ত ধারালো ভেড় দিয়ে কেটে অপসারণ করতে হবে।

### ফল ধারণ বৃক্ষিতে কৃত্রিম পরাগায়ণ

কৃত্রিম পরাগায়ণের মাধ্যমে মিষ্টি কুমড়ার ফলন শতকরা ২৫-৩০ ভাগ বাঢ়ানো যায়। এর ফুল খুব সকালে ফোটে। এক্ষেত্রে কৃত্রিম পরাগায়ণ সকাল ৯.০০ ঘটিকার মধ্যে সম্পন্ন করতে হবে।

### পোকামাকড়

মাছি পোকা মিষ্টি কুমড়ার প্রধান শত্রু। এদের আক্রমণে ৫০-৭০ ভাগ ফল নষ্ট হয়ে যেতে পারে। সেক্স ফেরোমল এবং বিষটোপ ফাঁদের যৌথ ব্যবহারে সফলভাবে এই পোকা দমন করা যায়। এছাড়াও রেড পাম্পকিল বিট্ল, লিফ মাইনার এবং জাব পোকার আক্রমণ হলে সময়মত দমন করতে হবে।

### রোগবালাই

ভাইরাস এবং পাউডারী মিলডিউ মিষ্টি কুমড়ার প্রধান রোগ। এগুলো সময়মত প্রতিকারের ব্যবস্থা নিলে দমন বা নিয়ন্ত্রণে রাখা সম্ভব।

## মিষ্টি কুমড়ার কাঁচা ফলের ভক্ষণযোগ্য পরিপন্থতা

কাঁচা ফল পরাগায়ণের ২০-২৫ দিনের মধ্যে সংগ্রহ করতে হবে। ফলে সবুজ রং থাকবে এবং ফল মসৃণ ও উজ্জ্বল দেখাবে। নখ দিয়ে ফলের গাঁথে চাপ দিলে নখ সহজেই ভেতরে ঢুকে যাবে।

## পাকা ফল সংগ্রহ ও সংরক্ষণযোগ্য পরিপন্থতা

নিলিখিত বিষয়গুলো অনুসরণ করে মিষ্টিকুমড়ার পূর্ণ পরিপন্থতা নির্ধারণ করা হয়

- ফলের বৌটা খড়ের রং ধারণ করবে।
- ফলের রং হলুদ অথবা হলুদ-কমলা রং ধারণ করবে।

## পাকা ফল সংগ্রহকালী বিশেষ সতর্কতা

ফল সংগ্রহের ২/৩ সপ্তাহ পূর্বে সেচ দেয়া সম্পূর্ণ বন্ধ করতে হবে। এতে ফলের সংরক্ষণকাল বৃদ্ধি পাবে।

## ফলন

উচ্চ ফলনশীল জাত উন্নত পদ্ধতিতে চাষ করলে ৩০-৪৫ টন পর্যন্ত ফল পাওয়া সম্ভব।

## বিঙা

### বিঙার জাত

#### বাবি বিঙা-১

আকর্ষণীয় সবুজ রঙের মাঝারী লম্বা ফল। ফলের ভক্ষণযোগ্য অংশ বেশ নরম হয়ে থাকে। প্রতিটি ফলের গড় ওজন ১২৫ গ্রাম। জাতটি ভাইরাসজনিত রোগ সহনশীল। হেঁটুপ্রথম ফলন ১৬-২০ টন।

খরিফ-১ ও খরিফ-২ মৌসুমে এ জাতটি বাংলাদেশের সর্বত্র চাষ উপযোগী। ফেব্রুয়ারি-মার্চ মাস বীজ বপনের উপযুক্ত সময়। ১৭-২০ দিনের চারা মাঠে লাগানো হয়। জীবন কাল ১২০-১৪০ দিন।




বাবি বিঙা-১

## লেটুস লেটুসের জাত

### বারি লেটুস-১

বাছাই প্রক্রিয়ায় উভাবিত এটি বাংলাদেশের প্রথম লেটুসের জাত। আকর্ষণীয় সবুজ রঙের পাতা, স্থানীয় আবহাওয়ার প্রচুর পরিমাণে বীজ উৎপাদনে সক্ষম। লেটুসের পাতায় ৯৪% পানি, ১.৪% আমিষ, ২.৯% শেতসার, ০.২% প্লেহ থাকে। প্রতি ১০০ গ্রামে ৩০০-১৫০০ আন্ত একক ক্যারোটিন, ০.০৯ মিলি গ্রাম থায়ামিন, ০.১২ মিলি গ্রাম রাইবোফ্লাভিন, ০.৪ মিলি গ্রাম নায়াসিন, ১০ মিলি গ্রাম খাদ্য প্রাণ, ৫০ মিলি গ্রাম ক্যালসিয়াম এবং ২.০ মিলি গ্রাম লোহা আছে।

বাংলাদেশের সব অঞ্চলে এ জাতটি চাষ করা যায়। প্রতি গাছের ফলন ৩৫০-৪০০ গ্রাম এবং হেঁটুরপ্রতি ফলন ১৫-২০ টন।



বারি লেটুস-১

## উৎপাদন প্রযুক্তি

সালাদ হিসেবে ব্যবহৃত যত সবজি আছে তার মধ্যে লেটুসের স্থান উপরে। শীত প্রধান অঞ্চলে এটি দৈনন্দিন খাদ্য তালিকার অংশ। টাটকা অবস্থায় খাওয়া হয়ে বলে লেটুসের খাদ্য প্রাপ্ত নষ্ট হয় না, পুষ্টির দিক থেকে লেটুস একটি উৎকৃষ্ট সবজি।

### জলবায় ও মাটি

লেটুস জন্মানোর উপযোগী পানিবেশ অবস্থার সীমানা বেশ বিস্তৃত এবং জাত অনুযায়ী ভিন্ন ভিন্ন। অধিকাংশ জাত  $15-25^{\circ}$  সে. তাপমাত্রায় ভাল জন্মে। উচ্চতর তাপমাত্রায় পাতা সংখ্যায় কম ও তিক্ত হয়।  $25^{\circ}$  সে. এর উপরে গাছ দ্রুত ফুল উৎপাদন করে। ইউরোপে শীতকালে কাঁচঘরে (Green house) লেটুস জন্মাতে হয়। তাপমাত্রা অধিক প্রথর হলে পাতা পুড়ে (Trip burn) যায়। লেটুসের জন্য সুনিকাশিত দোর্বাল মাটি সবচেয়ে উপযোগী (অনুকূল অনুভূতা  $5.8-6.6$ )। বাংলাদেশে কেবল রবি মৌসুমে, বিশেষভাবে নভেম্বর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত লেটুসের চাষ করা সম্ভব।

### জীবন কাল

৫০-৫৫ দিন।

### চারা উৎপাদন ও বয়স

বীজ তলায়  $5 \times 5$  সেমি দূরত্বে বীজ বপন করে চারা উৎপাদন করা হয়।  $20-22$  দিনের চারা বীজ তলায় উৎপাদন করে মূল জমিতে রোপণ করতে হয়।

### বীজ বপন পদ্ধতি

বীজ সরাসরি ছিটিয়ে বা চারা রোপণ করে লেটুসের চাষ করা যায়। জাতভেদে  $40-45$  সেমি দূরত্বে সারি করে একটু ঘনভাবে বীজ বোনা যায়। পরবর্তী সময় দুটি গাছের মধ্যে  $25-30$  সেমি ব্যবধান থাকে। বৃষ্টির মৌসুম শেষ না হলে এ পদ্ধতি সুইকৃতি। আগাম মৌসুমে বৃহদাকার জাত চাষ করতে হলে চারা রোপণ উন্নত। এ পদ্ধতিতে হেঠেরপ্রতি  $200$  গ্রাম বীজ  $3 \times 1$  মিটারের  $25$  টি হাপোরে বুনতে হবে। চারার বয়স  $30-40$  দিন হলে চারা  $80-85 \times 25$  সেমি দূরত্বে রোপণ করা হয়।

উল্লেখ্য  $30^{\circ}$  সে. তাপমাত্রার উপরে লেটুসের বীজ সহজে অঙ্কুরিত হয় না। বোনার পূর্বে ভেজা বীজ  $4-6^{\circ}$  সে তাপমাত্রায় ৩-৫ দিন রাখলে এ অসুবিধা দূর হয়। বর্তমানে বাংলাদেশে অতি সীমিত আকারে লেটুসের চাষ হয়। এদেশে ক্রিস্পহেড, বাটার হেড ও টিলে পাতা শ্রেণির লেটুস জন্মানো হয়।

### সারের মাত্রা ও প্রয়োগ পদ্ধতি

লেটুসের জন্য হেঁটুরপ্তি ১০ টন গোবর, ২০০ কেজি ইউরিয়া, ৭৫ কেজি টিএসপি এবং এমওপি সুপারিশ করা হয়। স্বল্পমেয়াদি ফসল বিধায় সব সার ফসল লাগানোর পূর্বে মাটির সাথে মিশিয়ে দেয়া হয়। তবে পরিস্থিতিভেদে ইউরিয়া এক অংশ উপরি প্রয়োগ করতে হয়। ফসলে নিয়মিত সেচ দিতে হবে।

### ফসল সংগ্রহ

লেটুসের ফসল সংগ্রহের সুনির্দিষ্ট সময় নেই, মাথা বাঁধার পর সংগ্রহ করতে হবে। টিলে পাতা জাত একবারে অথবা নিচের দিক থেকে তুমাস্বয়ে পাতা সংগ্রহ করা যেতে পারে।

### ফলন

হেঁটুরপ্তি ২০-৩৫ টন।

## বরবটি বরবটির জাত

### বারি বরবটি-১

এ জাতের গাছ গাঢ় সবুজ বর্ণের এবং লম্বায় ৪৫ সেমি হয়। প্রতিটি গাছে ৬০-৭০টি বরবটি ধরে এবং পাকার পূর্বক্ষণ পর্যন্ত নরম থাকে, খেতে সুস্বাদু। বীজ বপনের ৬০-৭০ দিন পর বরবটি সঞ্চাহ করা যায়। বাংলাদেশের সব অঞ্চলে এ জাতটির চাষ করা যায়। ফার্ম-আখিল মাসে এ জাতের বীজ বপন করতে হয়। জীবন কাল ২০০-২২০ দিন হয়। ফলন ১৫-২০ টন/হেক্টর। এ জাতটি পাউডারী ও ডাউনি মিলডিউ রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন। অন্যান্য রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ কম হয়।

উচ্চ ফলনশীল বিধায় এর চাষাবাদ অত্যন্ত লাভজনক। এতে প্রচুর পরিমাণে প্রোটিন থাকে।



বারি বরবটি-১

## করলা

### করলার জাত

#### বাবি করলা-১

ফল গাঢ় সবুজ রঙের। ফল লম্বায় ১৭-১৮ সেমি এবং ব্যাস ৪-৫ সেমি। প্রতি ফলের গড় ওজন ১০০ গ্রাম এবং গাছপ্রতি প্রায় ৩৫-৪০টি ফল থারে। চারা রোপণের ৫৫-৬০ দিনের মধ্যে প্রথম ফল তোলা যায়। ফলন গড়ে ২৪-২৭ টন/হেক্টর।



বাবি করলা-১

## চালকুমড়া

### চালকুমড়ার জাত

#### বারি চালকুমড়া-১

উচ্চ ফলনশীল এ জাতটি লতানো প্রকৃতির এবং পাতা সবুজ রঙের। পুরুষ ও স্ত্রী ফুল যথাক্রমে রোপণের ৪০-৪৫ দিন এবং ৫৫-৬০ দিনের মধ্যে ফোটে। সবুজ রঙের ফলের আকৃতি মাঝারী লম্বাকৃতির ১৮-২০ সেমি। গাছপাতি ১০-১২টি ফল ধরে এবং প্রতি ফলের ওজন ১-১.২ কেজি। চারা রোপণের ৬৫-৭০ দিনের মধ্যে প্রথম ফল সংগ্রহ করা যায়। চালকুমড়া ২-৩ দিন পর পর সংগ্রহ করতে হয়। চালকুমড়া কঢ়ি অবস্থার যত বেশি সংগ্রহ করা যায় তত বেশি গাছে ফল ধরে। বারি চালকুমড়া-১ শ্রীলঙ্কা মওসুমের জাত। এটি উচ্চ তাপ ও অতি বৃষ্টি সহ্যি এবং এ জাতটি বৃষ্টি প্রবণ এলাকায় চাষ করা যায়।

বাংলাদেশের সব এলাকায় ফালুন মাস থেকে আশ্বিন মাস পর্যন্ত এ জাতটি চাষ করা যায়। ফালুনের মাঝামাঝী সময়ে চারা লাগাতে হয়। জীবন কাল ১২০-১৪০ দিন। ফলন ২৫-৩০ টন/হেক্টর।



বারি চালকুমড়া-১

## পটল

### পটলের জাত

#### বারি পটল-১

ফলের আকার মাঝারী, সিলিভারাকৃতি ও দু'প্রান্ত ভোতা। ফলের রং গাঢ় সবুজ, গায়ে ৯-১০টি হালকা সবুজ রঞ্জের ডোরা থাকে। ফল ৯-১০ সেমি লম্বা এবং ব্যাস ৪-৪.৫ সেমি। প্রতিটি ফলের ওজন ৫০ গ্রাম। শাখা কলম লাগাবার ৯০ দিনের মধ্যে ফল সংগ্রহ করা যায়। প্রতি গাছে ৩৮০টি ফল ধরে যার ওজন প্রায় ১৪ কেজি। হেঁটেরপ্রতি ফলন ৩৮ টন। এ জাতটি উচ্চ ফলমশীল, রোগবালাই সহিষ্ণু এবং তাড়াতাড়ি ফলন দেয়।



বারি পটল-১

## বারি পটল-২

ফলের আকার বড়, পিলিভারাকৃতি ও দু'প্রান্ত সূচালো। ফলের ঋং হালকা সবুজ, গায়ে ১০-১১টি সাদা রঞ্জের ডোরা থাকে। ফল ১১-১২ সেমি লম্বা এবং বেড় ৩.৫-৪.০ সেমি। প্রতিটি ফলের ওজন প্রায় ৫৫ গ্রাম। জমিতে শাখা-কলম লাগাবার ৯৫ দিনের মধ্যেই পটল সংগ্রহ করা যায়। প্রতি গাছে সর্বোচ্চ ২৪০টি ফল ধরে যাব ওজন প্রায় ১০ কেজি। হেক্টরপ্রতি ফলম ৩০ টন। এ জাতটি থেকে অনেকদিন ফসল সংগ্রহ করা যায়।



বারি পটল-২

## পুইশাক

### পুইশাকের জাত

#### বারি পুইশাক-১

চারা অবস্থায় পুরো গাছটাই সবুজ থাকে। বয়স বাড়ার সাথে সাথে কাণ্ড এবং পাতার শিরা হালকা বেগুনী বর্ণের হয়। পাতা বড়, নরম ও সবুজ বর্ণের হয়। অধিক শাখা-প্রশাখা যুক্ত, ঘন ঘন সংঘর্ষণযোগী উচ্চ ফলনশীল জাত। খরিপ মৌসুমে বাংলাদেশের সর্বজন চাষের উপযোগী। চৈত-ভাদ্র মাসে রোপণ করা যায়। বপন থেকে সংগ্রহ পর্যন্ত জীবন কাল ৫০-৯০ দিন। ফলন ৬-৭ টন/বিঘা।

এ জাতটি আংশিক ছায়া ও লবণাক্ততা প্রতিরোধী।



বারি পুইশাক-১

## বারি পুইশাক-২

স্থানীয়ভাবে সংগৃহীত এবং নির্বাচনের মাধ্যমে উদ্ভাবিত। চারা অবস্থার পুরো গাছ সবুজ রঙের ধাকে। পাতা বড়, নরম ও সবুজ বর্ণের হয়। মধ্যম শাখা-প্রশাখাযুক্ত, কাণ্টি (শাখা) বেশ মোটা ও মাংসল এবং ঘন ঘন পাতা সঞ্চাহপযোগী উচ্চ ফলনশীল জাত। খরিক মৌসুমে বাংলাদেশের সর্বত্র চাষের উপযোগী। চৈত-ভাদ্র মাসে সরাসরি বীজ বপন ও চারা উত্তোলনের মাধ্যমে চাষ করা যায়। বপন থেকে সঞ্চাহ পর্যন্ত জীবন কাল ৬০-৯০ দিন। ফলন ৫৮-৬০ টন/হেক্টর।

জাতটি আধিক ছায়া ও লবণাক্ততা প্রতিরোধী। পাতসহ কাও কেটে ভক্ষণ ও বাজারে বিক্রি করা যায়।



বারি পুইশাক-২

## ডঁটা

### ডঁটার জাত

#### বাবি ডঁটা-১ (লাবণী)

কাও খাড়া হালকা বেগুনী রঙের, নরম ও কম আশযুক্ত। পাতার নিচের অংশ গাঢ় বেগুনী এবং উপরের অংশ গাঢ় সবুজ রঙের। দ্রুত বর্ধনশীল জাত। বীজ বপনের ৪০-৪৫ দিনের মধ্যেই খাওয়ার উপযোগী হয়। বীজ ডিম্বাকৃতি উজ্জ্বল কালো বর্ণের। খরিক মৌসুমে বাংলাদেশের সর্বজ্য চাষের উপযোগী। চৈত্র-আশাঢ় মাসে বপন করতে হয়। জীবন কাল ৫০-৬০ দিন। ফলন ৫-৬ টন/বিঘা।

জাতটি দ্রুত বর্ধনশীল এবং খেতে সুস্থানু। রোগবালাই প্রতিরোধী।



বাবি ডঁটা-১

## বারি ডঁটা-২

দেশের বিভিন্ন অঞ্চল থেকে সংগৃহীত কৌলিসম্পদের মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত একক গাছ থেকে উৎপাদিত। কাণ্ড খাড়া, নিচের দুই তৃতীয়াংশ হালকা বেগুনী এবং উপরের অংশ গাঢ় সবুজ রঙের। কাণ্ড নরম ও কম আঁশযুক্ত। পাতার উপরের অংশ হালকা রঙের। স্ফুর্ত বর্ধনশীল জাত। বীজ বগনের ৪০-৪৫ দিনের মধ্যে খাওয়ার উপযোগী হয়। বীজ ডিম্বাকৃতি উজ্জ্বল কালো বর্ণের। অরিফ মৌসুমে বাংলাদেশের সর্বত্র চাষের উপযোগী। চৈত্র-আষাঢ় মাসে বপন করতে হয়। জীবন কাল শাক হিসেবে: বীজ বুনার ৪০-৪৫ দিন পর্যন্ত। ডঁটা হিসেবে: বীজ বুনার ৬০-৭০ দিন। বীজের জন্য: বীজ বুনার ১২৫-১৪০ দিন পর্যন্ত। ফলন ৩০-৩২ টন/হেক্টের।

বীজ বগনের ২৫ দিন পর থেকেই খাওয়ার উপযোগী হয় এবং থেতে সুস্থানু।  
রোগবালাই প্রতিরোধী।



বারি ডঁটা-২

## মিষ্টি মরিচ মিষ্টি মরিচের জাত

### বারি মিষ্টি মরিচ-১

এ জাতটি অনেকটা মাঝারী খোপালো আকৃতির এবং উচ্চতায় ৭০-৭৫ সেমি হয়। প্রতি গাছে ৭-৯টি ফল ধরে এবং ফলের গড় ওজন ৭৫-৮৫ গ্রাম। বড় আকৃতিয়া  
Bell shaped চকচকে সবুজ ফল, পাকলে গাঢ় লাল বর্ণ ধারণ করে। চারা  
লাগানোর ৬০ দিন পর ফুল আসতে শুরু করে এবং ৩০-৪০ দিন ধরে ফল সংগ্রহ  
করা যায়। বড় বড় সুপার সপ কিংবা মার্কেটে মিষ্টি মরিচ সাধারণত ক্যাপসিকাম  
নামে বিক্রয় করা হয়।

ক্যাপসিকাম বাংলাদেশে সবজি চাষের এলাকায় চাষাবাদের উপযুক্ত। মান সম্মত  
ক্যাপসিকাম উৎপাদনের জন্য ১৬-২৫° সে. তাপমাত্রা ও শুষ্ক পরিবেশ সবচেয়ে  
উপযোগী। গড়ে তাপমাত্রা ১৬-২১° সে. এর কম বা বেশি হলে গাছের বৃক্ষি ব্যাহত  
হয়। পলিথিন ছাউনি, পলি হাউস, পলি ভিনাল হাউসে গাছ লাগালে গাছের বৃক্ষি  
ভাল হয় এবং ফলন আশানুরূপ হয়। আধিন (অঞ্চোবর) মাসে বীজ ব্যবহার করে  
কার্তিক (নভেম্বর) মাসে চারা রোপণ করলে ভাল ফলন পাওয়া যায়। জীবন কাল  
১২৫-১৩৫ দিন। ফলন ১৪-১৫ টন/হেক্টেক্টের।



বারি মিষ্টি মরিচ-১

## উৎপাদন প্রযুক্তি

মিষ্টি মরিচ আমাদের দেশে একটি সম্ভাবনাময় মূল্যবান সবজি। বড় বড় শহরের আশে পাশে কৃষকরা এর চাষ করে থাকে যা পাঁচতারা হোটেল ও বিভিন্ন সুপার মার্কেটে বিক্রি হয়ে থাকে। আমাদের দেশে ক্রমান্বয়ে ক্যাপসিকামের উৎপাদন ও চাইদিবা বেড়ে চলেছে। মিষ্টি মরিচের রঙালি সম্ভাবনাও প্রচুর রয়েছে। বিশ্বের অনেক দেশেই মিষ্টি মরিচ একটি জনপ্রিয় সবজি হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। বিশ্বে টমেটোর পরে দ্বিতীয় গুরুত্বপূর্ণ সবজি হচ্ছে মিষ্টি মরিচ।

### জলবায়ু ও মাটি

- মানসম্মত ক্যাপসিকাম উৎপাদনের জন্য  $16-25^{\circ}$  সে. তাপমাত্রা ও শুক্র পরিবেশ সবচেয়ে উপযোগী। রাতের তাপমাত্রা  $16-21^{\circ}$  সে. এর কম বা বেশি হলে গাছের বৃক্ষি ব্যাহত হয়, ফুল করে পড়ে, ফলন ও মান কমে যায় কোন কোন ক্ষেত্রে একেবারেই ফলন হয় না।
- গাছের ঘাভাবিক বৃক্ষির জন্য পলিথিন ছাউনি, পলি হাউস, পলিভিনাইল হাউসে গাছ লাগালে রাতে ভিতরের তাপমাত্রা বাহির অপেক্ষা বেশি থাকে।
- ফুল এবং ফল ধারণ দিবস দৈর্ঘ্য দ্বারা প্রভাবিত হয় না। কিন্তু আলোর তীব্রতা এবং অর্দ্ধতা ফল ধারণে প্রভাব ফেলে।
- সুনিষ্কাশিত দোআশ বা বেলে দোআশ মাটি মিষ্টি মরিচ চাষের জন্য উত্তম।
- মিষ্টি মরিচের জন্য মাটির অঙ্ক/ক্ষারত্ত  $5.5-7.0$  এর মধ্যে হওয়া বাস্তুনীয়।

### জীবন কাল

জাত ও মৌসুমভেদে মিষ্টি মরিচের জীবন কাল ১২০ থেকে ১৪০ দিন পর্যন্ত হয়ে থাকে।

### বীজ ব্যবনের সময়

অক্টোবর থেকে নভেম্বর মাস।

## বীজের মাত্রা

প্রায় ১৬০টি বীজ (এক গ্রাম বীজে) থাকে। অঙ্গুরোদগমের হার ৯০% এবং বাঁচার হার ৯০% বিবেচনায় প্রতি হেক্টের বীজের পরিমাণ ২৩০ গ্রাম এবং চারার সংখ্যা ৩০,০০০ প্রয়োজন।

## চারা উৎপাদন

- সুনিষ্কাশিত উচু বীজ তলায় মাটি মিহি করে  $10 \times 2$  সেমি দূরে দূরে বীজ বপন করে হালকাভাবে মাটি দিয়ে ঢেকে দিতে হবে।
- বীজ গজাতে ৩-৪ দিন সময় লাগে। বীজ বপনের ৭-১০ দিন পর চারা ৩-৪ পাতা বিশিষ্ট হলে  $9 \times 12$  সেমি আকারের পলি ব্যাগে স্থানান্তর করতে হবে।
- পটি মিডিয়াতে ৩৪১৪১ অনুপাতে যথাক্রমে মাটি, কম্পোস্ট এবং বালি মিশাতে হবে।
- পরে পলিব্যাগ ছায়াযুক্ত স্থানে স্থানান্তর করতে হবে, যাতে প্রথর সূর্যালোকে এবং বড় বৃষ্টি আঘাত হানতে না পারে।

## জমি তৈরি ও চারা রোপণ

- ভালভাবে চাষ ও মই দিয়ে জমি তৈরি করতে হবে যাতে জমিতে বড় বড় চেলা এবং আগাছা না থাকে।
- নভেম্বরের শেষ সপ্তাহ হতে জানুয়ারির প্রথম সপ্তাহ পর্যন্ত রাতের তাপমাত্রা অনেক কমে যায়। এ সময় গাছের দৈহিক বৃক্ষি ব্যাহত হয়। কাজেই গাছের স্বাভাবিক বৃক্ষির জন্য নাইলন নেট এবং পলিথিন ছাউনিতে গাছ লাগালে রাতে ভিতরের তাপমাত্রা বাহির অপেক্ষা বেশি থাকে এবং গাছের দৈহিক বৃক্ষি স্বাভাবিক হয়।

## সারের পরিমাণ ও প্রয়োগ পদ্ধতি

ক্যাপসিকাম চাষে হেষ্টেরপ্রতি সার প্রয়োগের পরিমাণ ও প্রয়োগ পদ্ধতি (কেজি/হেষ্টের)

সার	মোট পরিমাণ	শেষ চাষের সময়	পিটে বা গর্তে	উপরি প্রয়োগ	
				চারা রোপণের ২৫ দিন পর	চারা রোপণের ৫০ দিন পর
গোবর/কম্পেস্ট	১০০০০	৫০০০	৫০০০	-	-
ইউরিয়া	২৫০		৮৩.৩৪	৮৩.৩৩	৮৩.৩৩
টিএসপি	৩৫০	৩৫০	-	-	-
এম ও পি	২৫০	-	৮৩.৩৪	৮৩.৩৩	৮৩.৩৩
জিপসাম	১১০	১১০	-	-	-
জিঙ্ক অক্সাইড	৫	৫	-	-	-

## সেচ প্রয়োগ

জমিতে প্রয়োজন হত সেচ দিতে হবে। আবার অভিযোগ সেচ দিলে তলে পড়া রোপ দেখা দিতে পারে। অভিযোগ বৃষ্টির ফলে যাতে জলাবদ্ধতা সৃষ্টি না হয় সে জন্য সুরক্ষা নিকাশ ব্যবস্থা করতে হবে।

## খুঁটি

কোন কোন জাতে ফল ধরা অবস্থায় খুঁটি দিতে হয় যাতে গাছ ফলের ভারে হেলে না পড়ে।

## আগাছা দমন

আগাছানাশক বা হাত দিয়ে অথবা নিড়ানি দিয়ে আগাছা দমন করতে হবে।

### ফসল তোলা

- মিষ্টি মরিচ সাধারণত পরিপন্থ সবুজ অবস্থায় লালচে হওয়ার পূর্বেই মাঠ থেকে উঠানে হয়।
- সবজি ও সেচ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরআই এর বিজ্ঞানীগণ যৌথভাবে পলি হাউজের ভিতরে তাপমাত্রা নিয়ন্ত্রণ করে এবং ফার্টিগেশন পদ্ধতিতে সাফল্যজনকভাবে ক্যাপসিকাম উৎপাদন করেছেন।

### ফলন

উন্নত ব্যবস্থাপনার মাধ্যমে চাষাবাদ করলে বারি মিষ্টি মরিচ-১ জাতে হেষ্টেরঞ্জি ১২-১৫ টন ফলন দেয়।

## শালগমের সার ব্যবস্থাপনা

শালগম বাংলাদেশে খুব সুপরিচিত একটি সবজি। বাংলাদেশে প্রায় সব জায়গায় সাফল্যজনকভাবে চাষ করা যায়। তবে পানি নিষ্কাশনের সুব্যবস্থা থাকতে হবে। শালগম পৃষ্ঠিসমৃদ্ধ সবজি এতে প্রোটিন, শর্করা, মিনারেল, ভিটামিন  $B_1$ ,  $B_2$  ভিটামিন C, আয়রন ও ক্যালসিয়াম বিদ্যমান। সার প্রয়োগের উভাবিত প্রযুক্তির ফলে শালগমের ফলন বৃদ্ধি পাবে। এতে উৎপাদন খরচ কমবে, সারের অসম প্রয়োগ দূর হবে এবং মাটি দূষণ রোধ করবে।

বিষয়	বিবরণ
ফসল	শালগম
জাত	হানীয়
বীজ বপনের সময়	অক্টোবর
চারা রোপণের সময়	ডিসেম্বর
রোপণ পদ্ধতি	সাধারণত ৪৫ সেমি $\times$ ৩০ সেমি দূরত্বে রোপণ করতে হয়
সারের মাত্রা (কেজি/হেক্টের)	
গাজীপুরের জন্য	
ইউরিয়া	২০৬
টিএসপি	২২০
এমওপি	২০৮
জিপসাম	৮৫
সারের মাত্রা (কেজি/হেক্টের)	
ঘোরাবের জন্য	
ইউরিয়া	২০০
টিএসপি	২২০
এমওপি	১০০
জিপসাম	১০০

বিষয়	বিবরণ
সার প্রয়োগ পদ্ধতি	শেষ চাষের সময় তিন ভাগের এক ভাগ ইউরিয়া, টিএসপি, এমওপি ও জিপসাম প্রয়োগ করতে হবে। বাকি ইউরিয়া সমান ২ ভাগে ভাগ করে চারা গাজানোর ২০ ও ৩০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে।
সেচ প্রয়োগ পদ্ধতি	ইউরিয়া সার প্রয়োগ অনুসারে জমিতে সেচ দিতে হবে।
অন্তর্বর্তীকালীন পরিচর্যা	আগাছা পরিষ্কার করতে হবে। রোগবালাই দমনের জন্য ব্যাভিস্টন ২ গ্রাম/১ লিটার পানিতে মিশিয়ে ২ বার (২০ ও ২৫ দিন পর) প্রয়োগ করতে হবে।
ফসল সংগ্রহ	ফেন্স্যারি থেকে মার্চ।

